182. Nh. 83.1

কবিবর গে সাহেব রচিত

ইংরাজী ভাষাভ[illegible]

ইতিহাসচয়ঃ

ীয় রাজকীয় পারিস্ নগরাদিস্বদেশ সম্বন্ধীয়

সভাধ্যক্ষেক—

শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর কৃত

গৌড়ীয়ভাষয়া পয়ারপ্রবন্ধানুবাদঃসমূল

কলিকাতা

শোভাবাজারস্থ রাজযন্ত্রমুদ্রাকরেণ

প্রকাশিতঃ

১৭৫৭

1 2N
353

co XVI u 25

TO

THE RIGHT HONORABLE

G. LORD AUCKLAND,

G. C. B.

GOVERNOR-GENERAL

OF

INDIA,

&c. &c. &c.

THIS VERSION

IS MOST RESPECTFULLY INSCRIBED

(WITH PERMISSION)

BY

HIS LORDSHIP'S

VERY HUMBLE AND OBEDIENT SERVANT,

KALI-KRISHNA.

হিত সংগ্রহঃ

অর্থাৎ

গে সাহেব বিরচিতেতিহাসঃ ।

বঙ্গভাষা ভাষিত প্রসঙ্গ সঙ্গতিকৃত তদীয়ানুবাদিত পয়ার প্রবন্ধ

মহামহিমাখণ্ড দোর্দ্দণ্ড প্রতাপ প্রচণ্ড

ইংলণ্ডাধিপ সচিব

শ্রীলশ্রীমজ্জর্জ লার্ড আক্‌লণ্ড

ভরৎখণ্ডীয়

গবরনর্ জানরেল্ বাহাদুরস্যানুমত্যা

শ্রীকালীকৃষ্ণ দেবকর্তৃক

তন্মহোদয় নামোদ্দেশে

প্রতিষ্ঠিতঃ ।

182. Nh. 83.1.

কবিবর গে সাহেব রচিত

ইংরাজী ভাষাভাষিত

ইতিহাসচয়ঃ

ইংলণ্ডীয় রাজকীয় পারিস্ নগরাদিবঙ্গদেশ সম্বন্ধীয়

সভাধ্যক্ষৈক

শ্রীমন্মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর কৃত

গৌড়ীয়ভাষয়া পয়ারপ্রবন্ধানুবাদঃসমূল

কলিকাতা

শোভাবাজারস্থ রাজযন্ত্রমুদ্রাকরেণ

প্রকাশিতঃ

১৭৫৭

12N
353

To XVI u 25

THE RIGHT HONORABLE

G. LORD AUCKLAND,

G. C. B.

GOVERNOR-GENERAL

OF

INDIA,

&c. &c. &c.

THIS VERSION

IS MOST RESPECTFULLY INSCRIBED

(WITH PERMISSION)

BY

HIS LORDSHIP'S

VERY HUMBLE AND OBEDIENT SERVANT,

KALI-KRISHNA.

হিত সংগ্রহঃ

অর্থাৎ

গে সাহেব বিরচিতেতিহাসঃ ।

বঙ্গভাষা ভাষিত প্রসঙ্গ সঙ্গতিকৃত তদীয়ানুবাদিত পয়ার প্রবন্ধ

মহামহিমাখণ্ড দোর্দ্দণ্ড প্রতাপ প্রচণ্ড

ইংলণ্ডাধিপ সচিব

শ্রীলশ্রীমজ্জর্জ লার্ড ওকলণ্ড

ভরৎখণ্ডীয়

গবরনর্ জানরেল্ বাহাদুরস্যানুমত্যা

শ্রীকালীকৃষ্ণ দেবকর্তৃক

তন্মহোদয় নাম্নোদ্দেশে

প্রতিষ্ঠিতঃ ।

PREFACE.

The Translator of these Fables, in giving publicity to them, begs to state to his Readers the difficulty and labour which he has had to encounter in giving a correct version. It has been his care, first to retain the sense of the Author Mr. Gay, as expressed in the original, and to make the *Bengáli* correspond with it without enlarging or curtailing the lines; secondly, to preserve as far as possible the rhyming; and thirdly, to preserve the metre, by contracting the words in each line into *fourteen letters*, except where the addition or subtraction of a letter has been indispensable. Such Poetical feet as are here employed, are styled *Anustup*, or rhyming Verse, where every distich has an even measure or equal number of syllables.

Appreciating as the Translator does, the valuable assistance he has received in the completion of this *Bengáli* version; he feels it his duty, to acknowledge the service of his coadjutant Pandit, from whom he has received so much assistance, and to whom he is consequently so highly indebted.

For such omission or errors as may be discovered in these pages, the Translator relies on the generosity of his Readers, who, he hopes, will have the kindness to cover them with the mantle of oblivion.

The Fables in question, have been put into *Bengàli* by the Translator, not only at the repeated request of some of his literary friends; but from the idea he entertained, that the Work would be acceptable to his Readers, and amusing to the Young in the prosecution of their studies.

KALI-KRISHNA.

অনুষ্ঠানপত্রিকা।

" দেবেন্দ্র মৌলিমন্দার মকরন্দ কণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব চরণাম্বুজরেণবঃ ॥"

ঈদৃশ ইতিহাসচয় গৌড়ীয়বচন রচনে যে পরিশ্রম তাহা গুণজ্ঞ বিজ্ঞ সদাশয় পাঠকগণ অনুমান করিবেন।

অনুবাদকের স্বল্পবুদ্ধ্যনুসারে এবং পণ্ডিত সহকারে নিরন্তর বহুতর যত্নে গে সাহেব প্রণীত কবিতার যথার্থ ভাবোদ্ধার করণক বঙ্গভাষানুরোধে পয়ার প্রবন্ধে অনুষ্টুপচ্ছন্দে আদ্যন্ত বর্ণের সংযোগ বিয়োগ বিরহে এবং ন্যূনাতিরিক্ত প্রসক্তি পঙ্ক্তি রাহিত্যে মূলগ্রন্থাভাব সহ ঐক্যমত প্রকটিত হইল।

অতএব প্রার্থনা যে পাঠকবর্গমহাশয় অনুগ্রহপ্রচারে স্বাভাবিক আত্ম মহত্ত্ব বিস্তারে তদ্দোষ মার্জ্জনা করত সংস্কৃতোদ্ধৃত শ্লোকান্তর্গতবচন স্মরণপূর্ব্বক বাধিত করিবেন। যথা।
" অনুকূলে পুনস্তস্মিন্ দোষাঽপিচ গুণায়তে।"

অপিচ এতদ্গ্রন্থ গুণনিপুণ সুজন মিত্রগণের পরামর্শে এবং স্বীয়ায়াস মানসে এতৎ পাঠার্থি সকলের সন্তোষ আর ছাত্রদিগের বিদ্যামোদন কারণ রূপান্তর পুরঃসর তন্মূল ইংরাজী সহিত মুদ্রিত হইল।

শ্রীকালীকৃষ্ণ দেবস্য।

অনুক্রমণিকা।

প্রথম খণ্ড।

ইতিহাস।	পত্রাঙ্ক।
কৃষী ও বিজ্ঞবর	১
সিংহ ও ব্যাঘ্র এবং পথিক	৫
কুক্কুর ও কৃকলাশ	৮
মাতা ও ধাত্রী এবং পক্ষিণী	১০
উৎক্রোশপক্ষী ও জন্তুসভা	১১
বন্যশূকর ও মেষ	১৩
কৃপণ ও কুবের	১৪
সিংহ ও উল্কামুখী এবং হংসী	১৭
মান্যাস্ত্রী এবং বরট্টা	১৮
বৃষ এবং পাহাড়িয়া কুক্কুর	২১
হস্তী এবং পুস্তকবিক্রয়কারী	২২
ময়ূর ও পেরু এবং হংস	২৫
কামদেব ও প্রজাপতি এবং কুবের	২৭
কোন পালিত হরিণ	২৯
পৃথিবী ভ্রমণকারি বানর	৩১
কোন বহুদর্শী এবং বন্যকুক্কুটচয়	৩৩
আল্পীন্ এবং সূচি	৩৫
মেষপালের কুক্কুর এবং বৃক	৩৭
কোন চিত্রকর কাহাকে তুষ্ট করে নাই কিন্তু সকলকেই তুষ্ট করিয়াছিল	৩৯
সিংহ এবং তাহার শাবক	৪১

ইতিহাস।	পত্রাঙ্ক।
বৃদ্ধাকুক্কুটী এবং কুক্কুট	৪৩
ইন্দুর বদ্ধকারক এবং বিড়ালগণ	৪৫
শ্মশ্রু রহিত ছাগ	৪৭
বৃদ্ধাস্ত্রী এবং তাহার বিড়ালসকল	৫০
প্রজাপতী এবং শম্বূক	৫২
ব্যাপিকাস্ত্রী এবং শুকপক্ষী	৫৩
ক্ষুদ্র এবং বৃহজ্জাতীয় কুক্কুর	৫৫
পীড়িতব্যক্তি এবং ঈশ্বরদূত	৫৭
পারসীদেশস্থলোক ও সূর্য্য এবং মেঘ	৫৯
নির্ধন সময়ের বৃক	৬০
পালিত কুক্কুর এবং তিত্তিরপক্ষী	৬২
জগদ্ব্যাপিকা মায়া	৬৪
পেচকদ্বয় এবং চটক	৬৬
রাজসভাস্থলোক এবং বরুণপুত্র	৬৮
কুক্কুরসকল	৭০
যবের কাঁড়ি এবং গোবরের ঢিপি	৭২
পাইথাগোরাস্ এবং পল্লিগ্রামস্থলোক	৭৪
চাসার স্ত্রী এবং দাঁড়কাক	৭৫
পেরু এবং পিপীলিকা	৭৭
পিতা এবং দেবতা	৭৯

ইতিহাস।	পত্রাঙ্ক।
দুই বানর	৮১
পেচক এবং কৃষী	৮৩
ঐন্দ্রজালিকসকল	৮৫
অশ্বসভা	৮৮
সিকারি কুক্কুর এবং ব্যাধ	৯১
কবী এবং গুলাব পুষ্প	৯২
কুক্কুর ও ঘোটক এবং রাখালের কুক্কুর	৯৪
যমের সভা	৯৬
উদ্যানপালক এবং শূকর	৯৮
মনষ্য এবং মক্ষিকা	১০০
শশক এবং বন্ধুগণ	১০২

দ্বিতীয় খণ্ড।

ইতিহাস।	পত্রাঙ্ক।
কুক্কুর এবং উল্কামুখী	১০৫
গৃধ্র ও চটক এবং অন্যান্য পক্ষিচয়	১০৯
বানর এবং ক্ষুদ্রপক্ষী	১১৪
কর্ম্মস্থলস্থ পিপীলিকা	১১৯
নৌকাস্থভল্লুক	১২৫
প্রধানজন এবং তাহার কুক্কুর	১৩০
বিদেশস্থলোক এবং ঈশ্বর	১৩৭
মনুষ্য ও বিড়াল ও কুক্কুর এবং মক্ষিকা	১৪৩
শৃগাল ও নাকেশ্বরীব্যাঘ্র এবং অন্যান্যপশুগণ	১৪৯
অগ্রগামী মধুমক্ষিকাগণ	১৫৫
ভারবাহক অশ্ব এবং তাহার বাহন	১৫৯
পাম্ নামক ব্যক্তি এবং ধন	১৬৩
কুবের ও কামদেব এবং সময়	১৬৮
পেচক ও ধৃতরাষ্ট্র ও কক্কুট ও মাকড়শা ও গর্দ্দভ এবং কৃষক	১৭৫
পাচিকা ও শূল এবং বৃষ	১৮[illegible]
দ্রোণকাকগণ ও ধর্ম্মালয়ের পরিচারক এবং কিঙ্কুলুকা	১৮৫
নিষেধ এবং বিধি	১৯২

THE VERSION OF GAY'S FABLES.

INTRODUCTION

TO THE

FABLES,

PART THE FIRST.

THE SHEPHERD AND THE PHILOSOPHER.

Remote from cities liv'd a swain,
Unvex'd with all the cares of gain;
His head was silver'd o'er with age,
And long experience made him sage;
In summer's heat, and winter's cold,
He fed his flock and penn'd the fold;
His hours in cheerful labour flew,
Nor envy nor ambition knew:
His wisdom and his honest fame
Through all the country rais'd his name.

A deep Philosopher (whose rules
Of moral life were drawn from schools)
The shepherd's homely cottage sought,
And thus explor'd his reach of thought.

Whence is thy learning? Hath thy toil
O'er books consum'd the midnight oil?
Hast thou old Greece and Rome survey'd,
And the vast sense of Plato weigh'd?

ইতিহাসের অনুষ্ঠানপত্রিকা।

প্রথমখণ্ড।

কৃষী ও বিজ্ঞবর।

নগরের প্রান্তে ছিল কৃষী একজন।
সংসারের দুঃখ তাহে নাছিল কখন॥
বয়ঃক্রমে কেশ তার শুক্লবর্ণ ছিল।
বহুদর্শনেতে বুদ্ধি প্রখরা হইল॥
গ্রীষ্ম উত্তাপে আর শীতের সময়ে।
পশুগণে চরাইয়া বাঁধিত আলয়ে॥
পরিশ্রম সুখে হৈত সময় ক্ষেপণ।
হিংসা দ্বেষ আপনার নাছিল কখন॥
আপনার জ্ঞানে আর আপনার যশে।
নামের উন্নতি হৈল স্বদেশে বিদেশে॥

ছিল এক বিজ্ঞবর সুনীতি তাহার।
বিদ্যালয় হৈতে হৈল সুখ্যাতি যাহার॥
করি ঐ কৃষির কুটির অন্বেষণ।
আপন আশয় ব্যক্ত করিয়ে তখন॥
কতশ্রমে কোথায় তোমার বিদ্যা হৈল।
গ্রন্থানুশীলনে কত ব্যয় হৈল তৈল॥
বহুকালাবধি কি গিরীস্* রোমে* ছিলে।
পলাটু† সমান জ্ঞান বুঝি কি পাইলে॥

* নগরের নাম। † জ্ঞানির নাম।

Has Socrates thy soul refin'd,
And hast thou fathom'd Tully's mind?
Or, like the wise Ulysses, thrown,
By various fates, on realms unknown,
Hast thou through many cities stray'd,
Their customs, laws and manners weig'd?
The shepherd modestly reply'd,
I ne'er the paths of learning try'd;
Nor have I roam'd in foreign parts
To read mankind, their laws and arts:
For man is practis'd in disguise,
He cheats the most discerning eyes;
Who by that search shall wiser grow,
When we ourselves can never know?
The little knowledge I have gain'd,
Was all from simple nature drain'd;
Hence my life's maxims took their rise,
Hence grew my settled hate to vice.
The daily labours of the bee
Awake my soul to industry;
Who can observe the careful ant,
And not provide for future want?
My dog (the trustiest of his kind)
With gratitude inflames my mind.
I mark his true, his faithful way,
And in my service copy Tray.

সুধীর টেলির * বুদ্ধি সোকরাতের * মন ।
জ্ঞান হয় আপনি করেছ আকর্ষণ ।।
জ্ঞান কি পেয়েছ তুমি ইউলিসস† মত ।
ভাগ্যেতে অজ্ঞানরাজ্যে যে হৈল আগত ।।
তুমি কি অনেকদেশ দর্শন করেছ ।
তথাকার রীতিনীতি সকলি জেনেছ ।।
সবিনয়ে তাহে কৃষী কহিল তখন ।
বিদ্যার পথেতে কভু নাকরি গমন ।।
কখন নাকরি নানাদেশেতে ভ্রমণ ।
অথবা সে দেশী শাস্ত্র শিল্প আলোচন ।।
যেহেতু মনুষ্যসব ছদ্মবেশ ধারি ।
সূক্ষ্মদর্শিগণে হয় প্রতারণা কারি ।।
তদনুসন্ধানে বিজ্ঞবর হয় যারা ।
অবিদিত হই তাতে সতত আমরা
আমি যে কিঞ্চিদ্‌জ্ঞান করেছি সঞ্চয় ।
স্বভাব গুণেতে তাহা সুশিক্ষিত হয় ।।
যদবধি অবস্থার সুধারা হইল ।
তদবধি কুরীতির প্রতি দ্বেষ ছিল ।।
প্রতিদিন শ্রম দেখি মধুমক্ষিকার ।
চৈতন্য হ ল মনে শ্রম করিবার ।।
পরিশ্রমী পিপীলিকা হেরি কোন্ জন ।
ভবিষ্যৎ উপায়ের নাকরে চিন্তন ।।
কুক্কুরের কৃতজ্ঞতা গুণেতে প্রত্যয় ।
হইল নির্ম্মলমন দেখিয়া নিশ্চয় ।।
প্রভুভক্তি গুণ হয় বিশেষ তাহার ।
ট্রের ‡ সমান ভাব কর্ম্মেতে আমার ।।

* জ্ঞানির নাম † রাজার নাম ‡ কুকুরের না

In constancy and nuptial love,	স্বকীয়াপত্নিতে প্রেম জন্মিল দৃঢ়তা।
I learn my duty from the dove.	দেখিয়া হইল শিক্ষা ঘুঘুর ঐক্যতা ।।
The hen, who from the chilly air,	কুক্কুটী শীতলবাতে পক্ষ সহকারে।
With pious wing protects her care;	আপন সাবকদিগে তায় রক্ষাকরে ।।
And ev'ry fowl that flies at large,	উচ্চভাগে ক্ষুদ্রপক্ষি উড়ে পক্ষি সহ।
Instructs me in a parent's charge.	তাহা দেখিয়া শিক্ষা হইল পিতৃস্নেহ ।।
From nature too I take my rule,	আরো রীতি শিক্ষা হৈল প্রকৃতির বশে।
To shun contempt and ridicule.	হেয়জ্ঞান করিয়াছি তুচ্ছ পরিহাসে।।
I never, with important air,	গুরুতর ভাবে আমি কথোপকথনে।
In conversation overbear.	পরাস্ত নাকরি কারে কদাচ বচনে ।।
Can grave and formal pass for wise,	গম্ভীরতা গুণে মাত্র জ্ঞানী যদি হৈত।
When men the solemn owl despise?	গম্ভীরপেচকে লোকে হেয় নাকরিত ।।
My tongue within my lips I rein;	রসনা করেছি বশ ওষ্ঠের ভিতরে।
For who talks much, must talk in vain.	যেহেতু অনেক বাক্যে বৃথাবাক্য সরে ।।
We from the wordy torrent fly;	কথার প্রবাহে আমি করি পলায়ন।
Who listens to the chatt'ring pye?	হাঁড়িচাঁচা পক্ষিরব কে করে শ্রবণ ।।
Nor would I, with felonious flight,	কদাশয় হইতে আরো করি পলায়ন।
By stealth invade my neighbour's right.	প্রতিবাসির সত্ত্বে নাহি করি আক্রমণ ।।
Rapacious animals we hate:	তুচ্ছ করি আমি তারে যে জন্তু হিংসক।
Kites, hawks, and wolves, deserve their fate.	চিল্ বাজ্ নেকড়েবাঘ স্বভাগ্য দায়ক ।।
Do not we just abhorrence find	বাস্তবিক অবজ্ঞা কি আমরা নাকরি।
Against the toad and serpent kind?	দেখিয়া মণ্ডূক আর সর্প বিষধরি ।।
But envy, calumny, and spite,	কিন্তু হিংসা দ্বেষ আর অপকার করা।
Bear stronger venom in their bite.	ইহা হৈতে বহুতর বিষধরে তারা ।।
Thus ev'ry object of creation	এরূপে প্রত্যেক হয় ঈশ্বর সর্জিত।
Can furnish hints to contemplation;	চিন্তার বিষয়ে যোগ ইঙ্গিত নিশ্চিত ।।

And from the most minute and mean,	অতিসূক্ষ্ম অতিক্ষুদ্র বিষয় হইতে ।
A virtuous mind can morals glean.	উপদেশ নীত হয় সগুণ মনেতে ।।
Thy fame is just, the sage replies.	তোমারি যথার্থখ্যাতি কহে বিজ্ঞবরে ।
Thy virtue proves thee truly wise.	তোমারি গুণেতে তুমি প্রমাণ বিচারে ।।
Pride often guides the author's pen,	লেখক লেখনী গর্ব্ব তাহারে দর্শায় ।
Books as affected are as men:	নর সম গ্রন্থচয় গুণেরে শিখায় ।।
But he who studies nature's laws,	স্বভাবানুসারে যে করয়ে আলোচন ।
From certain truth his maxims draws;	অবশ্য সে উপদেশ করিবে গৃহণ ।।
And those, without our schools, suffice	ঐসব বিদ্যালয় বিনা সহকারে ।
To make men moral, good, and wise.	মনুষ্যকে সচ্চরিত্র উত্তম প্রচারে ।।

TO HIS HIGHNESS

WM. DUKE OF CUMBERLAND.

FABLE I.

The Lion, the Tyger, and the Traveller.

Accept, young Prince, the moral lay,
And in these tales mankind survey;
With early virtues plant your breast,
The specious arts of vice detest.

Princes, like beauties, from their youth
Are strangers to the voice of truth;
Learn to contemn all praise betimes;
For flattery's the nurse of crimes;
Friendship by sweat reproof is shown;
(A virtue never near a throne;)
In courts such freedom must offend,
There none presumes to be a friend.
To those of your exalted station
Each courtier is a dedication.
Must I too flatter like the rest,
And turn my morals to a jest?
The Muse disdains to steal from those,
Who thrive in courts by fulsome prose,

But shall I hide your real praise,
Or tell you what a nation says?
They in your infant bosom trace,
The virtues of your royal race;

শ্রীমান্ ডিউক্ অোফ্ কম্বরলেণ্ড যুবরাজের উদ্দেশে কথন।

প্রথম ইতিহাস।

সিংহ ও ব্যাঘ্র এবং পথিক।

কহি যুবরাজ নীতি করহ গ্রহণ।
উচিত মনুষ্য করে ইহা আলোচন॥
সত্বর বপন কর ধর্ম্মবীজ মনে।
ত্যাগকর কুকর্ম্মকে চিন্তাসহ জ্ঞানে॥

নৃপসুত রূপ সম যৌবনাবস্থায়।
ঔদাস্য করেন সদা ধর্ম্মের কথায়॥
প্রশংসারে হেয় কর উপযুক্তকালে।
স্তুতিকথা কুকর্ম্মের ধাত্রী হয় বলে॥
মিত্রতা প্রকাশ হৈল নিষ্টভর্ৎসনায়।
রাজার নিকটে কভু ধর্ম্ম নাহি যায়॥
এমন মূঢ়তা দূষ্য অবশ্য সভায়।
রাজদ্বারে কেহ বন্ধু বোধ নাহি হয়॥
মহোন্নতি যুক্ত যিনি তোমার স্বরূপ।
প্রত্যেক সভাস্থ হয় স্তুতিবাক্য রূপ॥
আমার অবশ্য সেই মত ব্যবহার।
পরিহাসে পরিবর্ত্ত হবে নুকথার॥
শারদা বিরতা পরবাক্য হরণেতে।
যে রচে নিন্দিতগদ্য রাজবর্ণনেতে॥

বর্ণিতে তোমার যশঃ ত্রুটি কি করিব।
জনশ্রুতি যাহা আছে আমি তা কহিব॥
শিশুকালাবধি দেখি যেরূপ তোমার।
স্বীয় রাজবংশ ধর্ম্ম আচার ব্যবহার॥

In the fair dawning of your mind,	জ্ঞানোদয় সময়েতে ব্যক্ত সততা ।
Discern you gen'rous, mild, and kind;	প্রকাশে তোমার দয়া বদান্য শীলতা ।।
They see you grieve to hear distress,	তব দুঃখে দুঃখ বোধ করয়ে যাহারা ।
And pant already to redress.	উদ্ধারের চেষ্টা করে অগ্রেই তাহারা ।।
Go on, the height of good attain;	তোমার মহিমা আরো করিব বর্ণন ।
Nor let a nation hope in vain.	নিরাশ নাহিক থাকে যেন কোনজন ।।
For hence we justly may presage,	ভবিষ্যতে ভাল বর্ত্তমানে বোধ হয় ।
The virtues of a riper age.	বহুগুণযুত হবে প্রাচীনসময় ।।
True courage shall your bosom fire,	অচল থাকুক তব অসীমসাহস ।
And future actions own your sire.	হয় যেন মহোন্নতি এই মম আশ ।।
Cowards are cruel, but the brave,	নিষ্ঠুর হয়েন ভীত সাহসী যে হয় ।
Love mercy, and delight to save.	দয়া রক্ষা বিষয়ে সন্তুষ্ট অতিশয় ।।
A Tyger roaming for his prey,	ব্যাঘ্র এক আহারের অন্বেষণে ছিল ।
Sprung on a trav'ller in the way;	পথে পথিকের প্রতি কুর্দ্দন করিল ।।
The prostrate game a Lion spies,	সিংহ সেই পরাক্রান্ত ব্যাঘ্রকে দেখিল ।
And on the greedy tyrant flies;	বুভুক্ষু হিংসক কাছে সিংহ ত্বরা গেল ।।
With mingled roar resounds the wood,	নিজ নাদে সেই বনে প্রতিধ্বনি হৈল ।
Their teeth, their claws distil with blood;	দন্ত আর হস্ত তার রক্তে আর্দ্র ছিল ।।
Till vanquish'd by the Lion's strength,	সিংহ পরাক্রমেতে হইয়া পরাজিত ।
The spotted foe extends his length,	ঐ হিংস্রজাতি ব্যাঘ্র প্রাণে হইল হত ।।
The man besought the shaggy lord,	বিনীত করিয়া পরে ঐ নর বলে ।
And on his knees for life implor'd,	প্রাণ রাখ বলি পড়ে সিংহ পদতলে ।।
His life the gen'rous hero gave;	পরাক্রান্ত সিংহ তার প্রাণদান দিল ।
Together walking to his cave,	সঙ্গে লয়ে নিজালয়ে গমন করিল ।।
The Lion thus bespoke his guest.	ঐ অতিথির প্রতি পশুরাজ কয় ।
What hardy beast shall dare contest,	কোন্ বলবান পশু তুল্য যোদ্ধা হয় ।।
My matchless strength! you saw the fight,	বলেতে অতুলশক্তি দেখিয়াছ তুমি ।
And must attest my pow'r and right.	তুমি তার সপ্রমাণ কি কহিব আমি ।।

Forc'd to forego their native home,	এইরূপে নিজালয়ে করহ গমন ।
My starving slaves at distance roam.	ক্ষুধিত দাসেরা দূরে করিছে ভ্রমণ ॥
Within these woods I reign alone,	এ নিবিড়বন করি একাকী শাসন ।
The boundless forest is my own.	আমারি কেবল এই অসীমকানন ॥
Bears, woles, and all the savage brood	ভল্লুক ও বৃক অন্য জন্তু শাবকেরা ।
Have dy'd the regal den with blood.	নিজঘর রক্তে চিত্র করিল ইহারা ॥
These carcases on either hand,	আরো দেখ ইহারাই হস্তেতে করিয়া ।
Those bones that whiten all the land,	ভূমিকে করিল শুক্লবর্ণ অস্থি দিয়া ॥
My former deeds and triumphs tell,	কহিবে আমার যুদ্ধজয়ের কথন ।
Beneath these jaws what numbers fell.	এই মুখে কত জীব হয়েছে পতন ॥
True, says the Man, the strength I saw	নর কহে করেছি যাহা শক্তি দর্শন ।
Might well the brutal nation awe:	পশুর উত্তম হও ভয়ের কারণ ॥
But shall a monarch, brave like you,	কিন্তু যে সাহসী পশু দেখিহে তোমায় ।
Place glory in so false a view?	ক্ষুদ্রকর্ম্মে দম্ভ করা উচিত নাহয় ॥
Robbers invade their neighbour's right.	তস্কর আক্রম করে তাহাদের ধনে ।
Be lov'd: let justice bound your might.	যশোন্বিত হৈয়া থাক বিচার আসনে ॥
Mean are ambitious heroes' boasts,	ভীরু আর বীর গর্ব্ব সমভাবে করে ।
Of wasted lands and slaughter'd hosts.	মরুস্থানে ইনি তিনি নাশিতে জনেরে ॥
Pirates their pow'r by murders gain,	দস্যুলোকের লাভ হয় মনুষ্যেরে মারে ।
Wise kings by love and mercy reign.	দয়া প্রেম সহ রাজ্য বিজ্ঞরাজা করে ॥
To me your clemency hath shown	আমার উপরে দয়া হৈল প্রকাশিত ।
The virtue worthy of a throne.	মহারাজযোগ্য ধর্ম্মপদার্থ উচিত ॥
Heav'n gives you power above the rest,	ঈশ্বর যেরূপ তব শ্রেষ্টশক্তি দাতা ।
Like Heav'n to succour the distrest.	বিপদে তাহার সম হইয়াছ ত্রাতা ॥
The case is plain, the Monarch said;	পশুরাজ কহে ইহা তত্ত্বঅতিশয় ।
False glory hath my youth misled;	যৌবন দশাতে অতি ভ্রম বোধ হয় ॥

For beasts of prey, a servile train,
Have been the flatt'rers of my reign.
You reason well: Yet tell me, friend,
Did ever you in courts attend?
For all my fawning rogues agree,
That human heroes rule like me.

Fable II.

The Spaniel and the Cameleon.

A spaniel, bred with all the care
That waits upon a fav'rite heir,
Ne'er felt correction's rigid hand;
Indulg'd to disobey command,
In pamper'd ease his hours were spent:
He never knew what learning meant.
Such forward airs, so pert, so smart,
Were sure to win his lady's heart;
Each little mischief gain'd him praise,
How pretty were his fawning ways!
The wind was south, the morning fair,
He ventures forth to take the air.
He range all the meadow round,
And rolls upon the softest ground:
When near him a Cameleon seen,
Was scarse distinguish'd from the green.

Dear emblem of the flatt'ring host,
What, live with clowns! a genius lost!

একেত হিংসক তাহে পশুক্ষুদ্রজাতি।
স্তুতিবাদি স্তবকরে করিয়া বিনতি॥
দেখি মিত্র তুমি বিজ্ঞ তবু কর স্তব।
রাজসভায় ছিলে বুঝি করি অনুভব॥
ধূর্ত্ত স্তুতিবাদি যত কহিল আমারে।
এই রূপে নরবীরগণ রাজ্য করে॥

দ্বিতীয় ইতিহাস।

কুক্কুর ও কৃকলাস।

যত্নেতে পালিত ছিল যে কোন কুক্কুর।
নিকটে নিরত থাকে দয়ালু প্রভুর॥
দৃঢ়হস্ত দ্বারা কভু নাছিল তাড়িত।
আজ্ঞার হেলন করে হৈয়া আস্পর্দ্ধিত॥
উদর পূরণে হৈত সময় ক্ষেপণ।
স্বকীয়কর্ম্মেতে সদা ছিল অচেতন॥
এমত সুন্দর ছিল শরীর গঠন।
কুক্কুরির মন তাহে করিত হরণ॥
যত ক্ষুদ্রঅপরাধে সুখ্যাতি লইত।
কতমত রঙ্গভঙ্গে প্রভু ভুলাইত॥
প্রত্যহ প্রত্যূষকালে আপনি উঠিত।
মলয়ানমীর তরে বাহিরে যাইত॥
মাঠের চতুর্দ্দিগ ভ্রমণ করিত।
ধুলায় ধূসর অঙ্গ হইয়া লুণ্ঠিত॥
দৈবে এক কৃকলাস দেখে নিকটেতে।
একরূপ হরিদ্বর্ণ অভেদ বর্ণেতে॥

প্রিয়ভাষে কহিছে কুক্কুর কৃকলাসে।
হতবুদ্ধি হয় অসভ্যের সহবাসে॥

To cities and the court repair;	কুক্কুর কহিছে যাও রাজার সভায় ।
A fortune cannot fail thee there:	ভাগ্যফল অবশ্যই ফলিবে তোমায় ॥
Preferment shall thy talents crown:	সফলা হইবে বিদ্যা সকলা তোমার ।
Believe me friend; I know the town.	আমি ভাল জানি নগরের সমাচার ॥
Sir, says the Sycophant, like you,	মহাশয় সম্বোধনে স্তুতিবাদী বলে ।
Of old, politer life I knew:	জ্ঞাত আছি সভ্য হয় বৃদ্ধাবস্থাকালে ।
Like you, a courtier born and bred;	আমিহ নৃপের স্থানে হৈয়াছি পালন ।
Kings lean'd an ear to what I said.	রাজারা আমার কথা করিত শ্রবণ ॥
My whisper always met success;	গ্রহণ করিত সদা আমার মন্ত্রণা ।
The ladies prais'd me for address.	আমার আশ্বাসে তুষ্টা গৃহের অঙ্গনা ॥
I knew to hit each courtier's passion,	বুঝিতাম সভাসৎ দিগের আশয় ।
And flatter'd ev'ry vice in fashion.	কহিতাম দোষকে করিয়া গুণচয় ॥
But Jove, who hates the liar's ways,	স্তাবকের প্রতি কিন্তু ঈশ্বরের দ্বেষ ।
At once cut short my prosp'rous days;	শুভাদৃষ্ট বিনষ্ট করেন অবশেষ ॥
And, sentenc'd to retain my nature,	এরূপে থাকিতে আজ্ঞা করিল আমায় ।
Transform'd me to this crawling creature.	উরগদেহেতে দেহ করে বিনিময় ॥
Doom'd to a life obscure and mean,	ক্ষুদ্রদেহে অন্ধকারে থাকিতে অনুজ্ঞা ।
I wander in the sylvan scene.	দেখিতে বনের কাণ্ড ঈশ্বরের আজ্ঞা ॥
For Jove the heart alone regards;	জীবন বিষয়ে অতি ঈশ্বরের স্নেহ ।
He punishes what man rewards.	প্রতিফল দেন যদি দণ্ড করে কেহ ॥
How diff'rent is thy case and mine!	অনেক প্রভেদ হয় তোমায় আমায় ।
With men at least you sup and dine;	মনুষ্যের সঙ্গে তব ভোজনাদি হয় ॥
While I, condemn'd to thinnest fare,	এই অভিশাপ মাত্র হয়েছে আমারে ।
Like those I flatter'd feed on air.	জীবন ধারণ করি পবন আহারে ॥

FABLE III.

The Mother, the Nurse, and the Fairy.

Give me a son. The blessing sent,
Were ever parents more content?
How partial are their doting eyes!
No child is half so fair and wise:
Wak'd to the morning's pleasing care,
The Mother rose, and sought her heir.
She saw the Nurse, like one possess'd,
With wringing hands, and sobbing breast.
Sure some disaster has befel:
Speak, Nurse; I hope the boy is well.
Dear Madam, think not me to blame;
Invisible the Fairy came:
Your precious babe is hence convey'd,
And in the place a changeling laid.
Where are the father's mouth and nose,
The mother's eyes, as black as sloes?
See here a shocking awkward creature,
That speaks a fool in ev'ry feature.
The woman's blind, the Mother cries;
I see wit sparkle in his eyes.
La! Madam, what a squinting leer!
No doubt the Fairy hath been here.
Just as she spoke, a Pigmy Sprite
Pops through the key-hole, swift as light;

তৃতীয় ইতিহাস।

মাতা ও ধাত্রী এবং পড়িক্ষণী।

ঈশ্বরপ্রসাদে এক হইল তনয়।
জনক জননি যাতে তৃপ্তঅতিশয়॥
যেরূপ সুন্দর দেখি আপন কুমার।
অন্যের তনয়ে নহে অর্দ্ধেক তাহার॥
ধাত্রী সহ প্রাতে শিশু করিছে ভ্রমণ।
জননি উঠিয়া তারে করে অন্বেষণ॥
দেখিয়া তাহার কর সুত বক্ষস্থলে।
কি দৈবঘটনা হৈল মাতা তার বলে॥
অবশ্য আপদ কোন ঘটিয়াছে তাহে।
শিশুর কুশল বল মাতা তার কহে॥
ধাত্রী কহে আমারে না কর কলঙ্কিনী।
লোচনের অগোচর আসিয়া পড়িক্ষণী।
এখান হইতে লৈয়াগিয়াছে তনয়।
এই যে সন্তান দেখ তার বিনিময়॥
পিতার সমান মুখ নাসিকা না দেখি।
মাতার সদৃশ কৃষ্ণবর্ণ নহে আঁখি॥
এই যে বালক দেখ অতি কদাকার।
অবয়বে বোধ হয় চিহ্ন মূঢ়তার॥
নয়ন বিহিনা তুমি কহে মাতা তার॥
বিজ্ঞতার ছটা দেখ নয়নে ইহার।
কি অপূর্ব্ব বক্রদৃষ্টি দেখিয়া বিস্ময়।
পড়িক্ষণির সমাগম নাহিক সংশয়॥
এই আলোচন মাত্রে এক খর্ব্বকায়।
কপাট বিবরে দেখে চপলার প্রায়॥

Perch'd on the cradle's top he stands,
And thus her folly reprimands.
Whence sprung the vain conceited lie,
That we the world with fools supply?
What; give our sprightly race away,
For the dull helpless sons of clay!
Besides, by partial fondness shown,
Like you we doat upon our own.
Where yet was ever found a mother,
Who'd give her booby for another?
And should we change with human breed,
Well might we pass for fools indeed.

Fable IV.

The Eagle, and the Assembly of Animals.

As Jupiter's all-seeing eye
Survey'd the worlds beneath the sky,
From this small speck of earth were sent
Murmurs and sounds of discontent:
For ev'ry thing alive complain'd,
That he the hardest life sustain'd,
Jove calls his Eagle. At the word
Before him stands the royal bird.
The bird, obedient, from heav'n's height,
Downward directs his rapid flight.

কবাটবিবর হৈতে দোলার উপরে।
উঠিয়া ধাত্রীকে কত তিরস্কার করে॥
কেন কর শ্লাঘারূপ প্রলাপ সর্জন।
পৃথিবী ক্ষিপ্তের দ্বারা নাকরি পূরণ॥
কি অদ্ভুত তেজঃপুঞ্জ নিজসুত দিয়া।
কি হইবে নিরাশ্রয় মূর্খপুত্র নিয়া॥
ইতর বিশেষ বহু নিজ-পর সুতে।
কেবল তোমার নহে অধিক আমাতে॥
জননি আপনি নিজতনয়ে কোথায়।
পরসুত বিনিময়ে নিজসুত দেয়॥
যদি করি নরপুত্রে পুত্র বিনিময়।
উন্মত্ত রূপেতে খ্যাতি হইবে নিশ্চয়॥

চতুর্থ ইতিহাস।

উৎক্রোশপক্ষী ও জন্তুসভা।

চরাচর লোচন গোচরে জগৎপতি।
নিম্নে দৃষ্টি করিলেন অবনির প্রতি॥
অচলার সূক্ষ্মপথে শ্রবণ হইল।
অসন্তোষ কলহের ঘোষণা উঠিল॥
জীবজন্তু প্রত্যেকেতে করিছে আক্ষেপ।
কি হেতু এমত দুঃখে হৈল মম বাস॥
সেইক্ষণে আহূত হইল খগপতি।
নিকটে আগত মাত্র হৈল অনুমতি॥
আজ্ঞাবহ ঐ পক্ষী শূন্যভাগ হৈতে।
বায়ুবেগে নিম্নভাগে লাগিল নামিতে॥

Then cited ev'ry living thing,	তখন প্রত্যেক জীবজন্তুকে ডাকিল।
To hear the mandates of his king.	রাজ আজ্ঞা শুন বলি কহিতে লাগিল ॥
Ungrateful creatures, whence arise	কৃতঘ্ন বলিয়া তাহাদিগে জিজ্ঞাসিল।
These murmurs which offend the skies?	এ বিবাদে নভশ্চর বিরক্ত হইল ॥
Why this disorder? say the cause:	কহ কি কারণে এই জন্মিল কলহ।
For just are Jove's eternal laws.	ঈশ বিধি নিরবধি নিরপেক্ষ্য সহ ॥
Let each his discontent reveal;	কহ তব সমাচার কি হেতু বৈরতা।
To yon sour dog I first appeal.	শুনি পুরোবর্ত্তী দুষ্টকুক্কুরের কথা ॥
Hard is my lot, the Hound replies;	সিকারিকুক্কুর কহে দুরদৃষ্ট শেষ।
On what fleet nerves the Greyhound flies,	কি সতর্কে গতি করে কুক্কুর বিশেষ ॥
While I, with weary step and slow,	দুর্ব্বল আমার পদ হৈল যদবধি।
O'er plains, and vales, and mountains go.	গতি করি গিরি মাঠ উপত্যকাবধি ॥
The morning sees my chase begun,	অরুণ উদয় কালে সিকারেতে যাই।
Nor ends it till the setting sun.	অস্তকালাবধি আমি কিছুই নাপাই ॥
When, (says the Greyhound) I pursue,	কহে ঐ কুক্কুর সিকারে আমি যাই।
My game is lost, or caught in view;	দেখিলে আহার পাই নতবা হারাই ॥
Beyond my sight the prey's secure;	আমার সিকার হয় দৃষ্টি বিদ্যমানে।
The Hound is slow, but always sure,	সিকারিকুক্কুর কিন্তু ঘ্রাণে সব জানে ॥
And had I his sagacious scent,	তার ন্যায় গন্ধগুণ যদ্যপি থাকিত।
Jove ne'er had heard my discontent.	মম দুঃখ ঈশ্বরের গোচর না হৈত ॥
The Lion crav'd the Fox's art;	উল্কামুখির চতুরতা পশুরাজ চাহে।
The Fox, the Lion's force and heart.	সিংহ পরাক্রম চাহি উল্কামুখি কহে ॥
The Cock implor'd the Pigeon's flight,	কুক্কুট কপোত তুল্য উড্ডয়ন চায়।
Whose wings were rapid, strong, and light:	যার পক্ষ দ্রুতগামী লঘুভার হয় ॥

The Pigeon strength of wing despis'd,	কপোত পাখার বল হেয় করি জ্ঞান।
And the Cock's matchless valour priz'd:	কুক্কুটের অতুলবল প্রিয় বোধে চান।।
The Fishes wish'd to graze the plain;	মাঠের উপরে চরে মীনের আশয়।
The Beasts to skim beneath the main.	সিন্ধুসন্তরণে বাঞ্ছা পশুগণ কয়।।
Thus, envious of another's state,	আপন দশার নিন্দা করি পরস্পর।
Each blam'd the partial hand of Fate.	সকলে ললাটদোষ করিল গোচর।।
The bird of heav'n then cry'd aloud,	উচ্চৈঃস্বরে খগপতি বলে জীবগণে।
Jove bids disperse the murm'ring crowd.	ঈশ্বরের অনুমতি কলহ ভঞ্জনে।।
The God rejects your idle prayers.	ঈশ্বরের হেয় হয় অসাধ্য সাধনে।
Would ye, rebellious mutineers,	বপরীতাচারি বলে করে সম্বোধনে।।
Entirely change your name and nature,	স্বীয়ং স্বভাব কি চাহ বিনিময়।
And be the very envy'd creature?	এককালে হিংসুজীব হবে সমুদয়।।
What, silent all, and none consent!	দ্বন্দ্ব নাহি কর সবে থাক ঐক্যভাবে।
Be happy then, and learn content:	সন্তোষের ধর্ম্ম শিখ পরে সুখী হবে।।
Nor imitate the restless mind,	করা নহে প্রতিরূপ মানস অস্থির।
And proud ambition of mankind.	দর্পরূপ মানাকাঙ্ক্ষী মনুষ্য জাতির।।

Fable V. — পঞ্চম ইতিহাস।

The Wild Boar and the Ram. — বন্যশূকর ও মেষ।

Against an elm a sheep was ty'd,	বাঁধা ছিল কোন মেষ এক তরুবরে।
The butcher's knife in blood was dy'd:	ঘাতকের অস্ত্র ছিল মিশ্রিত রুধিরে।।
The patient flock in silent fright,	ঐ ভীত মেষপাল নীরব ভয়েতে।
From far beheld the horrid sight.	ভয়ানক বিষয় দেখিল দূর হৈতে।।
A savage Boar, who near then stood,	এক বন্যবরাহ সে কালে সেথা ছিল।
Thus mock'd to scorn the fleecy brood,	রোমাবৃত মেষগণে বিদ্রূপ করিল।।

All cowards should be serv'd like you,	তব তুল্য ভীরু যত এ দশা উচিত।
See, see, your murd'rer is in view:	দেখ তব ঘাতক সম্মুখে উপস্থিত॥
With purple hands, and reeking knife,	কদুষ্ণছুরিকা সহ রক্তযুক্ত করে।
He strips the skin yet warm with life:	চর্ম্ম করে খণ্ড ২ তথাপি নামরে॥
Your quarter'd sires, your bleeding dams,	খণ্ড২ রূপে তব পিতামাতা মরে।
The dying bleat of harmless lambs,	নির্দ্দোষী শাবকগণ ডাকে মৃত্যুস্বরে॥
Call for revenge. O stupid race!	প্রতিফল জন্য ডাকে ওহে মূঢ়যাতি।
The heart that wants revenge is base.	প্রতিফলে অশক্ত যে তারা নীচ অতি॥
I grant, an ancient Ram replies,	সম্মতি ইহাতে কোন বৃদ্ধমেষ কয়।
We bear no terror in our eyes;	মেষজাতি চক্ষে কোন ভয় নাহি হয়॥
Yet think us not of soul so tame,	মেষগণে তথাচ না বোধ কর ভীত।
Which no repeated wrongs inflame;	দুরবস্থা পুনঃ ২ যাহে উপস্থিত॥
Insensible of ev'ry ill,	এ সকল দোষ তবু বোধ নাহি করি।
Because we want thy tusks to kill.	যেহেতু তোমার মত দশন না ধরি॥
Know, those who violence pursue,	জ্ঞাত হও অপকারে সচেষ্টিত যারা।
Give to themselves the vengeance due;	তাহতে আপনি পায় প্রতিফল তারা॥
For in these massacres they find	লাভ হয় এ সকল বধের কারণ।
The two chief plagues that waste mankind:	প্রধান আপদদ্বয় মনুষ্য নিধন॥
Our skin supplies the wrangling bar,	আমাদের চর্ম্ম দায়বিচারেতে লাগে।
It wakes their slumb'ring sons to war;	নিদ্রাযুক্তজনগণ তাহাতেই জাগে॥
And well revenge may rest contented,	এ উত্তম প্রতিফলে থাকে আহ্লাদিত।
Since drums and parchment were invented.	যেহেতু জয়ঢক্কাপত্র অজিন নির্ম্মিত॥

Fable VI. / ষষ্ঠ ইতিহাস।

The Miser and Plutus. / কৃপণ ও কুবের।

The wind was high, the window shakes,	বায়ুবেগে গবাক্ষের কপাট নাড়িল।
With sudden start the Miser wakse;	অকস্মাৎ চমকিত কৃপণ হইল॥

Along the silent room he stalks;	পাঁদবিহরণে ছিল গৃহের ভিতর।
Looks back, and trembles as he walks!	পশ্চাৎ দেখিয়া হন ভীতকলেবর ॥
Each lock and ev'ry bolt he tries,	প্রত্যেক কুলুপ আর অর্গল দেখিল।
In ev'ry creek and corner pries,	যতেক বিদীর্ণস্থান কোণ তত্ত্ব নিল ॥
Then opes the chest with treasure stor'd,	অনন্তর ধনন্যস্তসিন্দূক খুলিল।
And stands in rapture o'er his hoard.	হর্ষে ঐ স্তুভাকার মুদ্রায় উঠিল ॥
But now with sudden qualms possest,	কিন্তু লঘুপীড়া তার হইল হঠাৎ।
He wrings his hands, he beats his breast:	করিল করমর্দ্দন হৃদে করাঘাৎ ॥
By conscience stung, he wildly stares;	জ্ঞান হৈয়া বিবেচনা করিয়া দেখিল।
And thus his guilty soul declares:	এইমত দোষিমন প্রকাশ হইল ॥
Had the deep earth her store confin'd,	অবনি আপনধন যদি নাহি দিত।
This heart had known sweet peace of mind.	তবেত মনের সুখ মন সে জানিত ॥
But virtue's sold. Good gods; what price	হা বিধাত কি পণে বিক্রয় হৈল ধর্ম্ম।
Can recompense the pangs of vice!	সুফল প্রদানে শক্য হয় কি অধর্ম্ম ॥
O bane of good! seducing cheat!	সাধুর মানস লোভে প্রতারিত হয়।
Can man, weak man, thy power defeat?	ক্ষীণজনে কি সাধ্য তোমারে করে জয় ॥
Gold banish'd honour from the mind,	ধনই মানস হৈতে মান হানি করে।
And only left the name behind;	অবশেষে ধন শেষে নাম মাত্র ধরে ॥
Gold sow'd the world with ev'ry ill;	কুকর্ম্মের বীজ ধন হয়েছে রোপিত।
Gold taught the murdrer's sword to kill;	ধনস্থানে দস্যু অস্ত্র হনন শিক্ষিত ॥
'T was gold instructed coward hearts	ধনের নিকটে শিক্ষা করিতেছে ভীরু।
In treach'ry's more pernicious arts.	চাতুরি কদর্য্যকর্ম্ম ধন তার গুরু ॥
Who can recount the mischiefs o'er?	অঘটন ঘটনাকে গণিতে বা পারে।
Virtue resides on earth no more!	ধর্ম্ম নাহি বাঁস করে অবনী উপরে ॥

He spoke, and sigh'd. In angry mood,	সুদীর্ঘ নিশ্বাসে রোষে কৃপণ আখ্যান।
Plutus, his god, before him stood.	ধনেশ্বর কুবের সম্মুখে বিদ্যমান ॥
The miser trembling, lock'd his chest	সকম্পিতকলেবর সিন্দুক খুলিল।
The vision frown'd and thus addrest:	কুবেরের ভয়প্রদ প্রত্যাদেশ হৈল।
Whence is this vile ungrateful rant;	কোথা হৈতে নিঃসৃত হইল কুবচন।
Each sordid rascal's daily cant?	প্রত্যহ আমারে মন্দ বলে মন্দজন ॥
Did I, base wretch, corrupt mankind?	বিনাদোষে আমি কি মনুষ্য করি নষ্ট।
The falt's in thy rapacious mind.	লোভিমন এ কারণ নর পায় কষ্ট ॥
Because my blessings are abus'd,	কি হেতু আমার হয় সৌভাগ্য ভৎর্সন।
Must I be censur'd, curs'd, accus'd?	কি দোষে আমারে করে দোষের ভাজন ॥
Ev'n virtue's self by knaves is made	চত্তর নিকটে ধর্ম্ম চাতুরিতে রয়।
A cloak to carry on the trade;	ব্যবসায় বিষয়ে গোপন অতিশয় ॥
And pow'r (when lodg'd in their possession)	যখন পুরুষশক্তি নিজবশে থাকে।
Grows tyranny, and rank oppression.	দুরাচারি মানহানি করয়ে তাহাকে ॥
Thus, when the villain crams his chest,	অতঃপর কৃপণ সিন্দুক বদ্ধ করে।
Gold is the canker of the breast;	চিত্ত বিদারক বলি ধন নিন্দা করে ॥
'Tis avarice, insolence, and pride,	ধন হন লোভ আর অহঙ্কার রূপ।
And every shocking vice beside.	ইহা ভিন্ন অন্য অন্য দোষের স্বরূপ ॥
But when to virtuous hands 'tis given,	ধার্ম্মিককরেতে ইহা হইলে অর্পন।
It blesses, like the dews of heav'n:	শিশিরের মত শুভ করে বরিষণ ॥
Like heav'n, it hears the orphan's cries,	ঈশ মত অনাথের শুনেন রোদন।
And wipes the tears from widows' eyes;	বিধবার অশ্রুজল করেন মোচন ॥
Their crimes on gold shall misers lay,	কৃপণ করে কি ধনে দোষ সমর্পণ।
Who pawn'd their sordid souls for pay?	যাহারা নিবিষ্ট নাহি করে দানে মন ॥
Let bravoes then (when blood is spilt)	শোণিত নির্গতকালে ঘাতকেরা কয়।
Upbraid the passive sword with guilt.	অস্ত্র করিয়াছে ছেদ অস্ত্র দোষি হয় ॥

Fable VII.

The Lion, the Fox, and the Geese.

A Lion, tir'd with state affairs,
Quite sick of pomp, and worn with cares,
Resolv'd (remote from noise and strife)
In peace to pass his latter life.

It was proclaim'd; the day was set:
Behold the gen'ral council met.
The Fox was Viceroy nam'd. The crowd
To the new Regent humbly bow'd.
Wolves, bears, and mighty tygers bend,
And strive who most shall condescend.
He strait assumes a solemn grace,
Collects his wisdom in his face.
The crowd admire his wit, his sense:
Each word hath weight and consequence.
The flatt'rer all his art displays:
He who hath power, is sure of praise.
A Fox stept forth before the rest,
And thus the servile throng addrest.

How vast his talents, born to rule,
And train'd in virtue's honest school!
What clemency his temper sways!
How uncorrupt are all his ways!

সপ্তম ইতিহাস।

সিংহ ও উল্‌কামুখী এবং হংসী।

এক সিংহ শ্রমযুত হৈয়া রাজকার্য্যে।
বিরত বাসনা শেষে হইল ঐশ্বর্য্যে॥
কলহ বিবাদ হতে স্থিতি করে দূরে।
অবিরোধে শেষাবস্থা ক্ষয়ে ধার্য্য করে॥
সাধারণে একদিন ঘোষণা করিল।
পশুরাজ্য সমর্পণে পশুসভা হৈল॥
উল্‌কামুখী রাজা হয় রাজপ্রতিনিধি।
প্রজাগণ মান্য তারে করে যথা বিধি॥
আগত হইয়া নত বন্যপশুযত।
স্নেহ করে রাজা তারে হইয়া সম্মত॥
কন্টকল্পনাতে সূক্ষ্ম অবয়ব গুণে।
বুদ্ধি প্রখরতা বোধ হইল বদনে॥
বুদ্ধি জ্ঞানে সকলের হয় প্রশংসিত।
নিরর্থক নাহি কহে গূঢ় অর্থযুত॥
শঠতা প্রকাশ করে স্তুতিবাদি যারা।
পরাক্রান্ত দেখি ধন্যবাদ করে তারা॥
এক উল্‌কামুখী উঠে হৈয়া অগ্রসর॥
এইরূপ ঐ নীচ কহিল বিস্তর।

প্রজার শাসন জ্ঞান কি রূপে জন্মিল।
কোন্ ধর্ম্মবিদ্যালয়ে সুশিক্ষিত হৈল॥
স্বভাবের বশীভূত দয়া কি তাহার।
আরও তার কি প্রকার হয় সদাচার॥

Beneath his conduct and command,	আজ্ঞার অধীনে তার আছে আচরণে।
Rapine shall cease to waste the land.	উপদ্রব ক্ষান্ত হৈবে বিনাশ করণে ॥
His brain hath stratagem and art;	তাহাঁর প্রখরাবুদ্ধি সহ চত্তরতা।
Prudence and mercy rule his heart;	দয়া বিদ্যমান মনে তাহাতে বিজ্ঞতা ॥
What blessings must attend the nation	উল্‌কামুখী কহিতেছে ইহার রাজ্যেতে।
Under this good administration!	প্রজাগণ থাকিবেক অত্তলসুখেতে ॥
He said. A Goose who distant stood,	ঐসভা প্রান্তে এক রাজহংস ছিল।
Harangu'd apart the cackling brood.	স্বজাতি প্রশংসা করি বক্তৃতা করিল ॥
Whene'er I hear a knave commend.	যেজন চত্তর জনে করয়ে প্রশংসা।
He bids me shun his worthy friend.	প্রিয়মিত্রগণ প্রতি ত্যজে সেই আশা ॥
What praise! what mighty commendation!	কিসে এত প্রশংসা কিসে বা এত স্তুতি।
But'twas a Fox who spoke th' oration.	উল্‌কামুখী কহিল যে উল্‌কামুখী প্রতি ॥
Foxes this government may prize,	স্বজাতি হয়েন রাজা ইহাতে সে তুষ্ট।
As gentle, plentiful, and wise:	এই হেত্ত কহে জানি অতিবড় শিষ্ট ॥
If they enjoy the sweets, 'ts plain	উল্‌কামুখী উপযুক্ত এই রাজ্য হয়।
We Geese must feel a tyrant reign.	ইহা অতিতুচ্ছবোধে রাজহংস কয়॥
What havock now shall thin our race,	হংসজাতিবংশসব করিবে উচ্ছিন্ন।
When ev'ry petty clerk in place,	ক্ষুদ্রচর নিযুক্ত হয়েছে ভিন্নভিন্ন ॥
To prove his taste and seem polite,	সেই সকলের স্বাদু গ্রহণেতে নিষ্ঠ।
Will feed on Geese both noon and night!	অহোরাত্র খাইবেন বোধ করি ইষ্ট ॥

FABLE VIII.	**অষ্টম ইতিহাস।**
The Lady and the Wasp.	**মান্যাস্ত্রী এবং বরটা।**
What whispers must the Beauty bear!	রূপবতী সহ্য করে গোপনীয়বাণী।
What hourly nonsense haunts her ear!	কতজনে কহে কর্ণে নিরর্থ কাহিনী ॥

Where'er her eyes dispense their charms,	যে স্থানেতে তাঁহার নয়নে মন হরে।
Impertinence around her swarms:	দুষ্টতা আসিয়া তার ইতস্ততঃ ঘেরে ॥
Did not the tender nonsense strike,	দয়ারূপ অচৈতন্য যদি না হইত।
Contempt and scorn might soon dislike;	তুচ্ছতে ঘৃণাতে ইহা সত্বর ত্যজিত ॥
Forbidding airs might thin the place,	ঘৃণা হৈলে পরিষ্কার রাখে সেই স্থান।
The slightest flap a fly can chase.	অল্পাঘাতে নষ্ট হয় মক্ষিকার প্রাণ ॥
But who can drive the num'rous breed?	কিন্তু কে বা পারে দূর করিতে অগণ্য।
Chase one, another will succeed.	তাড়না করিলে একে উপস্থিত অন্য ॥
Who knows a fool, must know his brother;	মত্তজনে জ্ঞাত যে তার সহোদর জানে।
One fop will recommend another:	একজন জানিলে সে অন্যজনে আনে ॥
And with this plague she's rightly curst,	একপ আপদে হৈল অভিসম্পাদিত।
Because she listen'd to the first.	যেহেতু ছিলেন তিনি প্রথমতঃ শ্রুত ॥
As Doris, at her toilett's duty,	ভূষাগারে বেশ করে নাম তার ডোরি।
Sat meditating on her beauty,	কিসেতে সৌন্দর্য্য বাড়ে এই চিন্তা করি ॥
She now was pensive, now was gay,	কোনক্ষণ সন্তুষ্টা বিতুষ্টা কোনক্ষণ।
And loll'd the sultry hours away.	উৎকণ্ঠা সময় বেশে হইত ক্ষেপণ ॥
As thus in indolence she lies,	এইরূপে অনবধানতা তার ছিল।
A giddy Wasp around her flies;	বরটা একটা পার্শ্বে উড়িতে লাগিল ॥
He now advances, now retires,	কখন পশ্চাতে যায় কখন অগ্রেতে।
Now to her neck and cheek aspires.	গ্রীবাপার্শ্বে কভু উড়ে কভু কপোলেতে ॥
Her fan in vain defends her charms;	রূপের রক্ষক ব্যর্থ আছিল ব্যজন।
Swift he returns, again alarms;	এসে ভয় দেখাইয়া করিত গমন ॥
For by repulse he bolder grew,	অল্পতাড়নায় ক্রমে সাহসী হইল।
Perch'd on her lip, and sipt the dew.	বসি ওষ্ঠামৃত পান করিতে লাগিল ॥
She frowns, she frets. Good gods! she cries,	ত্যক্ত হৈয়া তাড়াইয়া ঈশ্বরে ডাকিল।
Protect me from these teasing flies!	মক্ষিকা হইতে রক্ষা প্রার্থনা করিল ॥

Of all the plagues that heaven hath sent,	ঈশ্বর হইতে যত দুষ্টজীব সৃষ্ট ।
A Wasp is most impertinent.	বরটা তাহার মধ্যে অতিশয়দুষ্ট ॥
The hov'ring insect thus complain'd,	উচ্চ উড্ডয়নে কীট করিছে অভাশ ।
Am I then slighted, scorn'd disdain'd?,	আমি কি তুচ্ছানুতুচ্ছ করে উপহাস ॥
Can such offence your anger wake ?	এই দোষে রাগে দোষী করিলে আমারে ।
'T was beauty caus'd the bold mistake.	তোমারি রূপেতে মুগ্ধ করিছে তোমারে॥
Those cherry lips that breathe perfume,	কিরূপ বিম্বোষ্ঠ তাহে সৌরভ নির্গত ।
That cheek so ripe with youthful bloom,	যৌবনে কপোল কিবা হয়েছে শোভিত॥
Made me with strong desire pursue	অতুল ইচ্ছায় মন করিছে ভ্রমণ ।
The fairest peach that ever grew.	পিচ্ফল জিনি গণ্ড আরক্ত দর্শন ॥
Strike him not, Jenny, Doris cries,	জেনি নামে কোন দাসী উঠাইল হাত ।
Nor murder Wasps like vulgar flies:	ডোরি তারে মানা করে করনা আঘাত ॥
For though he's free,(to do him right,)	যদ্যপি অবোধ হয় বিচার উচিত ।
The creatur's civil and polite,	এই কীট অতিনম্র নাকরে অহিত ॥
In ecstacies away he posts ;	অতঃপর বরটার আনন্দনিধান ।
Where'er he came, the favour boasts ;	যেস্থানে গমন করে করে মান্যজ্ঞান ॥
Brags how her sweetest tea he sips,	ওষ্ঠে বসে চারুজল চোষে গর্ব্ব তায় ।
And sshowshe ugar on his lips.	শর্করাকণিকা কত ওষ্ঠেতে দেখায় ॥
The hint alarm'd the forward crew,	ইঙ্গিত মাত্রেতে যার তার অগ্রে ছিল ।
Sure of success, away they flew.	ইষ্টলাভ বোধ করি সবে পলাইল ॥
They share the dainties of the day,	অংশী জ্ঞানে সুখদিনে আহার করিল ।
Round her with airy music play ;	চতুর্দ্দিগে গুণ্ ২ করিয়া গুঞ্জরিল ॥
And now they flutter, now they rest,	কখন বা স্থির কভু উড়িয়া উপরে ।
Now soar again, and skim her breast.	ছলেতে পিচ্ছলে পড়ে হৃদি সরোবরে ॥
Nor were they banish'd, till she found	তাবত নাযায় দূরে যাবত মিষ্টতা ।
That Wasps have stings, and felt the wound.	বরটার হুলে হৈল ওষ্টাধর ব্যথা ॥

FABLE IX.	নবম ইতিহাস।
The Bull and the Mastiff.	বৃষ এবং পাহাড়িয়াকুক্কুর।
Seek you to train your fav'rite boy?	শিখাও সুতেরে কহে পিতৃ সম্বোধনে।
Each caution, ev'ry care employ:	সতত তাড়না কর রাখ সাবধানে ॥
And ere you venture to confide,	তবেত হইবে পুত্র বিশ্বাস ভাজন।
Let his preceptor's heart be tried:	অগ্রে অবগত হও শিক্ষকের মন ॥
Weigh well his manners, life, and scope;	তাহার আচার রীতি কর বিবেচনা।
On these depend thy future hope.	ভবিষ্যতে হৈবে তবে সম্পূর্ণ কামনা ॥
As on a time, in peaceful reign,	স্বীয়সুখে স্বীয়রাজ্যে যে কোন সময়।
A Bull enjoy'd the flow'ry plain,	কুসুম উদ্যানে এক অনড্বান রয় ॥
A Mastiff pass'd inflam'd with ire,	কোন এক কুক্কুর ক্রোধী হৈয়া এল।
His eye-balls shot indignant fire;	রক্তবর্ণ তার চক্ষু ক্রোধেতে হইল ॥
He foam'd, he rag'd with blood,	লোহিতের পানেচ্ছায় মুখ প্রসারিল।
Spurning the ground the monarch stood,	উঠে বৃষ পদাঘাত ভূমিতে করিল ॥
And roar'd aloud, Suspend the fight;	সংগ্রাম রহিত আশে ডাকে উচ্চস্বরে।
In a whole skin go sleep to-night:	কুক্কুরে করিতে শান্ত বৃষ স্তুতি করে ॥
Or tell me, ere the battle rage,	যুদ্ধের পূর্ব্বেতে কহ যুদ্ধ কি কারণ।
What wrongs provoke thee to engage?	এত রোষ হৈল তব দোষ কি এমন ॥
Is it ambition fires thy breast,	মানাকাঙ্ক্ষী হইয়া যুদ্ধ বাঞ্ছা কর।
Or avarice that ne'er can rest?	যদ্যপি হিংসাতে স্থির থাকিতে না পার ॥
From these alone unjustly springs	তোমার রাগেতে কিবা হইবে উদ্ভব।
The world-destroying wrath of kings.	ভূপতির রাগ তুল্য অতি অসম্ভব ॥
The surly Mastiff thus returns,	ঐ ক্রোধীকুক্কুর করিল প্রত্যুত্তর।
Within my bosom glory burns;	মহিমাসকল দীপ্ত মানস ভিতর ॥
Like heroes of eternal name,	চিরস্থায়ি যশঃ জন্য যুদ্ধ অভিলাষ।
Whom poets sing, I fight for fame.	[illegible]

The butcher's spirit-stirring mind
To daily war my youth inclin'd ;
He train'd me to heroic deed ;
Taught me to conquer, or to bleed.

Curs'd Dog, the Bull replie'd no more
I wonder at thy thirst of gore ;
For thou (beneath a butcher train'd,
Whose hands with cruelty are stain'd,
His daily murders in thy view)
Must, like thy tutor, blood pursue.
Take then thy fate. With goring wound,
At once he lifts him from the ground;
Aloft the sprawling hero flies,
Mangled he falls, he howls, and dies.

দস্যুর চঞ্চলচিত্ত মম গুরু হয় ।
তাহাতেই যুদ্ধ শিক্ষা যৌবনাবস্থায় ।।
শিক্ষিত হৈয়াছি সুদ্ধ যুদ্ধেতে মানস ।
ইহা মাত্র শিক্ষিয়াছি জয় কিম্বা নাশ ।।

হেয় বোধে বৃষ কহে থাক হে নিরস্ত ।
এ অতিআশ্চর্য্য তুমি রক্তপানে ব্যস্ত ।।
দস্যুঅস্ত্রদ্বারা তুমি হৈয়াছ শিক্ষিত ।
যার করদ্বয়দৃঢ় শোণিত মিশ্রিত ।।
তোমার অগ্রেতে তার হনন সতত ।
অবশ্য শোণিতাকাঙ্ক্ষী শিক্ষকের মত ।।
যাহাহউক্ তোমার কপালে ইহা কয়া ।
পৃথিবী হইতে উৰ্দ্ধে লইল তুলিয়া ।।
শৃঙ্গের উপরে বীর অস্থিরকুক্কুর ।
শৃঙ্গাঘাতে পড়ে ডাকে মরে দর্পচূর ।।

FABLE X.

The Elephant and the Bookseller.

The man who with undaunted toils
Sails unknown seas to unknown soils,
With various wonders feasts his sight:
What stranger wouders does he write!
We read, and in description view
Creatures which Adam never knew;
For, when we risk no contradiection,
It prompts the tongue to deal in fiction.

দশম ইতিহাস ।

হস্তী এবং পুস্তকবিক্রয়কারী ।

যেই জন সাধ্বস রহিত পরিশ্রমে ।
অবিজ্ঞাতদেশে আর সাগরেতে ভ্রমে ।।
অশেষ আশ্চর্য্যে করে নয়ন তর্পণ ।
বিস্ময় বিষয় কত লিখে সেইজন ।।
অস্মদীয় পঠনীয় তাহার রচিত ।
সেসব বিষয় বুঝি বিধি অবিদিত ।।
কখন আপত্তি তাহে নাহয় উদয় ।
রসনাকে মৃষাভাষা কহিতে লওয়ায় ।।

Those things that startle me or you,	চমকিত হই সবে সেই রচনায় ৷
I grant are strange ; yet may be true.	তবু সে অদ্ভুতসব সত্য বোধ হয় ৷৷
Who doubts that Elephants are found	কবিগণে কোন্‌জন করয়ে সংশয় ৷
For science and for sense renown'd?	বিদ্যা বিষয়ে তারা সুবিখ্যাত নয় ৷৷
Borri records their strength of parts,	বোরি নামে গ্রন্থকর্ত্তা রচে তার গুণ ৷
Extent of thought, and skill in arts ;	বুদ্ধিতে অতুল আর শিল্পেতে নিপুণ ৷৷
How they perform the law's decrees,	করিবর সুবিচার করয়ে কেমন ৷
And save the state the hangman's fees;	রাজ্যকরে নাহি দেয় ঘাতকে বেতন ৷৷
And how by travel understand	আরো দেখ বোধ করে ভ্রমণে কেমন ৷
The language of another land.	নানাদেশ বিদেশের কথোপকথন ৷৷
Let those, who question this report,	এই গল্প বিষয়ে জিজ্ঞাসু হয় যারা ৷
To Pliny's ancient page resort,	পেলি নামে পণ্ডিতের দেখহ তাহারা ৷৷
How learn'd was that sagacious breed !	কিবা বুদ্ধিমান পশু কিবা বিদ্যাযুত ৷
Who now (like them) the Greek can read !	গ্রীকভাষা পাঠ করে কেবা তার মত ৷৷
As one of these, in days of yore,	পূর্ব্বকালে ঐ মত এক হস্তী ছিল ৷
Rummag'd a shop of learning o'er ;	কোন গ্রন্থালয় অনুসন্ধান করিল ৷৷
Not, like our modern dealers, minding	অধুনা যেরূপ ছাত্র সেরূপ সে নহে ৷
Only the margin's breadth and binding;	গ্রন্থের সৌন্দর্য্য দেখি ভালগ্রন্থ কহে ৷৷
A book his curious eye detains,	করি সূক্ষ্মচক্ষু এক গ্রন্থে নীত হৈল ৷
Where, with exactest care and pains,	অতিমনোযোগে সেই গ্রন্থে শ্রম কৈল ৷৷
Were ev'ry beast and bird portray'd,	পশুপক্ষি প্রতিমূর্ত্তি ছিল বিদ্যমান ৷
That e'er the search of man snrvey'd.	লোকের কখন তাহা না ছিল সন্ধান ৷৷
Their natures and their powers were writ	ছিল তাহে পশুশক্তি প্রকৃতি লিখিত ৷
With all the pride of human wit.	আর মনুষ্যের বুদ্ধি অহঙ্কার যুত ৷৷
The page he with attention spread,	মনোযোগে ঐ লিপি খোলে করিবরে ৷
And thus remark'd on what he read.	তাহা পাঠে এইরূপ বিবেচনা করে ৷৷

Man with strong reason is endow'd;
A beast scarce instinct is allow'd.
But let this author's worth be try'd,
'Tis plain that neither was his guide.
Can he discern the diff'rent natures;
And weigh the power of other creatures,
Who by the partial work hath shown
He knows so little of his own?
How falsely is the spaniel drawn;
Did man from him first learn to fawn?
A dog proficient in the trade!
He, the chief flatt'rer nature made!
Go, Man, the ways of courts discern,
You'll find a spaniel still might learn.
How can the fox's theft and plunder
Provoke his censure or his wonder;
From courtiers' tricks, and lawyers' arts,
The fox might well improve his parts.
The lion, wolf, and tyger's brood,
He curses, for their thirst of blood:
But is not man to man a prey?
Beasts kill for hunger, men for pay.
The bookseller, who heard him speak,
And saw him turn a page of Greek,
Thought, what a genius have I found!
Then thus address'd with bow profound.

শ্রেষ্টজ্ঞান দ্বারা হয় মনুষ্য ভূষিত।
পশুজাতি কদাচিৎ হয় বুদ্ধিযুত ॥
কেহই সেখানে বুঝি দর্শক ছিলনা।
গ্রন্থকর্ত্তার অভিপ্রায় কর বিবেচনা ॥
কার কি স্বভাব তার কিসে বোধ হবে।
অন্যান্য জন্তুর বল কিরূপে জানিবে ॥
যথার্থবর্ণনে যেই করে পক্ষপাত।
আপন বিষয়ে তার নাহি দৃষ্টিপাত ॥
কুক্কুরকে স্তুতিবাদী কি প্রকারে লিখে।
তাহা হৈতে মনুষ্য কি স্তুতিবাদ শিখে ॥
কুক্কুর যদ্যপি করে যে তার উচিত।
স্তুতিবাদ বৃত্তি তার ঈশ্বর সৃজিত ॥
গিয়া রাজসভায় বৃত্তান্ত জান নর।
কুক্কুরের শিক্ষা যত হইবে গোচর ॥
উল্‌কামুখির চৌর্য্য আর কিরূপ হরণে।
হেয় কর তার অদ্ভুত বা কুবচনে ॥
চত্তরস্তাবক হৈতে সভ্যের শঠতা।
উল্‌কামুখির আছে তাহে অতিনিপুণতা ॥
পশুশাবকের রক্ত খাইবেন যিনি।
উল্‌কামুখী হৈতে অভিশপ্ত হৈবে তিনি ॥
মনুষ্য প্রবৃত্ত নহে মনুষ্য শীকারে।
পুষ্টিলাভ জন্য পশু নর নষ্ট করে ॥
পুস্তকবিক্রেতা শুনে হস্তির বচন।
দেখে গ্রীক্‌ভাষা পত্র তৎপরীবর্ত্তন ॥
তখন সে বোধ করে জ্ঞান লাভ হৈল।
পরে ঐ প্রণতিপূর্ব্বক নিবেদিল ॥

Man with strong reason is endow'd;	শ্রেষ্ঠজ্ঞান দ্বারা হয় মনুষ্য ভূষিত।
A beast scarce instinct is allow'd.	পশুজাতি কদাচিৎ হয় বুদ্ধিযুত॥
But let this author's worth be try'd,	কেহই সেখানে বুঝি দর্শক ছিলনা।
'Tis plain that neither was his guide.	গ্রন্থকর্ত্তার অভিপ্রায় কর বিবেচনা॥
Can he discern the diff'rent natures;	কার কি স্বভাব তার কিসে বোধ হবে।
And weigh the power of other creatures,	অন্যান্য জন্তুর বল কিরূপে জানিবে॥
Who by the partial work hath shown	যথার্থবর্ণনে যেই করে পক্ষপাত।
He knows so little of his own?	আপন বিষয়ে তার নাহি দৃষ্টিপাত॥
How falsely is the spaniel drawn;	কুক্কুরকে স্তুতিবাদী কি প্রকারে লিখে।
Did man from him first learn to fawn?	তাহা হৈতে মনুষ্য কি স্তুতিবাদ শিখে॥
A dog proficient in the trade!	কুক্কুর যদ্যপি করে যে তার উচিত।
He, the chief flatt'rer nature made!	স্তুতিবাদ বৃত্তি তার ঈশ্বর সৃজিত॥
Go, Man, the ways of courts discern,	গিয়া রাজসভায় বৃত্তান্ত জ্ঞান নর।
You'll find a spaniel still might learn.	কুক্কুরের শিক্ষা যত হইবে গোচর॥
How can the fox's theft and plunder	উল্কামুখির চৌর্য্য আর কিরূপ হরণে।
Provoke his censure or his wonder;	হেয় কর তার অদ্ভুত বা কুবচনে॥
From courtiers' tricks, and lawyers' arts,	চত্তরস্তাবক হৈতে সভ্যের শঠতা।
The fox might well improve his parts.	উল্কামুখির আছে তাহে অতিনিপুণতা॥
The lion, wolf, and tyger's brood,	পশুশাবকের রক্ত খাইবেন যিনি।
He curses, for their thirst of blood:	উল্কামুখী হৈতে অভিসপ্ত হৈবে তিনি॥
But is not man to man a prey?	মনুষ্য প্রবৃত্ত নহে মনুষ্য শীকারে।
Beasts kill for hunger, men for pay.	পুষ্টিলাভ জন্য পশু নর নষ্ট করে॥
The bookseller, who heard him speak,	পুস্তকবিক্রেতা শুনে হস্তির বচন।
And saw him turn a page of Greek,	দেখে গ্রীক্‌ভাষা পত্র তৎপরীবর্ত্তন॥
Thought, what a genius have I found!	তখন সে বোধ করে জ্ঞান লাভ হৈল।
Then thus address'd with bow profound.	পরে ঐ প্রণতিপূর্ব্বক নিবেদিল॥

Learn'd Sir, if you'd employ your pen	যদ্যপি বিরুদ্ধ লিখ বিজ্ঞমহাশয় ।
Against the senseless sons of men,	মনুষ্যের মূর্খপুত্রগণের বিষয় ।।
Or write the history of Siam,	কিম্বা সাএমের গ্রন্থ করহ লিখন ।
No man is better pay than I am;	যাহা হৈতে পণ্ডিত না ছিল কোনজন ।।
Or, since you're learned in Greek, let's see	অথবা যে গ্রিক্ ভাষা পড়িয়াছ তুমি ।
Something against the Trinity.	তাহাতেই ঈশ্বর বিরুদ্ধ দেখি আমি ।।
When wrinkling with a sneer his trunk,	ঘৃণার সহিত পরে গুড়াইয়া শুঁড় ।
Friend, quoth the Elephant, you're drunk;	করি কহে মিত্র তুমি অতিশয়মূঢ় ।।
E'en keep your money and be wise:	বুদ্ধিমান হও আর রক্ষা কর ধন ।
Leave man on man to criticise;	নরই করুক্ নর দোষানুসন্ধান ।।
For that you ne'er can want a pen	যেহেতু তোমার শক্তি আছয়ে লিখিতে ।
Among the senseless sons of men.	মনুষ্যের মূর্খপুত্রগণের মধ্যেতে ।।
They unprovok'd will court the fray;	তাহাদের কলহে উৎসব অতিশয় ।
Envy's a sharper spur than pay.	কণ্টকস্বরূপ হিংসা ধনাপেক্ষা হয় ।।
No author ever spar'd a brother;	গ্রন্থকর্ত্তা আরো করে সহোদরে দোষী ।
Wits are game-cocks to one another.	জ্ঞান হয় যুদ্ধে সম কুক্কুট সাহসী ।।

Fable XI.

একাদশ ইতিহাস ।

The Peacock, the Turkey, and the Goose.

ময়ূর ও পেরু এবং হংস সকল ।

In beauty, faults conspicuous grow:	সৌন্দর্য্যেতে দোষচয় সুস্পষ্ট জন্মায় ।
The smallest speck is seen on snow.	যেমত হিমেতে ক্ষুদ্রচিহ্ন দেখাযায় ।।
As near a barn, by hunger led,	গোলার নিকটে যথা ক্ষুধাত্তর হৈয়া ।
A Peacock with the Poultry fed;	এক শিখি চরে অন্য ক্ষুদ্রপক্ষি লৈয়া ।।

All view'd him with an envious eye,	ঈর্ষার ঈক্ষণে সেই পক্ষিরা দেখিল।
And mock'd his gaudy pageantry.	আর তার আড়ম্বরে ইঙ্গিত করিল॥
He, conscious of superior merit,	আপন মহান্‌গুণে জানিলেন তিনি।
Contemns their base reviling spirit;	নিজদোষে নীচনিন্দা করয়ে আপনি॥
His state and dignity assumes,	শরীরের নিজভাবে মূর্ত্তি প্রকাশিল।
And to the sun displays his plumes;	সূর্য্যপ্রতি স্বীয়পুচ্ছ বিস্তার করিল॥
Which, like the heav'n's o'erarching skies,	গগণখিলান মত করিল বিস্তৃত।
Are spangled with a thousand eyes,	পুচ্ছে কত চন্দ্র শতশত বিচিত্রিত॥
The circling rays, and varied light,	বর্ত্তলকিরণ তথা বিচিত্র আভায়।
At once confound their dazzled sight:	এককালে পক্ষিগণ দেখে মোহ যায়॥
On ev'ry tongue detraction burns,	তখন তাবতে নিন্দা করিতে লাগিল।
And malice prompts their spleen by turns.	আর আর কত দ্বেষ প্রকাশ করিল॥
Mark, with what insolence and pride,	চপলতাসহ শিখি নৃত্য করে পরে।
The creature takes his haughty stride,	তদীক্ষণে পক্ষিগণ গর্ব্ব বোধ করে॥
The Turkey cries. Can spleen contain?	পেরু কহে ঐরূপ হিংসা [illegible]।
Sure never bird was half so vain!	বস্তুত তদর্দ্ধ নহে যত গর্ব্ব করে॥
But were intrinsic merit seen,	কিন্তু যদি গুপ্তগুণ হয় প্রকাশিত।
We Turkeys have the whiter skin.	তবে পেরু আরো হয় শুক্লচর্ম্মাবৃত॥
From tongue to tongue they caught abuse;	সকলেই এইরূপ ভৎর্সনা করিল।
And next was heard the hissing Goose.	তারপরে ঐ হংস কহিতেলাগিল॥
What hideous legs! what filthy claws!	কিরূপ নিন্দিতপদ প্রসারণ হেরি।
I scorn to censure little flaws;	এই অতিঅল্পদোষে আমি ঘৃণা করি॥
Then what a horrid squalling throat!	অধিকন্তু কিবা স্বর অতিভয়ঙ্কর।
Ev'n owls art frighted at the note.	পেচক সভয় হয় শুনে সেই স্বর॥
True. Those are faults, the peacock cries;	এই দোষ সত্য বলি শিখি কহে বাণী।
My scream, my shanks you may despise:	ঘৃণা উপযুক্ত বটে পদ আর ধ্বনি॥

But such blind critics rail in vain :
What, overlook my radiant train !
Know, did my legs (your scorn and sport)
The Turkey or the Goose support,
And did ye scream with harsher sound,
Those faults in you had ne'er been found
To all apparent beauties blind,
Each blemish strikes an envious mind.
Thus in assemblies have I seen
A nymph of brightest charms and mien,
Wake envy in each ugly face ;
And buzzing scandal fills the place.

FABLE XII.

Cudid, Hymen, and plutus.

As Cupid in Cythera's grove
Employ'd the lesser powers of love ;
Some shape the bow, or fit the string;
Some give the taper shaft its wing,
Or turn the polish'd quiver's mould,
Or head the darts with temper'd gold.
Amidst their toil and various care,
Thus Hymen, with assuming air,
Address'd the God. Thou purblind chit,
Of awkward and ill judging wit,

অঙ্গদোষে অন্ধ করে মিছা অপমান।
নাহি দেখে সুশোভিতপুচ্ছের বিতান॥
জ্ঞাত হও পদ নিন্দনীয় কি আমার।
পেরু আর হংস তাতে হয় সহকার॥
স্বীয় স্বীয় রবে যদি ডাকি উচ্চস্বরে।
তবে কি সেসব দোষ গণ্য নাহি করে॥
প্রকাশ্যলাবণ্যে হয় সকলেতে অন্ধ।
দ্বেষীমন তত্ত্ব করে দোষ অনুবন্ধ॥
এক সভাস্থলে এইরূপ আমি হেরি।
অতিমনোহরানারী পরমাসুন্দরী॥
কুরূপাদিগের হিংসা করে উদ্দীপন।
সবে সেই স্থান করে নিন্দায় পূরণ॥

দ্বাদশ ইতিহাস।

কামদেব ও প্রজাপতি এবং কুবের।

কামদেব সাইথিরিয়সের উদ্যানে।
করিলেন ন্যূন নিজশক্তি নিয়োজনে॥
কোনজন করিছে ধনুতে গুণার্পণ।
কোন কোন জন শর করিছে ক্ষেপণ॥
অথবা কেহবা করে তূণ পরিষ্কৃত।
তীর অগ্র কেহ করে কনকমণ্ডিত॥
দুঃখ আর পরিশ্রম দেখে সেইরূপে।
এই মত কহে প্রজাপতি নিজরূপে॥
কন্দর্পে বালক বলি লাগিলকহিতে।
কদর্য্য কুবিবেচনা নাপার জানিতে॥

If matches are not better made,
At once I must forswear my trade.
You send me such ill-coupled folks,
That 'tis a shame to sell them yokes.
They squabble for a pin, a feather,
And wonder how they came together.
The husband's sullen, dogged, shy,
The wife grows flippant in reply:
He loves command and due restrictin,
And she as well likes contradiction:
She never slavishly submits;
She'll have her will, or have her fits.
He this way tugs, she t'other draws;
The man grows jealous, and with cause.
Nothing can save him but divorce;
And here the wife complies of course.

When, says the boy, had I to do
With either your affairs or you?
I never idly spend my darts;
You trade in mercenary hearts.
For settlements the lawyer's feed;
Is my hand witness to the deed?
If they like cat and dog agree,
Go rail at Plutus, not at me.
Plutus appear'd, and said, 'Tis true;
In marriage gold is all their view;

স্ত্রীপুরুষে নহে যদি প্রণয় সম্বন্ধ ।
দিব্য করি সেইক্ষণে ত্যজিব নির্ব্বন্ধ ।।
অযোগ্যদম্পতী কর কি হেতু প্রেরণ ।
লজ্জা হয় আমার করিতে নিবন্ধন ।।
অতিতুচ্ছবিষয়ে কলহ করে যারা ।
অদ্ভুতঘটনা ইহা বোধ করে তারা ।।
পতি অতি অরসিক কথোপকথনে ।
প্রচুরপ্রখরাপত্নী প্রত্যুত্তর দানে ।।
উচিতশাসনে রাখে পতির বাসনা ।
কলহ কুন্দল তাহা নাশুনে ললনা ।।
আজ্ঞাকারীরূপে নারী স্বীকার নাপায় ।
পতি তার স্বেচ্ছাচার মতে রত হয় ।।
রমণী স্বামির নাহি মানে অনুরোধ ।
আর তাহে পতি অতি হয়েন সক্রোধ ।।
স্ত্রীত্যাগ ব্যতিত কিছুতে মুক্ত নয় ।
সে বিষয়ে রমণির মতি অতিশয় ।।

কাম কহে আমার কি স্বতন্ত্র ক্ষমতা ।
তুমি কর্ত্তা নতুবা তোমার সহায়তা ।।
ফলাফল প্রদানে নাহিক মম তীর ।
কিন্তু স্বীয়মনে কর সে কর্ম্ম তোমার ।।
জীবিকার ব্যবস্থা নির্ব্বন্ধ তব কাছে ।
আমার স্বাক্ষর কিছু তাহাতে কি আছে ।।
বিড়াল কুক্কুর ন্যায় যদি প্রেম হয় ।
বিবাদ কুবের সহ মমসহ নয় ।।
কুবের আসিয়া সত্য কহিল বচন ।
বিবাহ নির্ব্বাহ সুদ্ধ ধনের কারণ ।।

They seek not beauty, wit, or sense;
And love is seldom the pretence.
All offer incense at my shrine,
And I alone the bargain sign.
How can Belinda blame her fate?
She only ask'd a great estate.
Doris was rich enough, 'tis true;
Her lord must give her title too:
And ev'ry man, or rich or poor,
A fortune asks, asks no more.
Av'rice, whatever shape it bears,
Must still be coupled with its cares.

Fable XIII.

The Tame Stag.

As a young Stag the thicket past,
The branches held his antlers fast;
A clown, who saw the captive hung,
Across the horns his halter flung.
Now safely hampers'd in the cord,
He bore the present to his lord.
His lord was plea'd; as was the clown,
When he was tipt with half-a-crown.
The Stag was brought before his wife;
The tender lady begg'd his life.
How sleek's the skin! how speck'd like ermine!
Sure never creature was so charming!

রূপ জ্ঞান বুদ্ধি তার তত্ত্ব নাহি লয়।
আর চাতুরিতে প্রেম কদাচ নাহয়॥
যজ্ঞধূপ জালে গৃহে মনুষ্যসকল।
বিবাহ নির্ব্বাহকর্ত্তা আমি কি কেবল॥
স্বীয়ভাগ্যে বেলেণ্ডা কিহেতু দোষ দিবে।
সে কেবল বহুধন প্রার্থনা করিবে॥
ডোরিস্ নামেতে নারী ধনবান ছিল।
বিশেষ উপাধি পতি নিকটে পাইল॥
কিবা ধনবান আর অথবা কি দুঃখী।
কিছুই প্রার্থনা নাই ধনাগমে সুখী॥
লোভ বর্ত্তমান থাকে যে যে অবস্থায়।
তথাপি লোভ বিষয়ে নিবিষ্ট করায়॥

ত্রয়োদশ ইতিহাস।

কোন পালিতহরিণ।

কোন মৃগশাবক নিবিড় বনে যায়।
স্বীয়শৃঙ্গ বদ্ধ হৈল বৃক্ষের শাখায়॥
এক কৃষী ঐ বদ্ধমৃগকে দেখিল।
ফাঁসরজ্জু তার শৃঙ্গে নিক্ষেপ করিল॥
নিক্ষেপ মাত্রেতে মৃগ বদ্ধহয় তায়।
তাহার পালক কাছে কৃষী লৈয়াযায়॥
কৃষির সন্তোষ মত প্রভুর হইল।
সেইক্ষণে অর্দ্ধমুদ্রা ঐ কৃষী পাইল॥
তাহার পত্নির কাছে হইলে আনীত।
তার প্রাণ রক্ষা হেতু হইল প্রার্থিত॥
কিরূপ কেমন চর্ম্ম বিচিত্র গঠন।
একরূপ সুন্দর জন্তু নাদেখি কখন॥

At first within the yard confin'd,	প্রথমত অঙ্গনেতে থাকিয়া বন্ধন।
He flies and hides from all mankind;	মনুষ্যেরে দেখিলে করিত পলায়ন॥
Now bolder grown, with fix'd amaze,	অশেষ আশ্চর্য্য দেখি হইল সাহসী।
And distant awe, presumes to gaze;	ভয় ছিল প্রথমত ক্রমেতে বিশ্বাসী॥
Munches the linen on the lines,	সীমামধ্যে গেলে বস্ত্র করিত চর্ব্বণ।
And on a hood or apron dines:	সাদরে বসনোপরি করিত ভক্ষণ॥
He steals my little master's bread,	প্রভুদত্ত আহার করিয়া লুক্কায়িত।
Follows the servants to be fed:	রক্ষক ভক্ষার্থে পরে প্রদান করিত॥
Nearer and nearer now he stands,	মনুষ্যের কাছেকাছে করিত ভ্রমণ।
To feel the praise of patting hands;	অভিলাষ গাত্রে হস্ত করিবে লেপন॥
Examines ev'ry fist for meat,	সকলের করদেখে আহার কারণে।
And though repuls'd, disdains retreat:	তাড়না করিলে তবু নাথাকে নির্জ্জনে
Attacks again with levell'd horns;	সিংহ পরাক্রম সম পরাক্রম ছিল।
And man, that was his terror, scorns.	মনুষ্যের ভয়প্রতি তাচ্ছিল্য করিল॥
Such is the country maiden's fright,	নগরনাগরি হয় এইরূপ ভীত।
When first a red coat is in sight!	রক্তবস্ত্র পরিধান যখন দেখিত॥
Behind the door she hides her face;	দ্বারের পশ্চাতে মৃগ মুখ ফিরাইত।
Next time at distance eyes the lace.	সেভয় হইতে পরে থাকিত বিরত॥
She now can all his terrors stand,	পরে সে নরের ক্রোড়ে ক্রীড়ন করিত
Nor from his squeeze withdraws her hand.	ভয় না করিত দেখে বসন লোহিত॥
She plays familiar in his arms,	তখন নির্ভয় হয় আলিঙ্গন কার্য্যে।
And every soldier hath his charms.	যোদ্ধৃগণ মুগ্ধ তাতে তাহার সৌন্দর্য্যে।
From tent to tent she spreads her flame;	প্রত্যেক শিবিরে হয় আনন্দবন্ধন।
For custom conquers fear and shame.	ব্যবহারে লজ্জা ভয় জয় সে কারণ॥

Fable XIV.

The Monkey who had seen the World.

A Monkey, to reform the times,
Resolved to visit foreign climes;
For men in distant regions roam
To bring politer manners home.
So forth he fares, all toil defies:
Misfortune serves to make us wise.
At length the treach'rous snare was laid,
Poor pug was caught, to town convey'd,
There sold. How envied was his doom,
Made captive in a lady's room!
Proud as a lover of his chains,
He day by day her favour gains.
Whene'er the duty of the day
The toilet calls; with mimic play
He twirls her knots, he cracks her fan,
Like any other Gentleman.
In visits too his parts and wit,
When jests grew dull, were sure to hit.
Proud with applause, he thought his mind
In ev'ry courtly art refin'd;
Like Orpheus burnt with public zeal,
To civilize the monkey weal:
So watch'd occasion, broke his chain,
And sought his native woods again.

চতুর্দ্দশ ইতিহাস।

পৃথিবিভ্রমণকারিবানর।

এক কপি রীতিনীতি শিক্ষার কারণে।
অন্যরাজ্য ভ্রমণেতে স্থিরকরে মনে॥
যেহেতু নরেরা করে দেশ পর্য্যটন।
বিজ্ঞতা সচ্চরিত্রতা প্রাপণ কারণ॥
ইহা বলে চলে কপি হেয় পথশ্রমে।
দূরদৃষ্টে রক্ষা পায় নর বুদ্ধিক্রমে॥
এক দিন পথিমধ্যে ফাঁদ পাতা ছিল।
ফাঁদবদ্ধকপি লৈয়া নগরেতে গেল॥
দুরদৃষ্টক্রমেতে বিক্রয় করে তারে।
এক নারী রাখে লৈয়া স্বকীয় আগারে॥
ঐ বদ্ধকপি হয় প্রেমজন মত।
দিনেদিনে ক্রমে হয় অতি অনুগত॥
যে সময় হয় বেশভূষার আবশ্যক।
ক্রীড়া করে সে সময় বিদ্রূপ বোধক॥
বস্ত্র করে খণ্ডখণ্ড ব্যজন ভঞ্জন।
সেইরূপ করে এক পুরুষ যেমন॥
বানরের গুণ বুদ্ধি হৈয়া পরিচিত।
অত্যন্ত কুপরিহাসে হয় প্রহারিত॥
প্রশংসা পাইয়া কপি গর্ব্ব মনে ভাবে।
সভার উত্তম আমি এমন কে হবে॥
আর্ফির * মত তুচ্ছকর্ম্মে সত্বরতা।
প্রয়াস পাইলে হয় বানরে সভ্যতা॥
শৃঙ্খল করিল ভগ্ন বহু আকিঞ্চনে।
হইল উদ্যত পুনঃ কানন গমনে॥

* কোন যাতি বিশেষের নাম।

The hairy sylvans round him press	সে সময়ে লোমযুক্ত জাতিবর্গ ঘেরে
Astonish'd at his strut and dress.	পরিচ্ছদে চলনে অদ্ভুতজ্ঞানে হেরে ॥
Some praise his sleeve; and others glote	অশেষবসন দেখে চিক্কুন নির্ম্মিত।
Upon his rich embroider'd coat;	তাহাতে জরির কর্ম্ম অতিপ্রশংসিত ॥
His dapper periwig commending,	প্রশংসা করিল শিল্পকৃতপরচুলে।
With the black tail behind depending,	আরো কৃষ্ণবর্ণ যুত শোভিত লাঙ্গুলে ॥
His powder'd back, above, bellow,	বিবিধসগন্ধদ্রব্য দিয়াছিল গায়।
Like hoary frost, or fleecy snow;	বোধ হয় হিমানির শুভ্রকণা প্রায় ॥
But all with envy and desire,	ইচ্ছা এই রূপ হয় এই হেতু হিংসা।
His flutt'ring shoulder-knot admire.	প্রশংসা করিল বলে করযে প্রশংসা ॥
Hear and improve! he pertly cries;	শুন মম কথা বলি করে বাচালতা।
I come to make a nation wise.	আসিয়াছি স্বজাতির নাশিতে মূঢ়তা ॥
Weigh your own words; support your place,	স্বীয়বাক্য বিবেচনা রক্ষা কর স্থান।
The next in rank to human race.	মদীয় মর্য্যাদা প্রায় মনুষ্য সমান ॥
In cities long I pass'd my days,	বহুরাজ্য ভ্রমণ করেছি বহুদিনে।
Convers'd with men, and learnt their ways.	নরনীতি শিক্ষা হয় কথোপকথনে ॥
Their dress, their courtly manners see;	রাজসভা নীতিজ্ঞ হয়েছি অতিশয়।
Reform your state and copy me.	মম মতে চল কর রীতি বিনিময় ॥
Seek ye to thrive, in flatt'ry deal:	স্তব শিক্ষা কর যাতে হইবে বর্দ্ধিত।
Your scorn, your hate, with that conceal,	ঘৃণা তোমাদের প্রতি হবে লুক্কাইত ॥
Seem only to regard your friends,	সমাদর কর নিজ বন্ধুজন প্রতি।
But use them for your private ends.	স্বীয় গুপ্তবঞ্ছা সিদ্ধ হইবেক ইতি ॥
Stint not to truth the flow of wit;	বুদ্ধি সাধ্য পরিত্যাগ কদাচ করনা।
Be prompt to lie whene'er 'tis fit.	উপযুক্ত হইলে বোধ কর প্রবঞ্চনা ॥
Bend all your force to spatter merit;	যত শক্তি থাকে তুমি গুণেরে নিন্দিবে।
Scandal is conversation's spirit.	গ্লানিরূপ বাক্য নিজশক্তি প্রকাশিবে ॥

Boldly to ev'ry thing attend,
And men your talents shall commend.
I knew the graet. Obseive me right;
So shall you grow like man polite.
He spoke and bow'd. With mut-t'ring jaws
The wond'ring circle grinn'd applause,
Now, warm with malice, envy, spite,
Their most obliging friends they bite;
And fond to copy human ways,
Practise new mischiefs all their days.
Thus the dull lad, too tall for school;
With travel finishes the fool;
Studious of ev'ry coxcomb's airs,
He drinks, games, dresses, whores, and swears;
O'erlooks with scorn all virtuous arts,
For vice is fitted to his parts.

Fable XV.

The Philosopher and the Pheasants.

The Sage awak'd at early day,
Through the deep forest took his way:
Drawn by the music of the groves,
Along the winding gloom he roves.
From tree to tree, the warbling throats
Prolong the sweet alternate notes:

সমগ্রবিষয়ে কর সাহস নিপুণ ।
নরেরা প্রশংসা তবে করিবেক গুণ ॥
সত্যবাদী জান আমার মান্যজনে জানি ।
তোমরা মনুষ্য মত হৈবে শিষ্ট জানি ॥
এইরূপ বিস্তর বলিল বিনয়েতে ।
কপিগণ প্রশংসিল মুখের ভঙ্গিতে ॥
সেইক্ষণে হিংসা দ্বেষে প্রমত্ত হইল ।
কপিগণ পরস্পর বিরোধ করিল ॥
নর রীতিনীতি শিক্ষা হেতু ইচ্ছা হৈল ।
তদবধি নবনবদোষ অভ্যাসিল ॥
বিদ্যালয়যোগ্য নহে এরূপ তনয় ।
অকারণ ভ্রমে সেই বাতুলের ন্যায় ॥
স্বেচ্ছাচারী রীতি নীতি অভিলাষ হয় ।
মদ্যপান আদি করে মিথ্যাকথা কয় ॥
সৎকর্ম্ম বিষয়ে বোধ হয় মিথ্যায় ।
কুকর্ম্ম যেহেতু তাহার শুনহ নিশ্চয় ॥

পঞ্চদশ ইতিহাস ।

কোন বহুদর্শী এবং বন্যকুক্কুট ।

একদিন প্রভাতে উঠিয়া বিজ্ঞবর ।
গমন করিল মহারণ্যের ভিতর ॥
কাননে মধুরশব্দে আকর্ষিল মন ।
হইয়া সে বিজ্ঞবর করয়ে ভ্রমণ ॥
তরুবরে সুস্বরে বিবিধ পক্ষিগণ ।
নানাস্বরে গান করে করিল শ্রবণ ॥

But where he past, he terror threw,	মনুষ্য দেখিয়া সবে সভয় হইল।
The song broke short, the warblers flew;	গান ভঙ্গ দিয়া পক্ষিগণেরা উড়িল॥
The thrushes chatter'd with affright,	ক্ষুদ্রপক্ষিগণ ভয়ে করে কলরব।
And nightingales abhorr'd his sight;	বুলবুলাখ্য পক্ষি করে তুচ্ছ অনুভব॥
All animals before him ran,	পশুচয় অগ্রেহৈতে করে পলায়ন।
To shun the hateful sight of man.	ঘৃণাযুক্ত মনুষ্যকে দিয়া বিসর্জ্জন॥
Whence is this dread of ev'ry creature?	বন্যপশুসকলেতে এইরূপ কয়।
Fly they our figure or our nature?	কোথাহৈতে কি হেতু মনেতে হয় ভয়॥
As thus he walk'd, in musing thought,	এরূপ বিবিক্ত ধীর করিছে ভ্রমণ।
His ear imperfect accents caught;	অকস্মাৎ এক শব্দ করিল শ্রবণ॥
With cautious step he nearer drew,	ধ্বনির নিকটে যায় অতিসাবধানে
By the thick shade conceal'd from view.	কাননেতে আপনাকে রাখিয়া গোপনে॥
High on the branch a Pheasant stood,	অরণ্য কুক্কুটী এক উচ্চবৃক্ষে বাস।
Around her all her list'ning brood;	শ্রোতারূপে পক্ষিগণ আছে চারিপাশ॥
Proud of the blessings of her nest,	উচ্চস্থানে নীড় তাহে অতিঅহঙ্কৃত।
She thus a mother's care express'd:	মাতৃস্নেহ বর্ণন সে করে এইমত॥
No dangers here shall circumvnt,	কখন বিপদ নাহি ঘটে এইস্থানে।
Within the woods enjoy content.	পরমসন্তোষে ভোগ করিত কাননে॥
Sooner the hawk or vulture trust,	শ্যেন শকুন হইতে বরঞ্চ বিশ্বাস।
Than man; of animals the worst:	অতিনীচনর হৈতে নাহয় আশ্বাস॥
In him ingratitude you find,	মনুষ্যজাতির হয় কৃতঘ্নতাযুত।
A vice peculiar to the kind.	এই দোষ মনুষ্যের প্রতি বিশেষত॥
The sheep, whose annual fleece is dy'd	নানাবর্ণে বিচিত্রিত মেষলোম করি।
To guard his health and serve his pride,	তাহা গাত্রে দিয়া নর হয় অহঙ্কারী॥
Forc'd from his fold and native plain,	মেষগণ স্বস্থান হৈয়া বহিষ্কৃত।
Is in the cruel shambles slain.	নির্দ্দয় হনন স্থানে প্রাণে হয় হত॥

The swarms, who with industrious skill,	মক্ষিকারা মধুকরে কত পরিশ্রমে ।
His hives with wax and honey fill,	নরের সাহায্য কত করে মধু মোমে ॥
In vain whole summer days employ'd,	বৃথাশ্রমে গ্রীষ্মেতে করয়ে সঞ্চয় ।
Their stores are sold, their race destroy'd,	নর প্রাণে মারে জ্ঞানে সঞ্চিত বিক্রয় ॥
What tribute from the goose is paid!	রাজহংস হৈতে কিবা পুরয়ে বাসনা ।
Does not her wing all science aid?	লিখনে কি তার পাখা সাহায্য করেনা ॥
Does it not lovers' hearts explain,	প্রেমিকজনের গুপ্তকথা কি লিখেনা ।
And drudge to raise the merchant's gain?	বণিকদিগের লভ্য হৈতে কি পারেনা ॥
What now rewards this general use?	এই কর্ম্মে তাহারা কি পায় পুরস্কার ।
He takes the quills, and eats the goose.	নরেরা লেখনী পায় করে যে আহার ॥
Man then avoid, detest his ways;	মনুষ্যকে ত্যাগ ঘৃণা কর তার রীতি ।
So safety shall prolong your days.	এই সচ্ছন্দে তোমার হইবে উন্নতি ॥
When services are thus acquitted,	উপকার করিলে যে নহে উপকৃত ।
Be sure we Pheasants must be spitted.	কুক্কুট অবশ্য তাহে হইব ঘৃণিত ॥

FABLE XVI. / ষোড়শ ইতিহাস ।

The Pin and the Needle. / আল্‌পীন্ এবং সূচি ।

A pin, who long had serv'd a beauty,	এক আল্‌পীন্ ছিল কোন অবলার ।
Proficient in the toilet's duty,	বেশভূষা বিষয়ে নৈপুণ্য-ছিল যার ॥
Had form'd her sleeve, confin'd her hair,	আস্তিনের কর্ম্মে উহা করে আবশ্যক ।
Or giv'n her knot a smarter air,	কবরী বন্ধন ভাব ছিল প্রকাশক ॥
Now nearest to her heart was plac'd,	কখন তাহার স্থিতি করে বক্ষস্থলে ।
Now in her mantua's tails disgrac'd:	কভুবা ঘৃণিত হৈয়া জামার অঞ্চলে ॥
But could she partial fortune blame,	তাহার ভাগ্যের নিন্দা নাহি করিবার ।
Who saw her lovers serv'd the same?	প্রিয়জন নাহি করে এত উপকার ॥

At length, from all her honours cast,	অবশেষে মানের লাঘব হৈল তারে।
Through various turns of life she past;	ঘটিয়া অশেষরূপে সংসার ব্যাপারে ।।
Now glitter'd on a taylor's arm;	দরজির করেতে সদা পরে হয় স্থিতি ।
Now kept a beggar's infant warm;	আর শীত নিবারক দীনজন প্রতি ।।
Now, rang'd within a miser's coat,	পরে কোন কৃপণের কুর্ত্তিতে থাকিয়া।
Contributes to his yearly groat;	বার্ষিক ব্যয়ের দিল সাহায্য করিয়া ।।
Now rais'd again from low approach,	উচ্চপদ প্রাপ্ত হয় কিছুদিন পরে ।
She visits in the doctor's coach;	উঠিল সে ভিষকের শকট উপরে ।।
Here, there, by various fortune tost,	ভাগ্যগুণে নানাস্থানে হইল নিক্ষিপ্ত ।
At last in Gresham hall was lost.	গ্রেসাম * দালানে পরে হইল সে গুপ্ত ।।
Charm'd with the wonders of the show,	অপূর্ব্বদর্শনে তথা হৈল চমকিত ।
On every side, above, below,	কতমত অদ্ভুত দেখিয়া ইতস্তত ।।
She now of this or that inquires,	দ্রব্যের যাথার্থ বোধে আছিল ঈপ্সিত ।
What least was understood admires.	করিত প্রশংসা যাহা কিঞ্চিত বুঝিত ।।
'Tis plain, each thing so struck her mind,	তাবৎ বস্তুতে লোভ হৈত তার মনে ।
Her head's of virtuoso kind.	বিজ্ঞ ছিল নানাচিত্রবস্তু দরশনে ।।
And pay what's this, and this, dear Sir?	সূচি দেখে জিজ্ঞাসে কি বস্তু মহাশয় ।
A needle, says the interpreter.	দ্বিভাষী কহিল তার নাম সূচি হয় ।।
She knew the name. And thus the fool	জ্ঞাত আছি বলে সেই কহে অহঙ্কারে ।
Address'd her as a taylor's tool.	ঐ সূচি শিল্পিদিগের উপকার করে ।।
A needle with that filthy stone,	সেই সূচি কদর্য্যপ্রস্তর সহকারে ।
Quite idle, all with rust o'ergown!	সংলগ্ন হইয়া মলা হয় যে শরীরে ।।
You better might employ your parts,	যদি তুমি নিজগুণ করিবে বিস্তার ।
And aid the sempstress in her arts.	সূচিকর্ম্ম করিণির কর উপকার ।।
But tell me how the friendship grew	তুচ্ছপ্রস্তরের সহ তোমার মিত্রতা ।
Between that paltry flint and you?	কিরূপে হইল কিন্তু কহ সেই কথা ।।

* কোন স্থানবিশেষের নাম ।

Friend, says the needle, cease to blame,
I follow real worth and fame.
Know'st thou the loadstone's pow'r and art,
That virtue virtues can impart?
Of all his talents I partake,
Who then can such a friend forsake?
'Tis I direct the pilot's hand
To shun the rocks and treacherous sand:
By me the distant world is known,
And either India is our own.
Had I with milliners been bred,
What had I been? the guide of thread
And drudg'd as vulgar Needles do,
Of no more consequence than you.

সূচি কহে ক্ষম মিত্র কর নাহে দোষী।
সুখ্যাতি গ্রহণে অতি হই অভিলাষী॥
অয়স্কান্ত প্রস্তরের শক্তিগুণ যত।
কে জানে সেগুণ নিজগুণে প্রকাশিত॥
তাহার সনগুণ মম অধিকারে।
ঈদৃশ মিত্রকে কেবা পরিত্যাগ করে॥
আমি হই বৃহন্নৌকা পথের দর্শক।
চোরাবালি চড়া হৈতে আমি সে রক্ষক॥
আমা হৈতে দূরদেশ করয়ে গোচর।
এই যে ভারতবর্ষ দেখহ আমার॥
সূচিকর্ম্মকারী যদি পোষ্টা হইতোম।
সূত্রের চালন পথ সদা দেখাইতাম॥
কদর্য্য সূচির ন্যায় ক্ষুদ্রকর্ম্মে রত।
তোমার অপেক্ষা বহুফল নাহইত॥

Fable XVII.

The Shepherd's Dog and the Wolf.

A Wolf with hunger fierce and bold,
Ravag'd the plains, and thinn'd the fold:
Deep in the wood secure he lay,
The thefts of night regal'd the day.
In vain the shepherd's wakeful care
Had spread the toils, and watch'd the snare:
In vain the dog pursu'd his pace,
The fleeter robber mock'd the chase.
As Lightfoot rang'd the forest round,
By chance his foe's retreat he found.

সপ্তদশ ইতিহাস।

মেষপালের কুক্কুর এবং বৃক।

এক বৃক ক্ষুধাতুর অতিভয়ানক।
দেশ নাশ করে মেষগণের ভক্ষক॥
নিরাপদে মহারণ্যমাঝে করে বাস।
রাত্রির শিকার দিনে নাহিক আয়াস॥
ঐ মেষপালক জাগিত অনর্থক।
বহুশ্রমে ছিল পাশরজ্জুর রক্ষক॥
শিকারিকুক্কুর তার পিছে যায় বৃথা।
হেয় করে সত্বরগমনে সতর্কতা॥
ঐ দ্রুতগামী কভু কাননে ভ্রমিতে।
আপন বৈরির গৃহ পাইল দেখিতে॥

Let us awhile the war suspend,	কিছুদিন স্থির হয় মন্ত্রণা করিল।
And reason as from friend to friend.	মিত্রসহ বন্ধুবৎ কর্ম্ম আচরিল ॥
A truc; replies the wolf. 'Tis done.	তদ্রূপ হইল পরে প্রবৃত্তি বৃকের।
The dog the parley thus begun.	এইরূপ মিষ্টালাপ করিল কুক্কুর ॥
How can that strong intrepid mind	কিপ্রকারে করিবে তব নির্ভরমন।
Attack a weak defenceless kind?	নিরাশ্রয় ক্ষীণ জাতি প্রতি আক্রমণ ॥
Those jaws should prey on nobler food,	ঐ মুখে উচিত হয় পতন প্রধান।
And drink the boar's and lion's blood;	সিংহ আর বরাহ দেহের রক্তপান ॥
Great souls with generous pity melt,	মহানজনের মন দয়াযুত হয়।
Which coward tyrants never felt.	কদাপি নাজানে তাহা যে জন সভয় ॥
How harmless is our fleecy care!	পশুজাতি মধ্যে হই অতিদোষহীন।
Be brave, and let thy mercy spare.	আমাদিগে রক্ষা কর হইয়া স্বাধীন ॥
Friend, says the Wolf, the matter weigh:	বৃক কহে মিত্র ইহা হউক্ বিবেচিত।
Nature design'd us beasts of prey;	আমরা শিকারী হই প্রকৃতিবশত ॥
As such, when hunger finds a treat,	সেইহেতু ক্ষুধাকালে দ্রব্যের আহার।
'Tis necessary Wolves should eat.	তাহার ভক্ষণ করা উচিত বৃকের ॥
If mindful of the bleating weal,	যদ্যপি মানস হয় মেষ সুখোদয়।
Thy bosom burn with real zeal;	যদি হে তোমার দয়া তার প্রতি হয় ॥
Hence, and thy tyrant lord beseech:	প্রভুকে বলহে তুমি করিয়া বিনয়।
To him repeat the moving speech:	পুনঃ পুনঃ স্তুতি করসহ অনুনয় ॥
A Wolf eats sheep but now and then,	কদাচিৎ বৃক মেষ করয়ে ভক্ষণ।
Ten thousands are devour'd by men.	কিন্তু মনুষ্যেরা করে সহস্র হনন ॥
An open foe may prove a curse,	প্রকাশে শত্রুতা করি সেই দোষী হয়।
But a pretended friend is worse.	কাল্পনিকমিত্র হৈতে অতিমন্দ হয় ॥

Fable XVIII.	অষ্টাদশ ইতিহাস।
The Painter who pleased Nobody and every Body.	কোন চিত্রকর কাহাকে তুষ্ট করেনাই কিন্তু সকলকেই তুষ্ট করিয়াছিল ॥
Lest man suspect your tale untrue,	তোমার রচনা যদি হইবে প্রত্যয়।
Keep probability in view.	এরূপ বর্ণিবে যাহা অসম্ভব নয় ॥
The trav'ller leaping o'er those bounds,	কোনজন উৎকটবর্ণন করে ছিল।
The credit of his book confounds.	তাহার গ্রন্থেতে সবে সন্দেহ করিল ॥
Who with his tongue hath armies routed,	সে বর্ণনে সৈন্যসব ছিন্নভিন্ন হয়।
Makes ev'n his real courage doubted:	তাহার যথার্থশক্তি প্রতিও সংশয় ॥
But flatt'ry never seems absurd;	স্তুতিবাদ কদাপি নিষ্ফল নাহি হয়।
The flatter'd always take your word:	স্তাবকজনেরা তাহা মান্যতায় কয় ॥
Impossibilities seem just;	অসম্ভবে সম্ভব তাহারা করে জ্ঞান।
They take the strongest praise on trust.	প্রশংসাকে বোধ করে সত্যের সমান ॥
Hyperboles, tho' ne'er so great,	বাহুল্যবর্ণন যদি বহুদোষ নয়।
Will still come short of self-conceit.	তথাপি আপন গর্ব্বখর্ব্বকারী হয় ॥
So very like a Painter drew,	এইরূপ কোন চিত্রকর চিত্র করে।
That ev'ry eye the picture knew;	সেইচিত্র বিচিত্র বোধেতে সবে হেরে ॥
He hit complexion, feature, air,	অবয়ব ভাব বর্ণনা ছিল ব্যত্যয়।
So just, the life itself was there.	এরূপ চিত্রিত যেন জীবিতের ন্যায় ॥
No flatt'ry with his colours laid,	যেরূপ তাহার বর্ণ করে ছিল তাই।
To bloom restor'd the faded maid:	অবয়ব অবস্থার কিছু ভেদ নাই ॥
He gave each muscle all its strength;	সেই প্রতিমূর্ত্তি অতিবলবতী ছিল।
The mouth, the chin, the mose's length.	চিবুক নাসিকা মুখ যথার্থ করিল ॥
His honest pencil touch'd with truth,	নিরপেক্ষ্যলেখনীতে কিবা লিখে ছিল।
And mark'd the date of age and youth.	তাহাতে যৌবনভাব নির্ণয় হইল ॥
He lost his friends, his practice fail'd;	পরে চিত্রকর বন্ধু বাণিয্য বিহীন।
Truth should not always be reveal'd:	সত্যতাপ্রকাশ নাহি থাকে চিরদিন ॥

In dusty piles his pictures lay,	অযতনে সেই ছবি ধূলায় ধূসর ।
For no one sent the second pay.	যেহেতু কেহই নাহি যায় পুনর্ব্বার ।।
Two bustos, fraught with every grace,	দুই ছবি করেছিল অতিশোভাকর ।
A Venus' and Apollo's face,	সাক্ষাতে প্রাকৃত যেন রতি পঞ্চশর ।।
He placed in view : resolv'd to please,	সবার সন্তোষ হেতু সম্মুখে রাখিত ।
Whoever sat, he drew from these ;	সেরূপ করিত যারা লেখাতে আসিত ।
From these corrected ev'ry feature,	অন্য ছবি উহা দেখে হইত শোধন ।
And spirited each awkward creature	আর নব্যচিত্রকর উৎসাহবর্দ্ধন ।।
All things were set; the hour was come,	অবস্থার প্রকাশক বর্ণ নিয়োজিত ।
His pallet ready o'er his thumb.	রঙ্গধার সহিত সে হইল প্রস্তুত ।।
My lord appear'd : and seated right	কোন প্রভু আসি অগ্রে বসিল সেখানে ।
In proper attitue and light,	হাব ভাব সুঠান সহ আনন্দিতমনে ।।
The painter look'd, he sketch'd the piece,	পরে চিত্রকর চিত্র করিতেলাগিল ।
Then dipt his pencil, talk'd of Greece,	রঙ্গে তুলি ডুবাইয়া গল্প আরম্ভিল ।।
Of Titian's tints, of Guido's air ;	টাইটিনের বর্ণ আর গাইডোর্ আকার ।
Those eyes, my Lord, the spirit there	চক্ষুদ্বারা বোধ যেন জীবিত আত্মার ।।
Might well a Raphael's hand require,	রেফিয়েল্ হস্ত হেতা প্রয়োজন করে ।
To give them all the native fire ;	তাহাদের স্বরজ্যোতি স্বভাবত করে ।।
The features fraught with sense and wit,	বুদ্ধিজ্ঞান আছে উহা দেখে বোধ হৈল
You'll grant are very hard to hit ;	সে দুরূহ লক্ষ করা এরূপ কহিল ।।
But yet with patience you shall view	তথাপি আপনি স্থির হইয়া দেখিবে ।
As much as paint and art can do.	চিত্রকরের যেপর্য্যন্ত অন্ত তাহা পাবে ।।
Observe the work. My Lord reply'd,	প্রভু কহিল ইহা দেখুন আপনি ।
'Till now I thought my mouth was wide ;	ইহাহৈতে মম মুখ পরিসর মানি ।।
Besides, my nose is somewhat long ;	নাসিকা আমার দীর্ঘ ওহে চিত্রকর ।
Dear Sir, for me, 'tis far too young	এই ছবি জ্ঞান হয় যুবার আকার ।।

Oh! pardon me, the artist cry'd;
In this, we painters must decide.
The piece ev'n common eyes must strike,
I warrant it extremely like.
My Lord examin'd it anew;
No looking-glass seem'd half so true.
A lady came, with borrow'd grace,
He from his Venus form'd her face.
Her lover prais'd the painter's art;
So like the picture in his heart!
To ev'ry age some charm he lent;
Ev'n beauties were almost content.
Through all the town his art they prais'd,
His custom grew, his price was rais'd.
Had he the real likeness shown,
Would any man the picture own?
But when thus happily he wrought,
Each found the likeness in his thought.

Fable XIX.

The Lion and the Cub.

How fond are men of rule and place,
Who court it from the mean and base!
These cannot bear an equal nigh,
But from superior merit fly.

চিত্রকর কহে ক্ষমা কর মহাশয় ।
এইরূপ মমকর্ম্ম যে নির্ব্বাহ হয় ॥
সবার নয়ন ইথে হবে আহ্লাদিত ।
ইহাই সাদৃশ্য হয় কহি অকল্পিত ॥
প্রভু কহে ইহা হয় অতিচমৎকার ।
দর্পণে নাদেখি কভু অর্দ্ধাংশ ইহার ॥
তৎকালে আইল এক সুবেশা রমণী ।
রতিমত অবয়ব লিখিল তখনি ॥
তার প্রিয় ইহা দেখে তাহে প্রশংসিল ।
প্রিয়ার ছবিতে হৃদে সন্তুষ্ট হইল ॥
ছবিতে রূপের কিছু বাহুল্য করিত ।
সুন্দরিনারীরাও তাহে ছিল আহ্লাদিত ॥
নগরবাসির কাছে হইল সুখ্যাতি ।
বাণিজ্যের বৃদ্ধি হৈল মূল্যের উন্নতি ॥
যদ্যপি সে অবিকল আকৃতি লিখিত ।
তবে কি লোকের কাছে প্রশংসা পাইত ॥
সন্তুষ্টমানসে যাহা যখন লিখিত ।
সকলের মনে রূপ উদয় হইত ॥

ঊনবিংশতি ইতিহাস ।

সিংহ এবং তাহার শাবক ।

কিরূপ নিয়ম ধারা বাঞ্ছা করে নরে ।
চাহে যারা ক্ষুদ্র হৈতে উপার্জ্জন করে ॥
হারানা থাকিতেপারে সম সহকারে ।
কিন্তু গুণিজন হৈতে পলায়ন করে ॥

They love the cellar's vulgar joke,	নীচপরিহাস তারা ভাল বোধ করে।
And lose their hours in ale and smoke;	মদ্য আর ধূম পানে বৃথা কাল হরে ॥
There o'er some petty club preside!	নীচসভা মধ্যে তারা সভাপতি হয়।
So poor, so paltry is their pride!	ইহাতে তাহারা করে নিজতম ব্যয় ॥
Nay, ev'n with fools whole nights will sit,	অথবা সমস্তনিশা ক্ষিপ্ত সহবাস।
In hopes to be supreme in wit.	ইহাতে যে বিজ্ঞ বলে করে অভিলাষ ॥
If these can read, to these I write,	এই গ্রন্থ আবশ্যক পঠনীয় তাঁর।
To set their worth in truest light.	ইথে আছে মনুষ্যের রীতি নীতি সার ॥
A Lion cub, of sordid mind,	সিংহের শাবক এক হয়ে ক্ষুদ্রাশয়।
Avoided all the lion kind;	পরিত্যাগ করে স্বীয়জাতিসমুদয় ॥
Fond of applause, he sought the feasts	প্রশংসা প্রাপণে অতি হৈয়া সচেষ্টিত।
Of vulgar and ignoble beasts;	সহবাসে তুষ্ট ক্ষুদ্রপশুর সহিত ॥
With asses all his time he spent,	গর্দ্দভ নিকটে কাল ক্ষেপণ করিল।
Their club's perpetual president.	বহুকাল সে সভার সভাপতি হৈল ॥
He caught their manners, looks, and airs;	সেই ভাব রীতি শিক্ষা হৈল সেই বর্ণ।
An ass in every thing, but ears:	সমগ্র গর্দ্দবাকার কিন্তু নহে কর্ণ ॥
If e'er his highness meant a joke,	যদি কভু পরিহাসে হইত বাঞ্ছিত।
They grinn'd applause before he spoke;	কথা না বলিতে তারা প্রশংসা করিত।
But at each word, what shouts of praise!	প্রত্যেককথায় তারা করিত গৌরব।
Good gods! how natural he brays!	রব শুনে বলে কিবা অবিকল রব ॥
Elate with flatt'ry and conceit,	নীচের স্তবেতে হর্ষ হইয়া গর্বিত।
He seeks his royal sire's retreat;	আপনপিতার কাছে হয় উপস্থিত ॥
Forward, and fond to show his parts,	অগ্রসর হৈয়া নিজগুণ প্রকাশিল।
His highness brays; the Lion starts.	গর্দ্দভরবেতে সিংহ চমকিত হৈল ॥
Puppy, that curs'd vociferation	ওহে মূঢ় কহ কোথা শিক্ষা এ কুরব।
Betrays thy life and conversation:	কার মত বাক্য রীতি পাইয়াছ সব ॥

Coxcombs, an ever noisy race,	স্বেচ্ছাচারী হয় সদা কলহ কারক।
Are trumpets of their own disgrace.	ভেরীরূপ হয় নিজদোষের ঘোষক॥
Why so severe, the Cub replies;	পরে কহে কেন পিতা রাগান্বিতঅতি।
Our senate always held me wise.	বিজ্ঞ বলে মান্য করে হই সভাপতি॥
How weak is pride! returns the Sire;	গর্ব্ব অতিক্ষুদ্রবস্তু পিতা তার কয়।
All fools are vain, when fools admire!	মূর্খেরা গর্ব্বিত হয় মূর্খ প্রশংসায়॥
But know, what stupid asses prize,	জ্ঞাত হও করে যে প্রশংসা মূর্খখরে।
Lions, and noble beasts despise.	মৃগেন্দ্রপ্রভৃতি তাহা হেয় বোধ করে॥

Fable XX. / বিংশতি ইতিহাস।

The old Hen and the Cock. / কুক্কুটী এবং কুক্কুট।

Restrain your child; you'll soon believe	তনয়ে তাড়নে রাখ তবে হৈবে জ্ঞাত।
The text which says, we sprung from Eve.	নীতিশাস্ত্রে লিখে ইহা প্রকৃতিসৃজিত॥
As an old Hen led forth her train,	এক জরাকুক্কুটীশাবক সহ ফিরে।
And seem'd to peck to shew the grain;	যেরূপে আহার করে দেখায় সুতেরে॥
She rak'd the chaff, she scratch'd the ground,	তুষ আহরণ করে মৃত্তিকা চালন।
And glean'd the spacious yard around.	অঙ্গনের চারিদিগে করে বিচরণ॥
A giddy chick, to try her wings,	চপলশাবক এক পরীক্ষা কারণ।
On the well's narrow margin springs'	কূপের উপরি ভাবে করে উড্ডয়ন॥
And prone she drops. The mother's breast,	তথায় পতিত দেখি মাতৃমনে ব্যথা।
All day with sorrow was possess'd.	নখিলদিবস মাতা রহে দুঃখযুতা॥
A Cock she met; her son she knew;	ঐ শাবকের মাতা অন্য সুত জেনে।
And in her heart affection grew.	তোষিল তনয়ে অতিস্নেহ করি মনে॥
My son, says she, I grant your years	সুতে কহে হৈল তব বয়শ এখন।
Have reach'd beyond a mother's cares.	অপেক্ষা নাহিক আর জননি পালন॥

I see you vig'rous, strong, and bold;	যেহেতু দেখিছে তব সাহসসবল।
I hear with joy your triumphs told;	হর্ষেতে শ্রবণ করি তোমার মঙ্গল ।।
'Tis not from Cocks thy fate I dread;	কুক্কুট হইতে তব মৃত্যু ভয় নাই।
But let thy ever wary tread	চঞ্চলস্বভাবে তব সদা ভয় পাই ।।
Avoid yon well; that fatal place	ঐ ভয়ানককূপ কর বিসর্জন।
Is sure perdition to our race.	সে স্থান গমনে জান নিশ্চয় মরণ ।।
Print this my counsel on thy breast;	এই পরামর্শ মম মনে স্থির কর।
To the just gods I leave the rest.	ইতরবিপদে রাখি ঈশ্বর নির্ভর ।।
He thank'd her care; yet day by day	ধন্যবাদ করে মাতৃকৃতসাবধানে।
His bosom burn'd to disobey;	অবাধ্যতা দীপ্ত হয় তবু তার মনে ।।
And ev'ry time the well he saw,	প্রত্যহ ভ্রমণে ঐ কূপ নিরীক্ষণে।
Scorn'd in his heart the foolish law:	প্রবোধবচন হেয় করে নিজমনে ।।
Near and more near each day he drew,	প্রতিদিন ক্রমে যায় কূপসন্নিধানে।
And long'd to try the dangr'ous view.	ঐ সাংঘাতিককূপ সযত্ন ঈক্ষণে ।।
Why was this idle charge? he cries	কিহেতু নিরর্থ আজ্ঞা ইহাতে কি ভয়।
Let courage famale fears despise.	স্ত্রীলোকের শঙ্কা হেয় সাহসির হয় ।।
Or did she doubt my heart was brave,	অথবা সাহসী দেখে কি সংশয় করে।
And therefore this injunction gave?	সেই হেতু এই আজ্ঞা করিল আমারে ।।
Or does her harvest store the place,	অথবা আহার্য্য আছে কূপেতে সঞ্চয়।
A treasure for her younger race,	উহা বুঝি যুবশাবকের ধন হয় ।।
And would she thus my search prevent?	নিবারণ হেতু বুঝি তদনুসন্ধান।
I stand resolv'd, and dare th' event.	প্রতিজ্ঞাপূর্ব্বক করি সাহস সংস্থান ।।
Thus said. He mounts the margin's round,	ইহা বলি উত্তীর্ণ হইল কূপতীর।
And pries into the depth profound.	তথায় থাকিয়া দেখে বড়ই গভীর ।।
He stretch'd his neck, and from below	ফুল্লরোমাশির হৈয়া নিম্নে প্রতি কৃতি।
With stretching neck, advanc'd a foe:	দেখিল আগত যেন বিপক্ষ আকৃতি ।।

With wrath his ruffled plumes he rears,
The foe with ruffled plumes appears:
Threat answer'd threat, his fury grew,
Headlong to meet the war he flew;
But when the wat'ry death he found,
He thus lamented as he drown'd.
I ne'er had been in this condition,
But for my mother's prohibition.

রাগে নিজকলেবর যেরূপ হইল।
সেইরূপ অবস্থায় রিপুকে দেখিল॥
ভয়প্রদর্শনে হয় তদ্রূপ রাগত।
উত্তমাঙ্গ অধ করে সমরে পতিত॥
সলিলে পতিত হৈয়া মরণ সময়ে।
এইরূপ কহে সেই আক্ষেপ করিয়ে॥
এরূপ বিপদ্ কভু নাহৈত ঘটন।
ইহার কারণ শুদ্ধ জননি বারণ॥

FABLE XXI.

The Rat-Catcher and Cats.

The rats by night such mischief did,
Betty was every morning chid:
They undermin'd whole sides of bacon,
Her cheese was sapp'd her tarts, were taken.
Her pasties, fenc'd with thickest paste,
Were all demolish'd and laid waste.
She curs'd the cat for want of duty,
Who left her foes a constant booty.
An Engineer, of noted skill,
Engag'd to stop the growing ill.
From room to room he now surveys
Their haunts, their works, their secret ways;
Finds where they 'scape an ambuscade,
And whence the nightly sally's made.

একবিংশতি ইতিহাস।

ইন্দুরবদ্ধকারক এবং বিড়াল।

মূষাগণ নিশিযোগে উপদ্রব করে।
বেটিনাম্নী স্ত্রীদ্রব্য প্রতিদিন হরে॥
কোন মাংস ইতস্তত করিত প্রোথিত।
পনির হরণ করে আচার সহিত॥
অতিসাবধানে যাহা রাখে যত্ন করে।
মূষা আসি সেসকলখাদ্য ক্ষতি করে॥
অকর্ম্মণ্য বোধে করে মার্জ্জার ভৎর্সনা
এইরূপ অপকার যেহেতু ধরেনা॥
মূষিকবিদ্যায় খ্যাত এক শিল্পী ছিল।
তাহাকে ইহাতে পরে নিযুক্ত করিল॥
শিল্পী আসি প্রতি ঘরে করিল সন্ধান।
মূষিকের গতায়াত গোপনীয়স্থান॥
পলায়নপথ তার হইল দর্শিত।
যেখানে আছয়ে গর্ত্ত যামিনী নির্ম্মিত॥

An envious Cat, from place to place,	এক দ্বেষী হিংসক মার্জ্জার স্থানেস্থানে ।
Unseen, attends his silent pace :	মূষিকঘাতক ঘিরে চলিল গোপনে ॥
She saw that, if his trade went on,	সে ভাবিল এই কল হইলে সার্থক ।
The purring race must be undone ;	মার্জ্জার জাতীয়কর্ম্ম হৈবে নিরর্থক ॥
*S*o, secretly removes his baits,	গোপনে আসিয়া কল করিল বিকল ।
And ev'ry stratagem defeats.	কৌশল যতেক ছিল হইল বিফল ॥
Again he sets the poison'd toils,	বিষরূপফাঁদ সেই পুনশ্চ পাতিল ।
And Puss again the labour foils.	বিড়াল যাইয়া বিদ্যা বিফলা করিল ॥
What foe (to frustrate my designs)	কিরূপে কোথায় হৈতে আসি কোন অরি ।
My schemes thus nightly countermines ?	গোপনে গমন করে কল ভঙ্গ করি ॥
Incens'd, he cries, this very hour	কলকর্ত্তা কহে পরে হয়ে রোষান্বিত ।
The wretch shall bleed beneath my power.	ঐ দুষ্ট আমার শক্তিতে হৈবে হত ॥
So said, a pond'rous trap he brought;	ইহাই কহিয়া পাশ করিল বিস্তৃত ।
And in the fact poor Puss was caught.	দুঃখি আখুভুক তাহে হইলেন ধৃত ॥
Smuggler, says he, thou shalt be made	কলকর্ত্তা কহে তোরে এরূপ করিব ।
A victim to our loss of trade.	ব্যবসায় বৃদ্ধি হেতু বলিদান দিব ॥
The captive Cat, with piteous mews,	ধৃতওতু ধ্বনি করে করুণাজনক ।
For pardon, life, and freedom sues.	প্রার্থনা বিপদ হৈতে হইবে রক্ষক ॥
A sister of the science spare ;	রক্ষা কর আমি হই তোমার সমান ।
One int'rest is our common care.	একলভ্যে উভয়ের তুল্য সমাধান ॥
What insolence ! the man reply'd ;	সেই শিল্পী কহে একি দেখি অহঙ্কৃত ।
Shall Cats with us the game divide ?	লভ্য কি বিভাগ হৈবে বিড়ালসহিত ॥
Were all your interloping band	যদ্যপি অনধিকারী বদ্ধ হৈয়া দলে ।
Extinguish'd, or expell'd the land,	স্থিতি নাকরিতে এই ভুবনমণ্ডলে ॥
We Rat-catchers might raise our fees,	মূষিকহন্তার তবে বাড়িত বেতন ।
Sole guardians of a nation's cheese !	ইহা করিতাম মাত্র পনির রক্ষণ ॥

A Cat, who saw the lifted knife,
Thus spoke, and sav'd her sister's life.

In ev'ry age and clime we see,
Two of a trade can ne'er agree.
Each hates his neighbour for encroaching;
'Squire atigmatizes 'squire for poaching;
Beauties with beauties are in arms,
And scandal pelts each others' charms:
Kings too their neighbour kings dethrone,
In hope to make the world their own.
But let us limit our desires;
Not war like beauties, kings, and 'squires!
For though we both one prey pursue,
There's game enough of us and you.

Fable XXII.

A Goat without a Beard.

'Tis certain, that the modish passions
Descend among the crowd, like fashions.
Excuse me then, if pride, conceit,
(The manners of the fair and great,)
I give to monkeys, asses, dogs,
Fleas owls, goats, butterflies, and hogs.
I say that these are proud. What then?
I never said, they equal men.

উত্থিতছুরিকা দেখে কহিছে মার্জ্জার।
একরূপ কহিল যাতে রক্ষা হয় তার॥

দেখি আমি সর্ব্বদেশে সকলসময়।
তুল্য ব্যবসায়িতে কভু ঐক্য নাহি হয়॥
প্রতিবাসি প্রতিবাসি হেয় অভিলাষী।
মান্যগণ হরণে দোষে মান্য করে দোষী॥
রূপসী সহিত বাদ করয়ে রূপসী।
রূপেতে কুরূপ করে কলঙ্ক প্রকাশি॥
ভূপতির বৈরি হয় আসন্নভূপতি।
উভয় মানস আমি হই পৃথ্বীপতি॥
নিজনিজ আশয়ের কর সীমাবদ্ধ।
সুন্দরী আর রাজা মত নহে যেন যুদ্ধ॥
একব্যবসায়ী হই আমরা যদ্যপি।
বহুলভ্য উভয়ের হইবে তথাপি॥

দ্বাবিংশতি ইতিহাস।

শ্মশ্রুরহিতছাগ।

ইহা নির্দ্ধারিত আছে শরীর যে ধরে।
রীতিমত রিপুগণ তাহে বাস করে॥
অহঙ্কার মৎসর দোষেতে ক্ষম তবে।
সুন্দরির আর শ্রেষ্ঠে এ রীতি সম্ভবে॥
বানর কুক্কুর খর শূকর প্রভৃতি।
মক্ষিকা পেচক ছাগ আর প্রজাপতি॥
ইহারা কি গর্ব্ব করে জিজ্ঞাসি তোমায়।
আমি কহি কদাপি মনুষ্য তুল্য নয়॥

A Goat (as vain as Goat can be)
Affected singularity.
When'er a thymy bank he found,
He roll'd upon the fragrant ground;
And then with fond attention stood,
Fix'd o'er his image in the flood.

I hate my frowzy beard, he cries;
My youth is lost in this disguise.
Did not the females know my vigour,
Well might they loath this rev'rend figure.

Resolv'd to smooth his shaggy face,
He sought the barber of the place.
A flippant monkey, spruce and smart,
Hard by, profess'd the dapper art:
His pole with pewter basons hung,
Black rotten teeth in order strung,
Rang'd cups that in the window stood,
Lin'd with red rags, to look like blood,
Did well his threefold trade explain,
Who shav'd, drew teeth, and breath'd a vein.

The Goat he welcomes with an air,
And seats him in his wooden chair:
Mouth, nose, and cheek, the lather hides;
Light, smooth, and swift, the lather glides.

I hope your custom, Sir, says Pug
Sure never face was half so smug!

অহঙ্কারী এক ছাগ এরূপ হইল।
আশ্চর্য্য সে দেখাইতে ছলনা করিল ॥
যখন সে ছাগ এক উদ্যানে যাইল।
সুগন্ধিসংযুতস্থানে লুণ্ঠিত হইল ॥
ইচ্ছাবশে পুনর্ব্বার তখনি উঠিল।
নিজরূপ সলিলেতে আপনি দেখিল ॥

শুক্লশ্মশ্রু দেখে খেদ করিয়া ডাকিল।
এইরূপ বেশ মম যৌবন নাশিল ॥
ছাগীগণ মম বল যদি নাজানিত।
তবে এই মান্যাবস্থা তাচ্ছিল্য করিত ॥

পরে শ্মশ্রু মুণ্ডনেতে নির্ণয় করিল।
সন্ধান করিল তথা নাপিত যে ছিল ॥
সুবেশী সুবুদ্ধি কপি তথায় যে ছিল।
অতি আকুঞ্চনে যেই চাতুরি শিক্ষিল ॥
নাপিতের সীসাপাত্র দণ্ডে যে দোলিত।
কৃষ্ণবর্ণভগ্নদন্ত শ্রেণীতে গ্রথিত ॥
শ্রেণীবদ্ধপাত্রসব গবাক্ষে থাকিত।
রক্তবাসে রেখাযুত দর্শন লোহিত ॥
এইরূপ ব্যবসায় ছিল তার তিন।
ক্ষুরিকর্ম্ম দন্ত তোলা লোহিত মোক্ষণ ॥

ছাগ পায়ে হর্ষ হৈয়া সম্মান করিল।
ছাগেরে বসিতে কপি কাষ্ঠাসন দিল ॥

গালে নাকে মুখে তার মাখিয়া সাবান্।
সহজে সত্বর হৈয়া ক্ষুরে দিল টান্ ॥

কপি কহে এবিলম্বে করিছে ভরসা।
এরূপ সুন্দর মুখ নাহয় সহসা ॥

The Goat, impatient for applause,	প্রশংসা গ্রহণে ছাগ চঞ্চল হইয়া।
Swift to the neighbouring hill withdraws;	নিকটে পর্ব্বত তাহে শীঘ্র উঠে গিয়া ।।
The shaggy people grinn'd and star'd.	শ্মশ্রুধারিছাগগণ অদ্ভুত দেখিল।
Heighday! what's here? without a beard!	কেন হে অশ্মশ্রু দেখি শ্মশ্রু কি হইল।
Say, brother, whence the dire disgrace?	কহ ভ্রাত কোথা হৈলে এরূপ কুৎসিত।
What envious hand hath robb'd your face?	কোন্ হিংসকের হস্তে হইলে পতিত ।।
When thus the fop, with smiles of scorn,	হেয় করি কহে মৃদুহাসিয়া তখন।
Are beards by civil nations worn?	উত্তমবর্গেরা শ্মশ্রু করে কি ধারণ ।।
Ev'n Muscovites have mow'd their chins.	লোকবিশষেতে শ্মশ্রু ছাঁটিয়া ফেলিত।
Shall we, like formal capuchins,	আমরা হইব কিবা পূজকের মত ।।
Stubborn in pride, retain the mode,	গর্ব্বে স্বেচ্ছাচারী হৈয়া এইত বুঝিলা।
And bear about the hairy load?	কেনবা ধারণ করি চুল কতগুলা ।।
Whene'er we through the village stray,	যখন গমন করি গ্রাম মধ্যদিয়া।
Are we not mock'd along the way;	আমরা কি নাহি আসি ঘৃণিত হইয়া ।।
Insulted with loud shouts of scorn,	দূরদূর শব্দক্রমে হই তিরস্কৃত।
By boys our beards disgrac'd and torn?	বালকের দ্বারা শ্মশ্রু হয় উৎপাটিত ।।
Were you no more with Goats to dwell,	যদি না থাকিতে হয় ছাগ সহবাস।
Brother, I grant you reason well,	তবে ভাল করিয়াছ এই অভিলাষ ।।
Replies a bearded chief. Beside,	ইহা এক শ্মশ্রুধারি তদিতরে কয়।
If boys can mortify the pride,	অহঙ্কারিশিশু যদি ক্লেশপ্রদ হয় ।।
How wilt thou stand the ridicule	এ নিন্দা কি রূপে তবে থাকিবে সহিয়ে।
Of our whole flock? affected fool!	ওহে ক্ষিপ্ত ছদ্মবেশি স্বজাতি হইয়ে ।।

Coxcombs, distinguish'd from the rest,
To all but coxcombs are a jest.

Fable XXIII.

The old Woman and her Cats.

Who friendship with a knave hath made,
Is judg'd a partner in the trade.
The matron, who conducts abroad
A willing nymph, is thought a bawd;
And if a modest girl is seen
With one who cures a lover's spleen,
We guess her, not extremely nice,
And only wish to know her price.
'Tis thus, that on the choice of friends
Our good or evil name depends.

A wrinkled Hag, of wicked fame,
Beside a little smoky flame
Sate hov'ring, pinch'd with age and frost;
Her shrivell'd hands, with veins emboss'd,
Upon her knees her weight sustains,
While palsy shook her crazy brains:
She mumbles forth her backward pray'rs,
An untam'd scold of fourscore years.
About her swarm'd a num'rous brood
Of Cats, who lank with hunger mew'd,

স্বেচ্ছাচারী নাহি করে জন সহবাস।
যার কাছে যায় সেই করে উপহাস॥

ত্রয়োবিংশতি ইতিহাস।

বৃদ্ধাস্ত্রী এবং তাহার বিড়ালসকল।

খল সহিত মিত্রতা যেজন করয়।
সেই ব্যবসায়েতে তাহারি অংশী হয়॥
গৃহিণী সাহর্ত যায় বাহিরে রমণী।
তথাপি সকলে তারে কহিবে কুট্টনী॥
ধর্ম্মিষ্ঠারমণি যদি এই সহবাস।
প্রামিকজনার পূর্ণ করে অভিলাষ॥
উত্তমার গণনে তাহারে নাহি পাই।
বরঞ্চ বেতন তার জ্ঞাত হৈতে চাই॥
মিত্রতাবিষয়ে মনোনীত এপ্রকার।
যশোযশ আছে শুদ্ধ নির্ভর আমার॥

অতিবৃদ্ধা ছিল এক বিখ্যাতা ডাইনী।
সধূমাগ্নি পার্শ্বে লৈয়া বসিল আপনি॥
শীতে ও জরাতে নত বহ্নিসেবা রত।
সকম্পিতকর ছিল মস্তকে অর্পিত॥
জানুতে শরীর ভার ধারণ করিল।
পক্ষঘাতে বিকলাঙ্গ ক্ষিপ্তবৎ ছিল॥
বসিয়াছে মৃদুভাবে হয়ে অপসর।
ব্যাপিকার বয়ঃক্রম অশীতিবৎসর॥
তার চারিদিকে কত বিড়ালের পাল।
ক্ষুধাতে হইয়া ক্ষীণ ডাকিছে বিড়াল॥

Teaz'd with their cries, her choler grew,	তার ডাকে বিরক্ত হইল যে রাগত।
And thus she sputter'd. Hence, ye crew.	দূরহ বলে ওহে এই মতকত ॥
Fool that I was, to entertain	ক্ষিপ্ত আমি তাহে তোকে দিয়াছি আশ্রয়।
Such imps, such fiends, a hellish train!	প্রেত দৈত্য তোদের নারকিবংশ হয় ॥
Had ye been never hous'd and nurs'd,	যদি নাকরিতাম তোমাদের পালন।
I for a witch had ne'er been curs'd.	ডাইন বলিয়া তবে নাহৈত লাঞ্ছন ॥
To you I owe, that crowds of boys	তোরা নাথাকিলে তবে শিশু সম্বলিত।
Worry me with eternal noise;	কলহ যাতনা সবে আমারে নাদিত ॥
Straws laid across, my pace retard,	আমার গমনে ভয়ে তৃণ রাখে দ্বারে।
The horse-shoe's nail'd (each threshold's guard),	অশ্বনাল্ পোতে প্রতি চৌকাটগহ্বরে ॥
The stunted broom the wenches hide,	মার্জনী যুবতিগণ রাখে লৈয়া ঘরে।
For fear that I should up and ride!	পাছে এ ডাইন আসি আরোহন করে ॥
They stick with pins my bleeding seat,	আমার আসনে কাঁটা করে নিবন্ধন।
And bid me show my secret teat.	যুবতীরা অনুমতি করে দেখি স্তন ॥
To hear you prate would vex a saint;	শুনিয়া তোদের ধ্বনি মুণি ত্যক্ত হয়।
Who hath most reason of complaint?	তোমরা নাথাকিলে এতনিন্দা কেবা সয়।
Replies a Cat. Let's come to proof.	মার্জ্জার উত্তর করে করিয়া বিচার।
Had we ne'er starv'd beneath your roof,	তোমার গৃহেতে যদি নাহৈত আহার ॥
We had, like others of our race,	ইতর ইতর মম স্বজাতির মত।
In credit liv'd as beasts of chase.	প্রত্যয় করিলে স্বীয় আহার হইত ॥
'Tis infamy to serve a Hag;	ডাইনের কর্ম্ম করা অতি হেয় হয়।
Cats are thought imps, her broom a nag;	ওত হয় প্রেত ঝাঁটা অশ্ববাহন ন্যায় ॥
And boys against our lives combine,	নাশিতে একত্র হয় বালক সকলে।
Because, 'tis said, your cats have nine.	নয়টা বিড়াল আছে ইহা সবে বলে ॥

FABLE XXIV.

The Butterfly and the Snail.

All upstarts, insolent in place,
Remind us of their vulgar race.

As in the sunshine of the morn,
A Butterfly (but newly born)
Sate proudly perking on a rose,
With pert conceit his bosom glows;
His wings (all glorious to behold),
Bedropt with azure, jet, and gold,
Wide he displays; the spangled dew
Reflects his eyes, and various hue.

His now forgotten friend, a Snail,
Beneath his house, with slimy trail
Crawls o'er the grass; whom when he spies,
In wrath he to the gard'ner cries;

What means you peasant's daily toil,
From choaking weeds to rid the soil?
Why wake you to the morning's care?
Why with new arts correct the year?
Why glows the peach with crimson hue?
And why the plumb's inviting blue?
Were they to feast his taste design'd,
That vermin of voracious kind?
Crush then the slow, the pilf'ring race;
So purge thy garden from disgrace.

চতুর্বিংশতি ইতিহাস।

প্রজাপতী এবং শম্বুক।

স্থানগুণে আধুনিক গর্ব্ব করে কত।
জানায় আপনে মহাবংশের প্রসূত॥

প্রভাতের উদয়ে যেমন দিনপতি।
কোন এক নূতনপ্রসূত প্রজাপতি॥
পদ্মের উপর বসি ছিল অতিতৃপ্ত।
মনে তার অহঙ্কার হইল প্রদীপ্ত॥
পক্ষ তার চিত্র ছিল বিচিত্র চিত্রিত।
শ্যাম কৃষ্ণ স্বর্ন বর্ণে অত্যন্ত শোভিত॥
চাকচক্য হিম মত পক্ষ বিস্তারিল।
চক্ষু তার নানাবর্ণে শোভিত আছিল॥

এক বিস্মৃতমিত্র শম্বুক তথা ছিল।
তাহার গৃহের নীচে বসতি করিল॥
এক দিন তৃণোপরি গমন করিল।
তাহা দেখি রাগে কীট মালিরে কহিল॥

কিহেতু প্রত্যহ কৃষী ঘাসে শ্রম করে।
কিবা কার্য্য কণ্ট ও বন পরিস্কারে॥
প্রাতঃকালে গাত্রোত্থান কিসের কারণ।
সম্বৎসরে কেন করে নূতনসৃজন॥
কি নিমিত্ত পিচ্ফল আরক্তবরণ।
কুল্ফল শ্যামবর্ণ হয় কি কারণ॥
এসকল কারণ শম্বুকের আহার।
ঐ কীট হয় অতিশয়ক্ষুধাতুর॥
অপহারকশম্বুকে যদি আশুনাশ কর।
তবেত হইবে তব উদ্যান সুন্দর॥

What arrogance! the Snail reply'd;
How insolent his upstart pride!
Had'st thou not thus, with insult vain,
Provok'd my patience to complain,
I had conceal'd thy meaner birth,
Nor trac'd thee to the scum of earth.
For scarce nine suns have wak'd the hours,
To swell the fruit, and paint the flow'rs,
Since I tgy humbler life survey'd.
In base, in sordid guise array'd;
A hideous insect; vile, unclean,
You dragg'd a slow and noisome train;
And from your spider bowels drew
Foul film, and spun the dirty clue.
I own my humble life, good friend;
Snail was I born, and Snail shall end.
And what's a Butterfly? At best,
He's but a caterpillar, drest;
And all thy race (a numerous seed)
Shall prove of caterpillar breed.

শম্বুক উত্তর করে একি অহঙ্কার।
আধুনিকে এরূপ আশ্চর্য্য কিবা তার ॥
শম্বুক কহিছে তুমি গর্ব্বের সহিতে।
এরূপ আমারে যদি ত্যক্ত না করিতে ॥
নীচেতে উৎপত্তি তব নাহৈত কথিত।
পৃথিবির মলা ইহা নহে অন্বেষিত ॥
অদ্যাপিও নয় দিন গত নাহি হয়।
ফলের বরণ ফলে হৈয়াছে শংসয় ॥
নীচদশা তব যত হৈয়াছে দর্শিত।
নীচ ও কদর্য্য বেশে আছিলে বেষ্টিত ॥
ওরে ভয়ানককীট অত্যন্তঘৃণিত।
উরগ অবস্থা তোর ছিল প্রথমত ॥
ঊর্ণাতন্তুউদর হইতে বিনির্গত।
তোমাতে গুটির সৃষ্টি ছিলে চর্ম্মাবৃত ॥
স্বীকার করিহে মিত্র জন্ম ক্ষুদ্রজাতি।
যাহাতে জনন মম তাহাতেই মৃতি ॥
তুমি কিসে উত্তম হইবে তাহা বল।
অগ্রে গুটীপোকা শেষ প্রজাপতি হৈল ॥
বংশের বাহুল্য তব কহিলাম যাবৎ।
গুটীপোকাদ্বারা জন্ম প্রকাশ তাবৎ ॥

Fable XXV.

The Scold and the Parort.

The husband thus reprov'd his wtfe
Who deals in slander, lives in strife.
Art thou the herald of disgrace,
Denouncing war to all thy race?

পঞ্চবিংশতি ইতিহাস।

ব্যাপিকাস্ত্রী এবং শুকপক্ষী।

তিরস্কার করে পতি এরূপ তাহায়।
পরনিন্দা কলহে কিকর কাল ক্ষয় ॥
অযশবিষয়ে হও তুমি কি কুট্টিনী।
স্ত্রীজাতির মাঝে তুমি কলহ কারিণী ॥

Can nothing quell thy thunder's rage,	কোনমতে হয়না কি রাগের শান্তিনা।
Which spares nor friend, nor sex, nor age?	যাতে বন্ধু জাতি কাল নাহি বিবেচনা॥
That vixen tongue of yours, my dear,	ওহে প্রিয়ে তোমার যে কর্কশবচন।
Alarms our neighbours far and near.	দূরাদূর প্রতিবাসির ভয় প্রদর্শন॥
Good gods! 'tis like a rolling river,	সমুদ্রকল্লোল তুল্য কলহকল্লোল।
That murm'ring flows, and flows for ever!	চিরকালজন্য বহে তাহার হিল্লোল॥
Ne'er tir'd, perpetual discord sowing	এরূপ বিবাদ বীজ হইলে রোপিত।
Like fame, it gathers strength by going.	সখ্যাতির মত ক্রমে ক্রমেতে বর্দ্ধিত॥
Heighday; the flippant tongue replies,	ব্যাপিকারমণি পরে কহিছে বচন।
How solemn is the fool! how wise!	কিরূপ বা ক্ষিপ্তজন জ্ঞানিরা কেমন॥
Is nature's choicest gift debarr'd?	নহে কি উত্তমরূপে প্রকৃতিসৃজিত।
Nay, frown not; for I will be heard.	তাড়না করনা শুন আমার কথিত॥
Women of late are finely ridden,	প্রাচীনারমণি অতিমাননীয়া হন।
A parrot's privilege forbidden!	শুকপক্ষির অধিকার ছিল নিবারণ॥
You praise his talk, his squalling song;	তুমি কি প্রশংসা কর চিৎকারে তাহার।
But wives are always in the wrong.	কিন্তু রমণিরা করে অতিঅবিচার॥
Now reputations flew in pieces	সম্ভ্রম এক্ষণে গেল এই সবাকার।
Of mothers, daughters, aunts, and nieces;	জননি অঙ্গজা খুড়ি ভাগিনেয় আর॥
She ran the Parrot's language o'er,	শুকের বাক্যেরে জয় করিলেন তিনি।
Bawd, hussy, drunkard, slattern, whore;	দূতী দুষ্টানারি বেশ্যা কুৎসিতারমণি॥
On all the sex she vents her fury,	জাতিসমুদয়ে তার রাগ দেদীপিত।
Tries and condemns without a jury.	নাবুঝিয়া করে দণ্ড বিচার ব্যতিত॥
At once the torrent of her words	কিবা তার বাক্যস্রোত অত্যন্ত অদ্ভুত।
Alarm'd cat, monkey, dog, and birds;	মার্জ্জার কুক্কুর কপি পক্ষিগণ ভীত॥

All join their forces to confound her!
Puss spits, the monkey chatters round her;
The yelping cur her heels assaults;
The magpye blabs out all her faults;
Poll, in the uproar, from his cage,
With this rebuke out-scream'd her rage.

A Parrot is for talking priz'd.
But prattling women are despis'd.
She who attacks another's honour,
Draws every living thing upon her.
Think, Madam, when you stretch your lungs,
That all your neigbours too have tongues.
One slander must ten thousand get,
The world with int'rest pays the debt.

FABLE XXVI.

The Cur and the Mastiff.

A sneaking Cur, the master's spy,
Rewarded for his daily lie,
With secret jealousies and fears
Set all together by the ears;
Poor puss to-day was in disgrace,
Another cat supply'd her place;
The hound was beat, the Mastiff chid
The monkey was the room forbid;
Each to his dearest friend grew shy,
And none could tell the reason why.

ভয়ে সবে জ্ঞাতিগণ একত্র করিল।
মার্জ্জার করিল ঘৃণা বানরে ঘেরিল॥
কুক্কুর আসিয়া পদে নখাঘাত করে।
হাঁড়িচাঁচাপক্ষি আসি দোষিল তাহারে॥
পোলপক্ষি পিঞ্জর হইতে উচ্চৈঃস্বরে।
তাহার রাগেতে কত তিরস্কার করে॥

বরং শুকপক্ষি হয় রবে প্রশংসিত।
ব্যাপিকারমণি কিন্তু হয় তিরস্কৃত॥
ইতরনারির মান যেই নারী হরে।
সকলজীবেতে সেই নারী নিন্দা করে॥
কথার পূর্ব্বেতে কর যত বিবেচনা।
তবপ্রতিবাসীরও আছয়ে রসনা॥
একগ্লানি করিলে সে লক্ষগুণে পায়।
How muddling 'tis on books to pore!	এ কি কদর্য্যকর্ম্ম গ্রন্থে মনো নিবেশ।
I thought I'd read an hour or more.	ইচ্ছা ছিল একদণ্ডে পাঠ করি শেষ॥
The morning, of all hours, I hate,	সকল সময় প্রাতঃকালে তুচ্ছ হয়।
One can't contrive to rise too late.	এতেক বিলম্বে উঠে কার শক্তি নয়॥

To make the minutes faster run,
Then too his tiresome self to shun,
To the next coffee-house he speeds,
Takes up the news, some scraps he reads.
Saunt'ring, from chair to chair he trails;
Now drinks his tea, now bites his nails.
He spies a partner of his woe;
By chat afflictions lighter grow;
Each other's grievances they share,
And thus their dreadful hours compare.
Says Thom. Since all men must confess,
That Time lies heavy more or less;
Why should it be so hard to get
Till two a party at piquet?
Play might relieve the lagging morn:
By cards long wintry nights are borne;
Does not quadrille amuse the fair,
Night after night, throughout the year?
Vapours and spleen forgot, at play
They cheat uncounted hours away.
My case, says Will, then must be hard.
By want of skill from play debarr'd.

পল অনুপল গতি করিলে সত্বরে।
অলসে অধিক শ্রমে আরো ঘৃণা করে॥
ত্বরা করে যায় কাওয়া খাইবার ঘরে।
সম্বাদপত্রিকা পাঠ করে তার পরে॥
ভ্রমিয়া চৌকিতে গিয়া বসে তার পরে।
চা পান করি নখে দন্তাঘাত করে॥
আপন দুঃখের অংশী পরে তত্ত্ব লয়।
কথোপকথনে কিছু দুঃখ হ্রাস হয়॥
চিন্তাকে বণ্টন তারা করে পরস্পরে।
এইরূপ ভয়ানককালে তুল্য করে॥
টাম * কহে সবে ইহা স্বীকার করিবে।
কাল অতিভার কিম্বা লঘু বোধ হৈবে॥
তাহা লাভে কি হেতু এরূপ কষ্ট হয়।
তাস খেলা দুই ঘটিকায় হয় ক্ষয়॥
সন্ধ্যায় আরম্ভ সাঙ্গ প্রাতঃকালে নয়।
শীত রাত্র হৈলে তবু নাহি শেষ রয়॥
খেলায় সন্তুষ্টা নাহি থাকে কি বনিতা।
প্রতি নিশি বার মাসে না হয় বিরতা॥
আধি ব্যাধি খেলায় বিস্মৃত সব হয়।
নাশ করে তার কত অগণ্যসময়॥
ইচ্ছা কহে মমাবস্থা কঠিন হইবে।
জ্ঞানাভাবে খেলা হৈতে রহিত করিবে॥

* কোন জনের নাম।

Courtiers kill Time by various ways;	বৃথাকাল ক্ষয় করে রাজমন্ত্রী গণ ।
Dependance wears out half their days.	অর্দ্ধেকসময় করে দাসত্বে ক্ষেপণ ॥
How happy these, whose time ne'er stands!	সুখী সেই বৃথাকাল ক্ষয় যার নয় ।
Attendance take it off their hands.	অশেষ কার্য্যের সুখে হয় কাল ক্ষয় ॥
Were it not for this cursed shower,	বৃথাকাল ক্ষয় যদি নিন্দনীয় নয় ।
The park had whiled away an hour.	মৃগয়াতে একদণ্ড করিতাম ব্যয় ॥
At court, without or place or view,	বাহিরে বা কোন স্থানে অথবা সভায় ।
I daily lose an hour or two.	প্রতিদিন দুইদণ্ড করি কাল ক্ষয় ॥
It fully answers my design,	ইহাতে প্রকৃষ্টে হয় প্রকাশ আশয় ।
When I have pick'd np friends to dine.	বন্ধু বাঞ্ছা করি আমি আহার সময় ॥
The tavern makes our burden light;	পানশালায় আমাদের ভার লঘু হয় ।
Wine puts our Time and care to flight.	মদ্যপানে সাবধানে হয় কাল ক্ষয় ॥
At six (hard case!) they call to pay.	দুঃখাবস্থা গণি ছয় দণ্ডের সময় ।
Where can one go? I hate the play.	হেয় করি খেলায় কে যাইবে কোথায় ॥
From six till ten! Unless I sleep,	দশটা পর্য্যন্ত নিদ্রা নাহি নিদ্রাগারে ।
One cannot spend the hours so cheap.	হেলায় কেহ না ব্যর্থ কাল ক্ষয় করে ॥
The comedy's no sooner done,	না হইতে কৌতুক কাব্যের সমাপন ।
But some assembly is begun;	কতগুলি একত্রেতে হইল মিলন ॥
Loit'ring from room to room I stray;	বিলম্ব করিয়া ভ্রমি প্রত্যেক ভবন ।
Converse, but nothing hear or say:	কিছুই না শুনি কেহ না কহে বচন ॥
Quite tir'd from fair to fair I roam.	শ্রান্ত হৈয়া বিপণিতে করিয়ে ভ্রমণ ।
So soon; I dread the thoughts of home.	গৃহের চিন্তায় ভীত হই সেইক্ষণ ॥
From thence, to quicken slow-pac'd night:	শীঘ্র কাটাইতে ধীর গামিনী যামিনী ।
Again my tavern friends invite:	ভেটেরার মিত্রে করি আমন্ত্রণ অমনি ॥

Here too our early mornings pass,	তথায় হইল মম প্রাতঃকাল গত।
Till drowsy sleep retards the glass.	নিদ্রাবেশে মদ্যপান হয় বাধাকৃত ॥
Thus they their wretched life bemoan,	এই মত স্ব ২ দুঃখে সবে ক্ষেদ করে।
And make each other's case their own.	নিজ নিজাবস্থা ঐক্য ভাবিল অন্তরে ॥
Consider friends, no hour rolls on,	বিবেচনা কর মিত্র কত কাল গেল।
But something of your grief is gone.	কথোপকথনে কিছু শোক শান্তি হৈল ॥
Were you to schemes of bus'ness bred,	বিষম কর্ম্মেতে পটু হৈতে যদি তুমি।
Did you the paths of learning tread,	তবেত হইতে তুমি শাস্ত্রপথ গামী ॥
Your hours, your days, would fly too fast;	তখন সময় দিবা সত্বর যাইত।
You'd then regret the minute pass'd.	এক ক্ষণ ব্যর্থ গেলে হইতে দুঃখিত ॥
Time's fugitive and light as wind!	বায়ুবৎ কাল লঘু স্থির নাহি রয়।
'Tis indolence that clogs your mind!	আলস্যের দ্বারা মন জড়রূপ হয় ॥
That load from off your spirits shake;	আত্মাকে চঞ্চল উহা করে যে সময়।
You'll own and grieve for your mistake,	মনভ্রান্তি গ্রাহ্য করি শোকযুক্ত হয় ॥
Awhile your thoughtless spleen suspend,	মূঢ়তার রাগে হও ক্ষণকাল ক্ষান্ত।
Then read, and (if you can) attend.	পাঠে মনোযোগ কর হইয়া অভ্রান্ত ॥
As Plutus, to divert his care,	চিন্তাদুঃখ দূর হেতু কুবের যখন।
Walk'd forth one morn to take air,	বায়ু সেবনার্থ কভু করিছে ভ্রমণ ॥
Cupid o'ertook his strutting pace:	ধীরগামী কামদেবে দেখে দ্রুত গতি।
Each star'd upon the stranger's face;	বিস্ময় হইল সব উদাসীন প্রতি ॥
Till recollection set 'em right:	যাবৎ স্মরণ নহে যথার্থ কারণ।
For each knew t'other but by sight.	পরস্পর জানি দৃষ্টি দ্বারা অন্য জন ॥
After some complimental talk,	সময় নিকটে গিয়া শিষ্টালাপ করে।
Time met'em, bow'd, and join'd their walk.	সময় প্রণাম করি ভ্রমে পরস্পরে ॥

Their chat on various subjects ran,	তাঁহারা কহেন নানা কথোপকথন।
But most, what each had done for man.	বিশেষে কহেন যাহা নরে নিয়োজন॥
Plutus assumes a haughty air,	ইহা শুনি কুবের রুষান্বিতাতিশয়।
Just like our purse-proud fellows here.	ধনিজন রাগী হৈলে যেইরূপ হয়॥
Let kings, (says he,) let cobblers tell,	চর্ম্মকারে বলুন্ রাজা কাম ইহা কয়।
Whose gifts among mankind excel.	যার দান মানবগণেতে শ্রেষ্ঠ হয়॥
Consider courts: what draws their train?	কি লাভ করয়ে তারা বুঝ সভাস্থেরা।
Think you 'tis loyalty or gain?	প্রভুভক্ততার গুণ লাভ করে তারা॥
That statesman hath the strongest hold,	রাজসভাস্থের মধ্যে যেই কৃতী জন।
Whose tool of politics is gold.	রাজ্য শাসনের অস্ত্ররূপ যে কাঞ্চন॥
By that, in former reigns, 'tis said,	পূর্ব্ব ২ জন হৈতে ইহা শ্রুত আছে।
The knave in power hath senates led.	ধূর্ত্তেরা প্রভুত্ব করে ভূপতির কাছে॥
By that alone he sway'd debates,	কেবল শঠতা দ্বারা সে হয় প্রধান।
Enrich'd himself and beggar'd states.	তাহাতেই অতিশীঘ্র হয় ধনবান॥
Forego your boast. You must conclude,	গর্ব্বিত দেখিয়া তারে দুঃখীলোকে কয়।
That's most esteem'd that's most pursu'd.	মান্যতা যাহাতে তাহা চেষ্টাযক্তি হয়॥
Think too, in what a woeful plight	আরো বুঝ যাহা হয় দুঃখের সময়।
That wretch must live whose pocket's light.	তাহে ঐ হতভাগা ধনে সুখী রয়॥
Are not his hours by want depress'd?	ধন হৈলে অভাব ভাবনা কি না ভাবে।
Penurious care corrodes his breast.	কৃপণের ধন হৈলে চিন্তা যায় কবে॥
Without respect, or love, or friends,	মান্য অথবা প্রেম কিম্বা মিত্রতায়।
His solitary day descends.	কিছুতেই তাহার সময় ক্ষয় নয়॥
You might, says Cupid, doubt my parts,	মম কর্ম্মে সন্দেহ কি কামদেব কয়।
My knowledge too ino human hearts,	মম জ্ঞানও মনুষ্যের হৃদয়েতে রয়॥

Should I the pow'r of gold dispute,	হিরণ্যের মর্য্যাদায় করি কি সংসয় ।
Which great examples might confute;	উৎকৃষ্ট দৃষ্টান্তে যাহা পরিহরণীয় ।।
I know, when nothing else prevails,	আমি জানি কিছুতে না মান্যতা প্রকাশে ।
Persuasive money seldom fa'ls;	সুরোচক মুদ্রা কদা অপ্রতুল নাশে ।।
That beauty, too, (like other wares,)	রূপক অত্যন্ত হয় নয়ন গোচরে ।
Its price, as well as conscience, bears.	অন্যান্য দ্রব্যের মত মূল্য ধর্ম্ম ধরে ।।
Then marriage (as of late profess'd)	অনেক বিলম্ব পরে হয় পরিণয় ।
Is but a money job at best.	উত্তম বাণিজ্য হৈলে ইহা সিদ্ধ হয় ।।
Consent, compliance, may be sold:	স্বীকার বাধ্যতা দুই বিক্রয়ের তুল্য ।
But love's beyond the price of gold.	প্রণয় পদার্থ হয় স্বর্ণাধিক মূল্য ।।
Smugglers there are, who by retail,	পণগ্রাহী আছে যারা পণ ব্যবহারে ।
Expose what they call love, to sale;	প্রণয় বিক্রয় হয় ইহা ব্যক্ত করে ।।
Such bargains are an arrant cheat:	পণের গ্রাহক হয় অতিদোষাকর ।
You purchase flatt'ry and deceit.	ওহে তুমি স্তব প্রবঞ্চনা ক্রয় কর ।।
Those who true love have ever try'd,	প্রেম সত্য চির যার আছে পরীক্ষিত ।
(The common cares of life supply'd,)	তাহার সামান্য চিন্তা হয় নিয়োজিত ।।
No wants endure, no wishes make,	অভাব নাথাকে কোন বাঞ্ছা নাহি করে ।
But ev'ry real joy partake.	কালক্ষেপ হয় তার সুখ পুরঃসরে ।।
All comfort on themselves depends;	সমস্ত স্বচ্ছন্দ তাহে থাকে বিদ্যমানে ।
They want nor power, nor wealth, nor friends.	প্রার্থিত নাহয় তারা শক্তি মিত্র ধনে ।।
Love then hath ev'ry bliss in store;	প্রণয় পদার্থ তবে হয় সুখাকর ।
'Tis friendship, and 'tis something more.	মিত্রতা ইহাতে বহু কিবা অতঃপর ।।
Each other ev'ry wish they give,	বাঞ্ছিত প্রদান তারা করে পরস্পরে ।
Not to know love, is not to live.	যাবজ্জীবন অন্যে প্রেম নাহি করে ।।
Or love, or money, (Time reply'd,)	কাল কহে প্রীতি অর্থ এ দুই বিষয় ।
Were men the question to decide,	মনুষ্য হইতে যদি প্রভেদিত হয় ।।

Would bear the prize; on both intent,	লাভাকাঙ্ক্ষী পরস্পর হইবেক তবে ।
My boon's neglected or mispent,	মম বর বিস্মৃত বা অপব্যয়ী হৈবে ।।
'Tis I who measure vital space,	পরিমাণ করি আমি জীবের সময় ।
And deal out years to human race.	নরের বার্ষিক অংশ আমা হৈতে হয় ।।
Though little priz'd, and seldom sought ;	যদি অল্পমূল্য হয় তবু তত্ত্ব করে কে ।
Without me love and gold are nought;	কিছুই না হয় ধন আমা ব্যতিরেকে ।।
How does the miser time employ?	কৃপণ সময় ক্ষয় করে কি প্রকারে ।
Did I e'er see him life enjoy?	কখন কি দেখি সুখ ভোগ নাহি করে ।।
By me forsook, the hoards he won,	আমা হৈতে সঞ্চিত যে অর্থ নাশ হয় ।
Are scatter'd by his lavish son.	বহুব্যয়ী পুত্র তার করে ধন ক্ষয় ।।
By me all useful arts are gain'd:	আমা হৈতে আবশ্যক বিদ্যা হয় বৃদ্ধি ।
Wealth, learning, wisdom, is attain'd,	অধিকন্তু লাভ হয় ধন গুণ বুদ্ধি ।।
Who then would think, (since such my pow'r,)	এরূপ অনন্তশক্তি আমি যদি ধরি ।
That e'er I knew an idle hour?	কে বুঝিবে নিষ্কর্ম্মেতে কালক্ষেপ করি ।।
So subtle and so swift I fly,	আমার এরূপ গতি শীঘ্র অতিশয় ।
Love's not more fugitive than I.	আমা হৈতে প্রেম কভু দ্রুতগামী নয় ।।
Who hath not heard coquettes complain	রসিকের আবেদন ইহা কে না জানে ।
Of days, months, years, mispent in vain.	দিন মাস বৎসর যে গেল অকারণে ।।
For time misus'd they pine and waste,	বৃথাকাল ক্ষয়ে তারা শোক বিষাদিত ।
And love's sweet pleasures never taste.	প্রেম সুখাস্বাদ ভোগে কখন বিরত ।।
Those who direct their time aright,	যথার্থ সুখেতে করে সময় যাপন ।
If love or wealth their hopes excite,	প্রেম ধন ভরসাকে করে উদ্দীপন ।।
In each pursuit fit hours employ'd,	যে কর্ম্মে যে কাল উক্ত করয়ে নিয়োগ ।
And both by Time have been enjoy'd.	সুসময়ে উক্ত যত করে সুখ ভোগ ।।
How heedless then are mortals grown!	নশ্বরগণেরা নাহি থাকে সাবধানে ।
How little is their int'rest known!	বহুমূল্যসময়কে ক্ষুদ্রলাভ মানে ।।

In ev'ry view they ought to mind me;	তাহার উচিত করে আমারে স্মরণ ।
For when once lost they never find me.	যেহেতু করেনা কাল পুনরাগমন ॥
He spoke. The gods no more contest,	কাল ইহা কহিলে দেবতা ক্ষান্ত হয় ।
And his superior gift confess'd;	তাহার শক্তিকে মান্য করে অতিশয় ॥
That Time (when truly understood)	সেই তথ্য সময়ে যে যথার্থতঃ জানে ।
Is the most precious earthly good.	সাংসারিক কর্ম্মে বহুমূল্য করি মানে ॥

FABLE XIV.	**চতুর্দশ ইতিহাস ।**
The Owl, the Swan, the Cock, the Spider, the Ass, and the Farmer.	পেচক ও ধৃতরাষ্ট্র ও কুক্কুট ও মাকড়সা ও গর্দভ এবং কৃষক ।
To a Mother.	কোন মাতৃ প্রতি ।
Conversing with your sprightly boys,	সুবোধ তনয় সহ কথোপকথনে ।
Your eyes have spoke the mother's joys.	মাতৃবৎ হর্ষ বোধ তোমার নয়নে ॥
With what delight I've heard you quote	যেইরূপ শুনিয়াছি স্নেহ কর সুতে ।
Thair sayings in imperfect note!	সে কথা সম্পূর্ণরূপে না পারি বর্ণিতে ॥
I grant, in body and in mind,	শরীর মনেতে মম এই যে নিশ্চয় ।
Nature appears profusely kind.	প্রকৃতিকে অপব্যয়ি মত বোধ হয় ॥
Trust not to that. Act you your part:	বিশ্বাস কর না নাহি কহ স্নেহ বাক্য ।
Imprint just morals on their heart;	নীতি বিষয়ের কথা মনে কর ঐক্য ॥
Impartially their talents scan:	গুণের পরীক্ষা লও বিনা পক্ষপাতে ।
Just education forms the man.	বিদ্যাতেই গণ্য হয় মনুষ্যরূপেতে ॥
Perhaps, (their genius yet unknown,)	বুঝি সেই এপর্য্যন্ত অজ্ঞাতবিষয় ।
Each lot of life's already thrown;	জীবনের পৃথক ২ ভাগ্য হয় ॥
That this shall plead, the next shall fight,	কেহ পূর্ব্বপক্ষ কেহ যুদ্ধ করে তত্ত্ব ।
The last assert the church's right.	অবশেষে কেহ কহে গীর্জার সত্ত্ব ॥

I censure not the fond intent:	বৃথা আশা করে যে নিন্দাই করি তারে।
But how precarious is th' event!	কিরূপে নির্ভর রাখে অস্থির ব্যাপারে ॥
By talents misapply'd and cross'd,	অনুচিত ব্যবহারে হইয়া বাধিত।
Consider, all your sons are lost.	বুঝ তব পুত্র যবে হৈল পরাজিত ॥
One day, (the tale's by Martial penn'd,)	মোক্ষুর এক ইতিহাস শুন অতঃপরে।
A father thus address'd his friend :—	একজন কহিতেছে আপন বন্ধুরে ॥
To train my boy, and call forth sense,	আমার সুতেরে বুদ্ধি আর দেহ জ্ঞান।
You know I've stuck at no expense!	বন্ধুতার কর্ম্ম কর বিরহে বেতন ॥
I've tried him in the sev'ral arts,	নানা মতে তাহার লৈয়াছি পরিচয়।
(The lad no doubt hath latent parts,)	ঐ বালকের বিদ্যা নাহি স্ফূর্ত্তি হয় ॥
Yet trying all, he nothing knows;	সকল সন্ধানে কিছু নাহি উদ্দীপন।
But crab-like, rather backward goes.	কর্কট সদৃশ করে পশ্চাতে গমন ॥
Teach me yet what remains undone;	তথাপি করাও শিক্ষা যাহা অবশেষ।
'Tis your advice shall fix my son.	যেহেতু তোমার মত হইবে নিবেশ ॥
Sir, says the friend, I've weigh'd the matter;	বন্ধু কহে মহাশয় বুঝেছি আশয়।
Excuse me, for I scorn to flatter:	ক্ষান্ত হও স্তব ইহা হইবার নয় ॥
Make him, (nor think his genius check'd,)	পরিচয় লও তবে না কর বারণ।
A herald or an architect.	দৌত্যকর্ম্মে করিবে সে জীবন ধারণ ॥
Perhaps (as commonly 'tis known)	বুঝিবা সামান্যলোকে করে যেই কার্য্য।
He heard th' advice, and took his own.	সেই পরামর্শে তাহা করিয়াছে ধার্য্য ॥
The boy wants wit; he's sent to school,	জ্ঞানাকাঙ্ক্ষী ঐ শিশু বিদ্যালয়ে যায়।
Where learning but improves the fool.	ক্ষিপ্তগণ বিদ্যা শিক্ষা করিত তথায় ॥
The college next must give him parts,	প্রেষিত হইল পরে উচ্চবিদ্যালয়।
And cram him with the lib'ral arts.	উত্তম বিদ্যায় পূর্ণ হইল তথায় ॥
Whether he blunders at the bar,	কিন্তু সে বিচার কালে বিভ্রম হইত।
Or owes his infamy to war;	অথবা যুদ্ধেতে সেই হইত নিন্দিত ॥

Or if by licence or degree	ক্রম আর অনুজ্ঞার লিপি সম্বন্ধিতে ।
The sexton shares the doctor's fee :	ধর্ম্মালয়দাস লয় বৈদ্য বেতনেতে ॥
Or from the pulpit by the hour	সময় বিশেষে কিম্বা মঞ্চোপরি হৈতে ।
He weekly floods of nonsense pour,	মূঢ়তায় পূর্ণ করে প্রতি সপ্তাহেতে ॥
We find, (the intent of nature foil'd,)	প্রকৃতির আমরা বুঝি হয় মন্দাশয় ।
A tailor or a butcher spoil'd.	সূচক ঘাতক দুষ্ট কুকর্ম্মগামী হয় ॥
Thus ministers have royal boons	নৃপ দানাকাঙ্ক্ষী হয় রাজমন্ত্রীগণ ।
Conferr'd on blockheads and buffoons :	নটক মূঢ়ের প্রতি করায় প্রদান ॥
In spite of nature, merit, wit,	প্রকৃতির গুণ আর জ্ঞানের দোষেতে ।
Their friends for ev'ry post were fit.	তাসবার মিত্রগণ স্থানার্হ তাবতে ॥
But now let ev'ry muse confess	কিন্তু পরস্পর চিন্তা করুণ স্বীকার ।
That merit finds its due success.	নিজগুণযোগ্য হয় ফল লাভ তার ॥
Th' examples of our days regard ;	আমাদের দিবার দৃষ্টান্ত পূজ্য হয় ।
Where's virtue seen without reward ;	ফল লাভ ভিন্ন গুণ দর্শিত কোথায় ॥
Distinguish'd and in place you find,	ভিন্ন ২ মতে তুমি পাইবে দেখিতে ।
Desert and worth of ev'ry kind ;	পাপ পুন্য ফলাফল ভদ্রতারূপেতে ॥
Survey the rev'rend bench, and see,	বিচার আসন দেখ বিবেচনা কর ।
Religion, learning, piety :	ধর্ম্ম আর বিদ্যা আর যেরূপ আচার ॥
The patron, ere he recommends,	ঐ প্রতিপালক তার জানিবার আগে ।
Sees his own image in his friend's.	স্বীয় মূর্ত্তি দেখে তার বন্ধু মধ্যভাগে ॥
Is honesty disgrac'd and poor?	ভদ্রতা কি হয় তিরস্কৃত যে কখন ।
What is't to us what was before?	পূর্ব্বানুশোচনে লাভ হৈবে কি এক্ষণ ॥
We all of times corrupt have heard,	শুনিয়াছি সর্ব্বদা সময় গ্লানিকৃত ।
When paltry minions were preferr'd;	ক্ষুদ্রপ্রিয়পাত্রগণ হয় মনোনীত ॥
When all great offices, by dozens,	যখন কর্ম্মের স্থান দ্বাদশ জনেতে ।
Were fill'd by brothers, sons, and cousins.	পূর্ণ ছিল ভাগিনেয় ভ্রাতা তনয়েতে ॥

X

What matter ignorance and pride?	অহঙ্কার পদার্থ কি অথবা মূঢ়তা।
The man was happily ally'd.	মনুষ্যের সখে সবে থাকয়ে মিলিতা ॥
Provided that his clerk was good,	যদ্যপি তাহার কর্ম্মকারক উত্তম।
What though he nothing understood?	তথাপি সে বুঝে কি না এ হয় অধম ॥
In church and state, the sorry race	ধর্ম্মালয়ে আর রাজ্যে ঐ মন্দ জাতি।
Grew more conspicuous fools in place.	স্থানে২ স্পষ্ট দেখি ক্ষিপ্তের আকৃতি ॥
Such heads, as then a treaty made,	এ রূপ আশয়ে সন্ধিপত্র করে ছিল।
Had bungled in the cobbler's trade.	তাহে চর্ম্মকার কর্ম্মে অপটু হইল ॥
Consider, patrons, that such elves	হে রক্ষক শ্রেষ্ঠগণে বুঝহ বিচারে।
Expose your folly with themselves.	তাহাদের সহ দোষ প্রকাশে তোমারে ॥
'Tis yours' as 'tis the parent's care,	তবসম পিতা মাতার যত্নে নির্দ্ধারিত।
To fix each genius in its sphere.	পৃথক ২ কর্ম্ম আত্ম বুদ্ধিমত ॥
Your partial hand can wealth dispense,	বিতরণক্ষম তব পক্ষপাত কর।
But never give a blockhead sense.	মূর্খে জ্ঞান দানে কিন্তু হইবে কাতর ॥
An Owl of magisterial air,	আছিল পেচক এক গাম্ভীর্য্যাত্মা ভাবে
Of solemn voice, of brow autsere,	ভ্রূকুটী করিয়া আর স্বীয় ধীররবে ॥
Assum'd the pride of human race,	মনুষ্য জাতির ন্যায় গর্ব্বিত হইল।
And bore his wisdom in his face;	তার মুখে জ্ঞান চিহ্ন প্রকাশ করিল ॥
Not to depreciate learned eyes,	জ্ঞানচক্ষু প্রশংসিয়া করিল দর্শন।
I've seen a pedant look as wise.	অল্পবিদ্যাজন করে ধীরতাচরণ ॥
Within a barn, from noise retir'd,	কোলাহল গোলাঘর হইতে নির্গত।
He scorn'd the world, himself admir'd,	আপন প্রশংসা করে নিন্দিয়া জগত ॥
And, like an ancient sage, conceal'd	প্রাচীনপণ্ডিত প্রায় মূঢ়তা গোপন।
The follies public life reveal'd.	করিল উত্তমাবস্থা প্রকাশ তখন ॥
Philosophers of old, he read,	গ্রন্থ পাঠ করে যেন প্রাচীনবিদ্বান।
Their country's youth to science bred,	সে দেশে যুবারা হয় অতিজ্ঞানবান ॥

Their manners form'd for ev'ry station,	সর্ব্বাবস্থা প্রচলিত তার সেই ধর্ম্ম ।
And destin'd each his occupation.	প্রত্যেকে নির্দ্ধার্য্য করে আর তার কর্ম্ম ॥
When Xenophon, by numbers brav'd,	নানা ব্যক্তি হৈতে জেনফন্ * বলী ছিল ।
Retreated, and a people sav'd,	প্রস্থানে লোকের প্রাণ স্থাপন করিল ॥
That laurel was not all his own!	কেবল তাহার লারাপত্রিকা না ছিল ।
The plant by Socrates was sown;	সোক্রাত্ * হৈতে ঐ বৃক্ষ রোপিত আছিল ॥
To Aristotle's greater name	আর্ষ্টটিলের * সম নামের বিস্তারে ।
The Macedonian ow'd his fame.	মেসিডোনিয়ার লোক ব্যখ্যা তার করে ॥
Th' Athenian bird with pride replete,	ঐ এথিনের পক্ষি † পূর্ণ অহঙ্কারে ।
Their talents equall'd in conceit;	তাহার সদৃশ সেই গুণে গর্ব্ব করে ॥
And copying the Socratic rule,	সোক্রাতের রীতি নীতি করে অনুরূপ ।
Set up for master of a School.	পাঠের শিক্ষক স্থির করিল তদ্রূপ ॥
Dogmatic jargon learnt by heart,	সকলি নীচের বাক্য অভ্যাসিল বৃথা ।
Trite sentences, hard terms of heart,	সাধারণপদসব আর দৃঢ় কথা ॥
To vulgar ears seem'd so profound,	বাহুল্য বোধেতে নীচ করয়ে শ্রবণ ।
They fancy'd learning in the sound.	বিদ্যাপদার্থকে করে শব্দমাত্র জ্ঞান ॥
The school had fame: the crowded place	জনতায় বিদ্যাগার হইল বিখ্যাত ।
With pupils swarm'd of ev'ry race.	নানা বংশ্য হৈতে সবশিষ্য উপস্থিত ॥
With these the Swan's maternal care,	ঐ সঙ্গে ধৃতরাষ্ট্র পক্ষি সাবধানে ।
Had sent her scarce-fledg'd cygnet heir;	প্রেরণ করিল নিজশাবক সে স্থানে ॥
The Hen, (though fond and loth to part,)	তথাপি কুক্কুটী অতিদূর দেশ হৈতে ।
Here lodg'd the darling of her heart,	প্রিয়শাবকেরে রক্ষা করে নিকটেতে ॥
The Spider, of mechanic kind,	ঊর্ণনাভ শিল্পে অতিনিপুণ আছিল ।
Aspir'd to science more refin'd:	উত্তমবিদ্যার জন্য চেষ্টিত হইল ॥
The Ass learn'd metaphors and tropes,	দৃষ্টান্তসকল শিক্ষা গর্দ্দভ করিল ।
But most on music fix'd his hopes	কিন্তু বাদ্যবিদ্যা আকাঙ্ক্ষী হৈল ॥

* বিজ্ঞের নাম । † অর্থাৎ পেচক ।

The pupils now advanc'd in age,	বয়ঃ প্রাপ্ত হৈয়া ছাত্র গুরুকে কহিল।
Were call'd to tread life's busy stage;	নিজ ২ জীবনের উপায় শিখিল ।।
And to the master 'twas submitted,	উপাধ্যায় সম্মত হইয়া পরে বলে।
That each might to his part be fitted.	স্ব স্ব কার্য্যে পারদর্শী হৈয়াছে সকলে ।।
The Swan, (says he,) in arms shall shine:	গুরু কহে ধৃতরাষ্ট্র অস্ত্রযশ পাবে।
The soldier's glorious toil be thine.	সৈন্যের কার্য্যেতে তুমি প্রশংসিত হৈবে ।।
The Cock shall mighty wealth attain:	কুক্কুট অনেকধন হইবে তোমার।
Go, seek it on the stormy main.	শীঘ্র তুমি জাও সকল্লোল পারাবার ।।
The court shall be the Spider's sphere:	ঊর্ণনাভ রাজস্থানে প্রভুতা পাইবে।
Pow'r, fortune, shall reward him there.	শক্তি আর ভাগ্য তার সাহায্য করিবে ।।
In music's art the Ass's fame	বাদ্যবিদ্যায় অতিযশ গর্দ্দভ পাইবে।
Shall emulate Corelli's name.	কোলিসের নাম অতিস্পর্দ্ধিত হইবে ।।
Each took the part that he advis'd,	পরামর্শমতে কর্ম্ম প্রত্যেকে করিল।
And all were equally despis'd.	তাবতেই তুল্যরূপে নিন্দিত হইল ।।
A Farmer, at his folly mov'd,	নিজদোষে এক কৃষী ক্রোধিত হইয়া
The dull preceptor thus reprov'd.	উপাধ্যারে কহে কত ভৎসনা করিয়া ।।
Blockhead, (says he,) by what you've done,	সেই কহে কি করিলি ওরে দুরাশয়।
One would have thoubt 'em each your son:	সবে জানে তনয় সদৃশ তারা হয় ।।
For parents, to their offspring blind,	পিতা মাতা শিশুরে কি কভু মূর্খ করে।
Consult nor parts nor turn of mind;	সে কর্ম্ম নাবুঝ আর না ভাব অন্তরে ।।
But ev'n in infancy decree	অতিশিশুকালে যদি বিদ্যারম্ভ করে।
What this, what t'other son should be.	এ শিশু বা অন্য শিশু এই গুণ ধরে ।।
Had you with judgment weigh'd the case,	যদ্যপি দেখিতে তুমি বিবেচনা মতে।
Their genius thus had fix'd their place:	পৃথক ২ বুদ্ধি পৃথকে জানিতে ।।
The Swan had learn'd the sailer's art;	ধৃতরাষ্ট্র নাবিকের বিদ্যা অভ্যাসিল।
The Cock had play'd the soldier's part;	কুক্কুট যোদ্ধার কর্ম্ম প্রকাশ করিল ।।

The Spider in the weaver's trade	ঊর্ণনাভ কুবিন্দ কর্ম্মে হইল নিযুক্ত।
With credit had a fortune made;	সধন হইল সেই সাধুতাপ্রযুক্ত ॥
But for the fool, in ev'ry class	শ্রেণী মধ্যে কিছু২ হৈল সবাকার।
The blockhead had appear'd an Ass.	গর্দ্দভ রহিল কিন্তু স্বরূপ তাহার ॥

FABLE XV. / পঞ্চদশ ইতিহাস।

The Cook-maid, Turnspit and the Ox. / পাচিকা ও শূল এবং বৃষ।

To a poor Man. / নির্ধনজন প্রতি।

Consider man in ev'ry sphere,	ওহে নর বুঝ নিজ সময়ানুসারে।
Then tell me, is your lot severe?	দুর্ভাগ্যের দোষে দোষী না কর আমারে ॥
'Tis murmur, discontent, distrust,	কলহ অতৃপ্ত আর হও অবিশ্বাসী।
That makes you wretched. God is just.	ইহাতে ভুঞ্জহ দুঃখ ঈশ্বর কি দোষী ॥
I grant, that hunger must be fed,	আমি বুঝি ক্ষুধা শান্ত অবশ্য হইবে।
That toil too earns thy daily bread.	পরিশ্রম কর নিত্য আহার পাইবে ॥
What then? Thy wants are seen and known.	তবে কি তোমার দঃখ তাঁহার গোচরে।
But ev'ry mortal feels his own.	আপনারি বোধ করে তাবৎ নশ্বরে ॥
We're born a restless needy crew:	আমরা ভূমিষ্ঠ হই দুঃখ সহকারে।
Shew me the happier man than you.	তোমা হৈতে সুখী কিবা দেখাও আমারে ॥
Adam, though blest above his kind,	আদিপুরুষ যাতি স্বীয় মধ্যে হয় সুখী।
For want of social woman pin'd;	সঙ্গিনী রমণী বিনা থাকিতেন দুঃখী ॥
Eve's wants the subtle serpent saw,	আদ্যার অভাব ক্রূর ভুজঙ্গ দেখিল।
Her fickle taste transgress'd the law:	তাঁহার অচির ইচ্ছা বিনষ্ট করিল ॥
Thus fell our sires; and their disgrace	তাহাতে পতিত পিতৃপিতামহ চয়।
The curse entail'd on human race.	পূর্ব্বপাপে নর জাতি অভিশপ্ত হয় ॥
When Philip's son, by glory led,	পরে ফিলিপের পুত্র হৈয়া মহাতেজা।
Had o'er the globe his empire spread;	সসাগরা পৃথিবির হৈয়া ছিল রাজা ॥

When altars to his name were dress'd,	তাঁর মহিমায় বেদি হৈলে বিভূষিত।
That he was man, his tears confess'd.	তাঁর গুণ গানে লোক হয় প্রমোদিত ॥
The hopes of avarice are check'd:	লোভাকাঙ্ক্ষী জনসব হইল দমন।
The proud man always wants respect.	সর্ব্বদা মর্য্যাদা চাহে অহঙ্কারিজন ॥
What various wants on pow'r attend!	শক্তিতে অভাব আছে অশেষপ্রকার।
Ambition never gains its end.	অনন্ত আশার সীমা নাহি পারাবার ॥
Who hath not heard the rich complain	ধনবান হৈয়া কেবা আক্ষেপ করেনা।
Of surfeits and corporeal pain?	বহুভক্ষণেতে হয় দৈহিকযন্ত্রণা ॥
He, barr'd from ev'y use of wealth,	ক্ষান্ত হৈয়া সমস্তধনের ব্যবহারে।
Envies the ploughman's strength and health.	কৃষীবল কায়সুখে সদা দ্বেষ করে ॥
Another in a beauteous wife	সুন্দরী রমণী পায়া কোন ২ জন।
Finds all the miseries of life;	দুঃখসিন্ধু মগ্ন হয় যাবজ্জীবন ॥
Domestic jars, and jealous fear	সাংসারিক বিসম্বাদ ঈর্ষা আশঙ্কায়।
Imbitter all his days with care.	যাবজ্জীবন যায় অসুখ চিন্তায় ॥
This wants an heir, the line is lost:	উত্তরাধিকারী বিনা বংশ লোপ হয়।
Why was that vain entail ingross'd?	কি হেতু অনর্থগর্ব্ব করে দুরাশয় ॥
Canst thou discern another's mind?	না বুঝে কি অন্যমন হও নিরানন্দ।
Why is't you Envy? Envy's blind.	কি হেতু করহ হিংসা হিংসা নিজে অন্ধ ॥
Tell Envy, when she would annoy,	বলহ বিরক্ত যখন করয়ে হিংসাতে।
That thousands want what you enjoy.	সহস্র অভাব হয় ভোগের অব্যেতে ॥
The dinner must be dish'd at one.	প্রস্তুত অবশ্য খাদ্য ভোজন সময়।
Where's this vexatious Turnspit gone?	তখন সে ঔৎপাতিক শূল কোথা যায় ॥
Unless the skulking cur is caught,	লুক্কায়িত কুক্কুর না হইলে আকৃষ্ট।
The surloin's spoil'd, and I'm in fault.	দোষী হই আমি সর্ব্বমাংস হৈলে নষ্ট ॥
Thus said; (for sure you'll think it fit	যথার্থ বোধের জন্য এইরূপ কয়।
That I the cook-maid's oath omit,)	পাচিকার শপথেতে গ্রাহ্য নাহি হয় ॥

With all the fury of a cook,	পাচক সমস্ত তার সহ সর্ব্বরাগ ।
Her cooler kitchen Nan forsook.	নেন্ নাম্নী পাকাগার করে পরিত্যাগ ॥
The broomstick o'er her head she waves ;	সে করে তাহার শিরে মার্জনী ঘূর্ণন ।
She sweats, she stamps, she puffs, she raves.	স্বেদাক্তা কম্পিতা স্ফীতা প্রলাপে তখন ॥
The sneaking cur before her flies :	ঐ নীচ কুক্কুর তার সম্মুখে বেড়ায় ।
She whistles, calls ; fair speech she tries.	শিশ্ দিয়া ডাকে তারে ভাল কথা কয় ॥
These nought avail. Her choler burns ;	ফলোদয় না হইলে রাগত হইত ।
The fist and cudgel threat by turns.	মুষ্টি আর যষ্টি দ্বারা ভয় দেখাইত ॥
With hasty stride she presses near ;	সত্বর গমনে অতি সন্নিকৃষ্ট হৈল ।
He slinks aloof, and howls with fear.	কতমত ভীতবৎ নিস্বন করিল ॥
Was ever cur so curs'd ! (he cry'd,)	ইহার সদৃশ দুষ্ট কুক্কুর কি আছে ।
What star did at my birth preside ?	ইহার জনম কোন্ নক্ষত্রে হৈয়াছে ॥
Am I for life by compact bound	কুক্কুর কহিল কাল বন্ধনে কাটাই ।
To tread the wheel's eternal round ?	কর্ম্মচক্রে চিরকাল ঘুরিয়া বেড়াই ॥
Inglorious task ! Of all our race	যেরূপ কুক্কুর যাতি করে নীচকার্য্য ।
No slave is half so mean and base.	এ রূপ নাহিক কার অদৃষ্ট নির্দ্ধার্য্য ॥
Had fate a kinder lot assign'd,	আমাদের ভাগ্য যদি প্রসন্ন হইত ।
And form'd me of the lap-dog kind,	ক্ষুদ্রকুক্কুরের ন্যায় সৃজন করিত ॥
I then, in higher life employ'd,	তখন যাইত কাল সুখিলোক মত ।
Had indolence and ease enjoy'd;	অলসেতে সুখ ভোগ করিতাম কত ॥
And, like a gentleman, caress'd,	ভদ্রলোক মত তবে হৈত পূজনীয় ।
Had been the lady's fav'rite guest.	মান্যারমণির যদি হইতাম প্রিয় ॥
Or were I sprung from spaniel line,	অথবা শিকারি মধ্যে হৈতাম গণিত ।
Was his sagacious nostril mine,	গন্ধগুণ যদ্যপি থাকিত তার মত ॥
By me, their never-erring guide,	অভ্রান্তিদৃষ্টির দ্বারা যদি আমা হৈতে ।
From wood and plain their feasts supplp'd,	সে সবার ভোজ্যদ্রব্য পারি যোগাইতে ॥

Knights, 'squires, attendent on my pace,	সঙ্গী হৈয়া আমার গমনে মান্য যত ।
Had shar'd the pleasures of the chase.	শিকারের হর্ষ ভাগী তাহারা হইত ॥
Endu'd with native strength and fire,	জাতীয় শক্তিতে তেজে হৈলে বিভূষিত ।
Why call'd I not the lion sire?	মৃগেন্দ্র প্রধান বনে হৈব আমি খ্যাত ॥
A lion! such mean views I scorn,	সিংহ হইবার আশা ঘৃণা আমি করি ।
Why was I not of woman born?	জন্ম না হইল কেন হৈয়া এক নারী ॥
Who dares with reason's pow'r contend?	বুদ্ধিশক্তি সহ কেবা বিবাদ করিত ।
On man we brutal slaves depend:	মনুষ্য অধীন হই তাতে দায় এত ॥
To him all creatures tribute pay,	অবলারে সর্ব্বজীব মান্যজ্ঞান করে ।
And luxury employs his day.	তাহারা পরমসুখে সর্ব্বকাল হরে ॥
An Ox by chance o'erheard his moan,	অকস্মাৎ এক বৃষ শুনিল বিলাপ ।
And thus rebuk'd the lazy drone.	অলসী অকর্ম্মা বলে করে সে প্রলাপ ॥
Dare you at partial fate repine?	পক্ষপাত ভাগ্যে তুমি করিছ বিরহ ।
How kind's your lot compar'd with mine!	মম তুল্য ভাগ্যেতে কি ভাব অনুগ্রহ ॥
Decreed to toil, the barb'rous knife	শ্রম হেতু শাণিতছুরিকা নিয়োজিত ।
Hath sever'd me from social life;	আমারে সে সহবাসে করিল বিরত ॥
Urg'd by the stimulating goad,	প্রাবর্ত্তক প্রতোদেতে উত্যক্ত হইয়া ।
I drag the cumbrous waggon's lood:	শকটের বহুভার বেড়াই টানিয়া ॥
'This mine to tame the stubborn plain,	উচ্চ নীচ ক্ষেত্র যাই সমান করিয়া ।
Break the stiff soil, and house the grain:	লোষ্ট্র ভগ্ন করি আর শস্য যাই লৈয়া ॥
Yet I without a murmur bear	কতক্লেশ সহ্য করি নাহি বাসস্থান ।
The varions labours of the year.	আহ্নিকশ্রমের কিছু নাহি পরিমাণ ॥
But then consider, that one day,	কিন্তু তুমি বিবেচনা কর এক দিন ।
(Perhaps the hour's uot far away,)	সময় ক্ষেপণ হয় বিশ্রাম বিহীন ॥

You, by the duties of your post,	তুমি কর্ম্ম কর সেই নিযোগ হইলে।
Shall turn the spit when I'm the roast;	ঘূর্ণন করহ শূল মম দগ্ধ কালে ॥
And for reward shall share the feast,	প্রতিফল জন্য আমি খাদ্য অংশ ধরি।
I mean, shall pick my bones at least.	আমার বাহিবে অস্থি অভিপ্রায় করি ॥
'Till now, the astonish'd Cur replies,	স্বীকৃত কুক্কুর কহে হইবে এখন।
I look'd on all with envious eyes.	হিংসা দৃষ্টে দ্রব্যসব করিলে দর্শন ॥
How false we judge by what appears!	উপস্থিত বিষয়ে কি ভ্রান্তি বোধ করি।
All creatures feel their sev'ral cares.	জীবজন্তু চিন্তা সবে করে আপনারি ॥
If thus yon mighty beast comylains,	এই শ্রেষ্ঠপশু যদি ঐরূপ কয়।
Perhaps man knows superior pains.	নরজাতি তবে অনুভূতক্লেশ হয় ॥
Let envy then no more torment:	হিংসারে অধিকদুঃখ দেওয়া আর নয়।
Think on the Ox, and learn content.	বৃষ কে স্মরণে হও সান্তু ধর্ম্মাশ্রয় ॥
Thus said; close following at her heel,	ইহাই বলিয়া হয় চরণে পতিত।
With cheerful heart he mounts the wheel.	সুখে সে শকটচক্রে হয় নিয়োজিত ॥

FABLE XVI. / ষোড়শ ইতিহাস।

The Ravens, the Sexton, and the Earth-worm. / দোণকাক ও ধর্ম্মালয়ের পরিচারক এবং কিঞ্চুলুকা।

To Laura. / লারা নাম্নী স্ত্রী প্রতি।

Laura, methinks you're over nice:	তোমারে সুন্দরী লারা করি অনুভব।
True. Flatt'ry is a shocking vice;	যথার্থ তোমারে বলি নাহি করি স্তব ॥
Yet sure, whene'er the praise is just,	তথাপি নিশ্চিত যে যখন স্তব করে।
One may commend without disgust.	কেহ ঘৃণা ত্যাগি করে প্রশংসিতে পারে ॥
Am I a privilege deny'd,	কোন মত অতিক্রম করেছি কি আমি।
Indulg'd by ev'ry tongue beside?	অধিকন্তু সকলের গ্রহণীয়া তুমি ॥

How singular are all your ways!	কি রূপ সুধারা তব দেখিবারে পাই।
A woman, and averse to praise!	রমণী মণ্ডলে এত প্রশংসিতা নাই॥
If 'tis offence such truths to tell,	যথার্থ কহিতে যদি মম দোষ হয়।
Why do your merits thus excel?	তবে কেন বৃদ্ধি হয় তব গুণচয়॥
Since then I dare not speak my mind,	তদবধি সাহস না হয় কহি মর্ম্ম।
A truth conspicuous to mankind;	যথার্থ উচিত বলা মনুষ্যের ধর্ম্ম॥
Though in full lustre ev'ry grace	অতুল্যরূপেতে যদি হও দেদীপিতা।
Distinguish your celestial face;	অবশ্য বদন তব হৈবে প্রভেদিতা॥
Though beauties of inferior ray,	রূপসীরা যদি তব সদৃশী না হয়।
(Like stars before the orb of day,)	সূর্য্যের নিকটে যেন নক্ষত্রের প্রায়॥
Turn pale and fade: I check my lays,	বিবর্ণ বিশীর্ণ অবসন্ন বাক্যচয়।
Admiring what I dare not praise.	প্রশংসিতে প্রশংসার সাহস না হয়॥
If you the tribute due disdain,	উচিতপ্রশংসা যদি হেয় তব স্থান।
The Muse's mortifying strain	ক্লেশদায়িনী বাণী মর্ম্মছিন্নী গান॥
Shall like a woman, in mere spite,	যদ্যপি তাহার হিংসা কামিনী সদৃশ।
Set beauty in a moral light.	যথার্থ কহিলে নীতি হইবে প্রকাশ॥
Though such revenge might shock the ear	যদ্যপি এ প্রতিফল কর্ণে ঘৃণাকর।
Of many a celebrated fair;	প্রশংসিত বিখ্যাত অনেক সুন্দরীর॥
I mean that superficial race	ঐ জাতিকে প্রশংসিতে উচিত না হয়।
Whose thoughts ne'er reach beyond their face;	যাহার আশয় মুখ বিনির্গত নয়॥
What's that to you? I but displease	তোমার কি তাহে কিন্তু হই সন্তোষিত।
Such ever-girlish ears as these.	বালিকার ন্যায় কর্ণ হয় এই মত॥
Virtue can brook the thoughts of age,	বয়ক্রমে গুণে বৃদ্ধি বর্দ্ধন করায়।
That lasts the same through ev'ry stage.	সেই বৃদ্ধি চিরস্থায়ী সকল সময়॥

Though you by time must suffer more	অবশ্য সময়ে যদি হৈবে সহ্যকারী।
Than ever woman lost before;	পরাজয় অপেক্ষা কোন করিয়াছে নারী॥
To age is such indiff'rence shown,	বয়ক্রমে সকলি বিভিন্ন বোধ হয়।
As if your face were not your own.	তব মুখ এতাদৃশ যেন ইহা নয়॥
Were you by Antoninus taught?	এন্টোনীনস্ *দ্বারা কোথা হৈয়াছ শিক্ষিত।
Or is it native strength of thought,	অথবা ইহা কি তব প্রকৃতি বশত॥
That thus, without concern or fright,	এইরূপ চিন্তা আর ভয় ব্যতিরেকে।
You view yourself by reason's light!	নিরীক্ষণ কর তুমি বুদ্ধির আলোকে॥
Those eyes of so divine a ray,	নয়নের জ্যোতি হয় ঈশ্বরের মত।
What are they? Mould'ring, mortal clay.	ধূলি কর্দ্দমের ন্যায় ইহা কি অনিত্য॥
Those features, cast in heavenly mould,	ঐ অবয়ব হয় স্বর্গীয় নির্ম্মাণ।
Shall, like my coarser earth, grow old;	মম সম দেহ তার হৈবে কি প্রাচীন॥
Like common grass, the fairest flow'r,	সাধারণ তৃণবৎ ঐ পুষ্প হৈবে।
Must feel the hoary season's power.	বৃদ্ধ অবস্থার শক্তি অবশ্য বুঝিবে॥
How weak, how vain is human pride!	মনুষ্য কি ক্ষীণ অহঙ্কার বৃথা ধরে।
Dares man upon himself confide?	নির্ভর রাখিতে পারে আপনে কি নরে॥
The wretch who glories in his gain,	হতভাগা নিজলাভে থাকে অহঙ্কারে।
Amasses heaps on heaps in vain.	নিরর্থক রাশীকৃত ধন বৃদ্ধি করে॥
Why lose we life in anxious cares,	অনিত্য চিন্তায় আয়ু করিব কি নষ্ট।
To lay in hoards for future years?	ভবিষ্যতে বসু বৃদ্ধি হইবে যথেষ্ট॥
Can those, (when tortur'd by disease,)	এ সব কি হয় শান্তি চিন্তাজ্বর হৈতে।
Cheer our sick heart, or purchase ease?	দুঃখিতহৃদয় পারে আরোগ্য করিতে॥
Can those prolong one gasp of breath,	উহাতে কাহার কভু আয়ুর্বৃদ্ধি করে।
Or calm the troubled hour of death?	মৃত্যুর যন্ত্রনা কভু নিবারিতে পারে॥
What's beauty? Call ye that your own,	রূপ কি পদার্থ যাহা ভাবিছ আপন।
A flow'r that fades as soon as blown?	বিকশিত পরে পুষ্প হয় যে মলিন॥

* কোন রাজার নাম।

What's man in all his boast of sway?	মর্ত্য কি কর্তৃত্ব সহ অহঙ্কারযুক্ত।
Perhaps the tyrant of a day.	হয়ত একাহ ভুক্ত অত্যাচার শক্ত॥
Alike the laws of life take place	তুল্যরূপে পরমায়ু নিয়মিত হয়।
Through ev'ry branch of human race;	অবস্থা বিশেষে কভু প্রভেদিত নয়॥
The monarch of long regal line	পুরুষাণুক্রমে রাজচক্রবর্ত্তী যত।
Was rais'd from dust as frail as mine.	আমাদের ন্যায় তারা মৃত্তিকা বর্দ্ধিত॥
Can he pour health into his veins,	রাখিতে আপন দেহ সুস্থ সে কি পারে।
Or cool the fever's restless pains?	পারে কি জ্বরের তাপ স্নিগ্ধ করিবারে॥
Can he, (worn down in N ture's course,)	পরিশেষ হৈলে প্রকৃতির নিবন্ধন।
New-brace his feeble nerves with force?	সে পারে কি নবশক্তি করিতে ধারণ॥
Can he (how vain is mortal pow'r!)	মনুষ্যের ক্ষমতা কি মৃষাদর্প করে।
Stretch life beyond the destin'd hour?	নির্ব্বন্ধ আয়ুর বৃদ্ধি করিতে কি পারে॥
Consider, man; weigh well thy frame;	নিজ দেহ তুল কর বুঝ ওহে নর।
The king, the beggar, is the same.	কিবা রাজা কিবা দুঃখী তুল্য পরস্পর॥
Dust form'd us all. Each breathes his day,	ধূলিতে নির্ম্মিত হৈয়া কাল হরে সবে।
Then sinks into his native clay.	এ দেহ কর্দ্দমে পরে প্রোথিত হইবে॥
Beneath a venerable yew,	সর্ব্বজন পূজ্য এক পাদপ আছিল।
That in the lonely church-yard grew,	গীর্জ্জা ঘরে গুপ্তস্থানে জনমিয়া ছিল॥
Two Ravens sat. In solemn croak	তাহে দুই দ্রোণকাক বসি উচ্চস্বরে।
Thus one his hungry friend bespoke.	এইরূপ কহে এক মিত্র ক্ষুধাতুরে॥
Methinks I scent some rich repast;	উত্তমখাদ্যের গন্ধ হইল প্রাপণ।
The savour strengthens with the blast:	ঐ গন্ধ গন্ধবহ করিছে বর্দ্ধন॥
Snuff then, the promis'd feast inhale;	ঘ্রাণেতে উত্তমগন্ধ করহ গ্রহণ।
I taste the carcase in the gale.	আমি করি চঞ্চুবাতে শব আস্বাদন॥

Near yonder trees, the farmer's steed,	অগ্রে ঐ বৃক্ষমূলে শস্য রাশীকৃত ।
From toil and daily drudg'ry freed,	উহাতে কৃষিরে করে দাসত্বে বিরত ॥
Hath groan'd his last. A dainty treat;	আস্বাদ করি শেষে করে এই রব ।
To birds of taste delicious meat.	কি সুস্বাদু ভোজন করিছে পক্ষিসব ॥
A Sexton, busy at his trade,	কোন এক ধার্ম্মিক কর্ম্মেতে ব্যস্ত ছিল ।
To hear their chat suspends his spade.	শুনিতে তাহার কথা কুদ্দাল রাখিল ॥
Death struck him with no farther thought,	নিবিষ্ট নাকরে যম অন্যান্য কর্ম্মেতে ।
Than merely as the fees he brought.	অপেক্ষা করিয়া শুদ্ধ বেতন যাহাতে ॥
Was ever two such blund'ring fowls,	ভ্রান্তিযুত দুইপক্ষি ছিল এ প্রকার ।
In brains and manners less than owls!	পেচক সদৃশ বুদ্ধি অল্প সদাচার ॥
Blockheads, says he, learn more respect,	কৃষি কহে মানাকাঙ্ক্ষী মূঢ়জন যত ।
Know ye on whom you thus reflect?	কাহাতে সূচিত থাক হও অবগত ॥
In this same grave, (who does me right,	সমাধিতে মমপ্রতি নিষ্ঠার যে আচরে ।
Must own the work is strong and tight,)	অবশ্য সে উহা দৃঢ় অঙ্গীকার করে ॥
The 'Squire that yon fair hall possess'd,	তোমার সদৃশ ধনী হয় অধিকৃত ।
To-night shall lay his bones at rest.	অদ্যরাত্রে অস্থি তার হইবে প্রোথিত ॥
Whence could the gross mistake proceed?	ভ্রান্তির উৎপত্তি তখন হৈবে কোথা হৈতে ।
The 'Squire was somewhat fat indeed.	ঐ ধনী ছিল স্থূলশরীর দেখিতে ॥
What then? The meanest bird of prey	তাহে কিম্বা আর ক্ষুদ্রশিকার্য্য পক্ষিগণে ।
Such want of sense could ne'er betray:	একপ বুদ্ধির ভ্রান্তি প্রকাশ করণে ॥
For sure some difference must be found,	কারণ অবশ্য হৈবে কিঞ্চিৎ ভিন্নতা ।
(Suppose the smelling organ sound,)	হয়ত হইবে ঘ্রাণেন্দ্রিয় উত্তমতা ॥

In carcases, (say what we can,)	বল খাদ্য ক্ষম হই শব বিদ্যমান।
Or where's the dignity of man?	অথবা কোথায় কহ নরের সম্মান॥
With due respect to human race,	মনুষ্য উচিত মান তার সহ হয়।
The ravens undertook the case.	এই বিষয়ের ভার দ্রোণকাক লয়॥
In such similitude of scent,	বিশেষত এইরূপ গন্ধ উপমাতে।
Man ne'er could think reflexions meant	নরে না কখন পারে আভাষ বুঝিতে॥
As epicures extol a treat,	আত্মম্ভরী যেইরূপ আদরে আহারে।
And seem their sav'ry words to eat,	সেই বাক্য সুস্বাদু গ্রহণে বোধ করে॥
They prais'd dead horse, luxurious food,	মৃত অশ্বমাংসে তারা অত্যন্ত প্রশংসে।
The ven'son of the prescient brood.	আর প্রথমজ মৃগশাবকের মাংসে॥
The Sexton's indignation mov'd,	ধর্ম্ম যাজকের ইথে ক্রোধ উপজিল।
The mean comparison reprov'd;	এই ক্ষুদ্র উপমাকে ভৎর্সনা করিল॥
Their undiscerning palate blam'd,	তাহাদের নীচরসনাকে নিন্দা করে।
Which two-legg'd carrion thus defam'd.	দ্বিপদী অখাদ্য বলি যাহা নিন্দা করে॥
Reproachful speech from either side	ভৎর্সনাজনক বাক্য উপস্থিত যত।
The want of argument supplied:	দুইদিগ হৈতে হয় বিবাদ স্থকিত॥
They rail, revile: as often ends	সাঙ্গ হৈলে তিরস্কার পুনঃ করে কত।
The contest of disputing friends.	বিবাদি মিত্রের বিসম্বাদ সম্বলিত॥
Hold, says the Fowl; since human pride	ঐ পক্ষি কহে আর কিছুই বলনা।
With confutation ne'er complied,	মনুষ্যেরা পরিহার কদাপি মানেনা॥
Let's state the case, and then refer	ইহার তদন্ত তবে দেও কহিবারে।
The knotty point: for taste may err.	ওই দৃঢ় আস্বাদনে ভ্রান্তি হৈতেপারে॥
As thus he spoke, from out the mould	পৃথ্ব্যুপরি এরূপ সে যখন কহিল।
An Earth-worm, huge of size, unroll'd	পকাণ্ড এক কিঞ্চুলুকা সরল আছিল॥

His monstrous length. They strait agree	তৎক্ষণাৎ তাহারা করিল স্বীকার।
To chose him as their referee.	তাকে মীমাংসক মনোনীত করিবার ॥
So to th' experience of his jaws,	সেই রসে রসজ্ঞ রসনা যে কারণ।
Each states the merits of the cause.	প্রত্যেকে তাহার গুণ করয়ে বর্ণন ॥
He pau'sd, and with a solemn tone	বিরাম করিল করে গম্ভীরনিস্বন।
Thus made his sage opinion known	আপনারে বোধ করে অতিবিচক্ষণ ॥
On carcases of ev'ry kind	নানাজন্তু শব মাংস আর নানামত।
This maw hath elegantly din'd;	গলকুণ্ডলিতে আছে হইয়া ভক্ষিত ॥
Provok'd by luxury or need,	সুখভোগে ভৎর্সিত বা অভাব কারণ।
On beast, or fowl, or man, I feed;	পশু পক্ষি নরগণে করি হে ভোজন ॥
Such small distinction's in the savour,	এইরূপ অতি অল্প প্রভেদ স্বাদুতে।
By turns I choose the fancy'd flavour.	কখন বা বাঞ্ছা হয় অন্যান্য রসেতে ॥
Yet I must own, (that human beast,)	আমি বুঝি নরজন্তু হয় অতিশয়।
A glutton is the rankest feast.	মহাভোজে অতিভোক্তারূপে প্রকাশয় ॥
Man, cease this boast: for human pride	মনুষ্যেরা ক্ষান্ত হয় এই অহঙ্কারে।
Hath various tracts to range beside.	যেহেতু অশেষস্থানে শ্রেণীবদ্ধ করে ॥
The prince who kept the world in awe,	যে ভূপতি অবনিকে করেন শাসন।
The judge whose dictate fix'd the law,	যে বিচারক বিধি আর করে নিবন্ধন ॥
The rich, the poor, the great, the small,	কিবা দুঃখী কিবা সুখী কিবা শ্রেষ্ঠজন।
Are levell'd. Death confounds 'em all.	যমরাজ ভয়ে সবে ব্যগ্রচিত্ত হন ॥
Then think not that we reptiles share	আমরা অধম অংশী বুঝনা সে ক্ষণে।
Such cates, such elegance of fare:	এইরূপ অত্যুত্তম দ্রব্যের ভক্ষণে ॥
The only true and real good	যথাযোগ্য বিনিযোগ সকল জীবেতে।
Of man was never vermin's food.	কীটের ভক্ষের যোগ্য না হয় নরেতে ॥
'Tis seated in th' immortal mind;	অমর মনেতে ইহা আছয়ে নিশ্চয়।
Virtue distinguishes mankind,	গুণ ভেদে নর জাতি প্রভেদিত হয় ॥

And that, (as yet ne'er harbour'd here,)	এপর্য্যন্ত আশ্রিত না হইল হেতায় ।
Mounts with the soul we know not where.	জীবন সত্ত্বেও তাহা নাজানি কোথায় ॥
So good man Sexton, since the case	অতএব সাধু যাঁরা ধর্ম্ম পুরোহিত ।
Apperrs with such a dubious face,	বোধ হয় সুসন্দিগ্ধচিত্তের সহিত ॥
To neither I the cause determine,	এতদ্বয় বিষয়ে নাপারি নির্দ্ধারণে ।
For diff'rent tastes please different vermin.	রসনা বিশেষে স্বাদু নানা প্রকরণে ॥

FABLE XVII. / সপ্তদশ ইতিহাস ।

Aye and No. / সম্মতি এবং অসম্মতি ।

In fable all things hold discourse;	বিবিধ বৃত্তান্ত যাহে সেই ইতিহাস ।
Then words, no doubt, must talk of course.	নির্ণায়ক শব্দগত অর্থের প্রকাশ ॥
Once on a time, near Cannon Row,	কেননরো নামক স্থানে বিপক্ষ দুর্জ্জন ।
Two hostile adverbs, Aye and No,	বিধি আর প্রতিষেধ ক্রিয়াবিশেষণ ॥
Were hast'ning to the field to fight,	দ্রুত যায় রণভূমি যুদ্ধ অভিলাষী ।
And front to front stood opposite.	সমুখেতে দাণ্ডাইল পরস্পর আসি ॥
Before each gen'ral join'd the van,	দুই সেনাপতি অগ্রে পতাকা যোজিল ।
Aye, the more courteous knight, began---	বিধি নামে মান্যযোদ্ধা যুদ্ধ আরম্ভিল ॥
Stop, peevish particle, beware;	স্থির হও ক্ষুদ্ররাগী সাবধান হও ।
I'm told you are not such a bear,	শুনিয়াছি তুমি এক ঋক্ষ তুল্য নও ॥
But sometimes yield when offer'd fair.	সকল বিষয়ে কভু সুসম্মত হও ।
Suffer yon folks awhile to tattle;	স্থির থাক মনুষ্যের কথোপকথনে ।
'Tis we who must decide the batte.	আমরা পারক হই যুদ্ধ নিষ্পাদনে ॥
Whene'er we wander on yon stage	অগ্রবর্ত্তী স্থানে হই ভ্রামক যখন ।
With various fate and equal rage,	আর তুল্য অবস্থায় ক্রোধেতে সমান ॥

The nation trembles at each blow	প্রত্যেক আঘাতে সবে হয় কম্পহৃদি।
That No gives Aye, and Aye gives No;	নিষেধ না দেয় বিধি না নিষেধে বিধি ।।
Yet, in expensive long contention,	ব্যয়সাধ্য যুদ্ধ বহুদিবস প্রমাণ।
We gain nor office, grant, or pension,	কর্ম্মস্থান নাহি পাই বার্ষিক প্রদান ।।
Why then should kinsfolks quarrel thus?	কি হেতু বিরোধী তবে কুটুম্ব স্বজনে।
(For two of you make one of us.)	আমাদের এক হয় তোমার মিলনে ।।
To some wise statesman let us go	এস তবে যাই কোন রাজার সভায়।
Where each his proper use may know:	যাহার যে ব্যবহার প্রকাশি তথায় ।।
He may admit two such commanders;	নিযুক্ত করয়ে দুই সেনাপতি হইব।
And make those wait who serv'd in * Flanders.	ফ্লাণ্ডরে * যে কর্ম্ম করে অপেক্ষা করাব ।।
Let's quarter on a great man's tongue,	আশ্রিত হইব চল জিহ্বাতে প্রধান।
A treasury lord--not Maister Young.	মাইষ্টর * যুবা নহে হয় ধনবান ।।
Obsequious at his high command,	তার মহামহিমায় আমি লইব শরণ।
Aye shall march forth to tax the land.	নির্দ্ধার্য্য করিতে কর যাইব তখন ।।
Impeachments, No can best resist,	অপবাদ বাধা হইবে নিষেধের প্রায়।
And Aye support the civil list:	বিধিপত্রে পোষকতা করিবে নিশ্চয় ।।
Aye, quick as Cæsar, wins the day,	সিজরের † মত বিধি হইবেন জয়।
And No, like Fabius, by delay.	বিলম্বতে ফেবিয়স্ ‡ তুল্য নাহি হয় ।।
Sometimes, in mutual sly disguise,	শঠতায় গুপ্ত কভু হয় পরস্পর।
Let Ayes seem Nos, and Nos seem Ayes;	বিধি নিষেধের সম নিষেধ বিধির ।।
Ayes be in courts denials meant,	সভায় বিধির অর্থ প্রতিষেধ লয়।
And Nos in bishops give consent.	নিষেধের সম্মত্যর্থ ধর্ম্মাধ্যক্ষে হয় ।।
Thus Aye propos'd--and, for reply,	এইরূপ বিধি যদি প্রসঙ্গ করিল।
No, for the first time, answer'd Aye.	নিষেধ সম্মতি জন্য প্রত্যুত্তর দিল ।।
They parted with a thousand kisses,	চুম্বন করিয়া তারা স্বস্বস্থানে গেল।
And fight e'er since for pay, like Swisses.	সুইজের মত যুদ্ধ দোঁহে ক্ষান্ত হৈল ।।

* স্থান নাম † রাজ নাম ‡ সেনাপতি নাম।